Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2017

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

সাধারণদের সরকারি চাকরির সঠিক প্রশিক্ষণ কেন্দ্র
WBCS - CGL - BANK - RAIL
grassroot
7427927701
Dunlop • Tamluk
Sonarpur • Bolpur

বর্ষ ৩৯ সংখ্যা ৪৮ কলকাতা বুধবার, ৩ জুলাই ২০১৯/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ১৮ আষাঢ় ১৪২৬ দাম ৫.০০ টাকা ২৪ পাতা R. N. 37120/80

## ভেতরের পাতায়

**কৃষিনির্ভর ব্যবসার সরকারি প্রশিক্ষণ**
সরকারি সংস্থার সঙ্গে যৌথ উদ্যোগে কৃষিনির্ভর ব্যবসার ২ মাসের প্রশিক্ষণ দিচ্ছে নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন আশ্রমের স্টেট এগ্রিকালচারাল ম্যানেজমেন্ট অ্যান্ড এক্সটেনশন ট্রেনিং ইনস্টিটিউট। ...পৃঃ ৯

**মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উত্তীর্ণ মেধাবীদের জন্য স্কলারশিপ** ...পৃঃ ১০

**মাধ্যমিক পাশ তরুণীদের স্বল্পখরচে চাকরি ও ব্যবসার উপযোগী প্রশিক্ষণ**
প্রশিক্ষণ দিচ্ছে ন্যাশনাল স্কিল ট্রেনিং ইনস্টিটিউট ফর উইমেন। ...পৃঃ ৯

**চর্ম সামগ্রী তৈরির কোর্সে ভর্তি চলছে**
মাধ্যমিক পাশ করে থাকলেই আবেদন করতে পারেন। এখন ভর্তি চলছে। ...পৃঃ ১৩

**মৎস্যবিজ্ঞান নিয়ে পড়াশোনা**
উচ্চমাধ্যমিকের পর পড়তে পারেন ফিশারি সায়েন্সের স্নাতক কোর্স। ...পৃঃ ১২

## এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ডে ২১৮৯
# সোশ্যাল সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট

সোশ্যাল সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট পদে ২,১৮৯ জনকে নেবে এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড অর্গানাইজেশন। নিয়োগ হবে বিভিন্ন রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলে। প্রার্থী বাছাই হবে দু'পর্যায়ের পরীক্ষার মাধ্যমে। বিভিন্ন রাজ্যে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

রিজিয়ন অনুসারে শূন্যপদ: অন্ধ্রপ্রদেশ: ৬০টি। বিহার: ৩২টি। ছত্তিশগড়: ৬০টি। দিল্লি: ১৪২টি। গুজরাট: ৭০টি। গোয়া: ২০টি। হিমাচল প্রদেশ: ৫৭টি। হরিয়ানা: ২৩১টি। কর্নাটক: ১৮২টি। কেরল ও লাক্ষাদ্বীপ: ২৭টি। মহারাষ্ট্র: ৫৪৫টি। মধ্যপ্রদেশ: ৫৫টি। নর্থইস্ট: ৩২টি। ওড়িশা: ৫৬টি। পাঞ্জাব ও চণ্ডিগড়: ৬টি। রাজস্থান: ৫৩টি। তেলঙ্গানা: ১৫১টি। উত্তরাখণ্ড: ৫৭টি। উত্তরপ্রদেশ: ৩৫৩টি।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী, আর্থিকভাবে অনগ্রসর এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

মনে রাখবেন, প্রার্থী যে-রাজ্যের পরীক্ষাকেন্দ্র বাছাই করবেন সেই রিজিয়নেই নিয়োগ করা হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট, সঙ্গে কম্পিউটারে প্রতি ঘণ্টায় ৫০০০ কী ডিপ্রেশনের দক্ষতা থাকতে হবে। কম্পিউটার ট্রেনিং সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার।

এ বছরের ২১ জুলাইয়ের মধ্যে ডিগ্রি পেয়ে থাকতে হবে।

**বয়স:** ২১-৭-২০১৯ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে।
**বেতন:** ২৫,৫০০ টাকা।

এরপর একুশের পাতায়

## রায়পুর এইমসে ২০০
# নার্সিং অফিসার

২০০ নার্সিং অফিসার (স্টাফ নার্স গ্রেড-টু) নেবে রায়পুর এইমস (অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস)। এটি কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। এই নিয়োগের নোটিশ নম্বর: Admin/Rec./Regular/Nursing Officer/2019/AIIMS.RPR/1234.

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ৯০, তফসিলি জাতি ২৯, তফসিলি উপজাতি ১৬, ও বি সি ৫৬, আর্থিকভাবে অনগ্রসর ৯)। এর মধ্যে ১৯টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বি এসসি (অনার্স)-নার্সিং বা বি এসসি (নার্সিং) বা বি এসসি পোস্ট সার্টিফিকেট বা পোস্ট-বেসিক বি এসসি নার্সিং ডিগ্রি। অথবা ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা-সহ অন্তত ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে

এরপর একুশের পাতায়

# স্টিল অথরিটিতে ১৮৮
### টেকনিশিয়ান ট্রেনি, ফায়ার অপারেটর ট্রেনি, জুনিয়র ম্যানেজার

১৮৮ জন কর্মী নেবে স্টিল অথরিটি অব ইন্ডিয়া (সেইল)। নিয়োগ হবে ওড়িশার রৌরকেলা স্টিল প্লান্টে, এক্সিকিউটিভ ও নন-এক্সিকিউটিভ ক্যাটেগরিতে। ট্রেনি পদের ক্ষেত্রে ১ থেকে ২ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 03/2019.

**শূন্যপদের বিবরণ: নন-এক্সিকিউটিভ: অপারেটর-কাম-টেকনিশিয়ান ট্রেনি:** শাখা অনুসারে শূন্যপদ: মেকানিক্যাল: ১৩টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৩, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। মেটালার্জি: ১৪টি (সাধারণ ৬, তফসিলি

এরপর বাইশের পাতায়

GNM, B.Sc নার্সিং, প্যারামেডিক্যাল কোর্সে সরাসরি ভর্তির সুযোগ কর্ণাটক এবং অন্ধ্রপ্রদেশের Renowned Medical College ও হাসপাতাল-এ।
100% Placement Assistance
LIMITED SEATS
ব্যাঙ্গালোর ও অন্ধ্রপ্রদেশের Top Private Medical College ও Renowned Hospital এ সরাসরি নার্সিং এর সমস্ত কোর্স, প্যারামেডিক্যাল, Physiotherapy, Pharmacy ও MHA করার সুযোগ



সরকারি হাসপাতালে চান্স হয়নি?
কর্ণাটকের বিখ্যাত মেডিক্যাল কলেজ ও হাসপাতাল গুলোতে সরাসরি ভর্ত্তির সুযোগ অতি কম খরচে।
ছেলে ও মেয়ে উভয়ই যোগ্য (17-35 Yr.)
GNM
Eligibility : (10+2) Any Stream, Min-45%, Dur : 3Yrs.
B.Sc Nursing
Eligibility : (10+2) with PCB, Min-45%, Dur : 4Yrs.
প্রত্যেকটি কলেজ INC, KSNC, RGUHS, KARNATAKA Govt. Approved
প্যারামেডিক্যাল
Diploma Courses : DMLT, DXT, DDT, DOT, DOTT, DMRT Eligibility : 10+2 with PCB- 2Yrs., (10+2) Any Stream - 3Yrs. (except - DOT)
B.Sc Courses : Perfusion Technology, Anesthesia, Respiratory, Cardiac Care, Radiology & Imaging, Dialysis etc. Eligibility - (10+2) with PCB (45%)
Duration - 3 Yrs 6 Months
PG COURSES
MHA (Master of Health Administration)
Eligibility : Any Graduate
PG DIPLOMA IN Medical Records & Health Information, Dur- 1Year
Eligibility- Any Graduate
INNOVATIVE CAREER FOUNDATION
(Well wisher towards Career Evolution)
1st Floor, 16, India Exchange Place, Kol-1
E-mail : info@innovativecareer.in / Website - www.innovativecareer.in
Contact : 033 46042059 / 9051519293 / 9800245711 ● উঃ ২৪ পরগণা/ নদীয়া ঃ 7980369219, হাওড়া, হুগলী, বর্ধমান ঃ 9038273924, রায়গঞ্জ/বালুরঘাট/মালদা ঃ 9531730855, বাকুড়া/পুরুলিয়া/ঝাড়গ্রাম ঃ 9831313288, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর ঃ 9775888163, শিউড়ি/রামপুরহাট/মুরারই ঃ 9775115655, মুর্শিদাবাদ/বহরমপুর ঃ 7908867306, অন্যান্য জায়গার স্টুডেন্টস্ ঃ 9800245711

GNM, B.Sc. Nursing এ ভর্তি চলছে
INC, KSNC অনুমোদিত কলেজ
H.S. Pass মেয়েদের G.N.M, B.Sc Nursing পড়ান ও তাদের ভবিষ্যৎ গড়ে নিজের পায়ে দাঁড়াতে সাহায্য করুন।
100% Placement
Education Loan-এর সুযোগ আছে
আমাদের প্রতিষ্ঠান থেকে যে সকল ছাত্রী Govt. Hospital এ কর্মরত তাদের কিছু ছবি দেওয়া হল।




BDS MISSION
Rekha Apartment, Balia More, Garia Stn. Road, Kol-84
M.: 7890022334 / 9474753825



GNM / BSC Male
নার্সিং-এ সরাসরি ভর্তি চলছে

## নৈনিতাল ব্যাঙ্কে ১৩০ অফিসার

১৩০ জন স্পেশ্যালিস্ট অফিসার ও প্রবেশনারি অফিসার নিয়োগ করবে নৈনিতাল ব্যাঙ্ক। স্পেশ্যালিস্ট অফিসার নিয়োগ করা হবে ক্রেডিট, এগ্রিকালচার, ইনফর্মেশন টেকনোলজি, পার্সোনেল এবং ল বিভাগে। পরীক্ষাকেন্দ্র উত্তরাখণ্ড, উত্তরপ্রদেশ ও দিল্লি।

**শূন্যপদের বিন্যাস:** প্রবেশনারি অফিসার-গ্রেড স্কেল ওয়ান ৩৫টি। স্পেশ্যালিস্ট অফিসার-গ্রেড স্কেল ওয়ান ৬০টি (ক্রেডিট ২৫, এগ্রিকালচার ১৮, ইনফর্মেশন টেকনোলজি ১০, পার্সোনেল ৫, ল ২)। স্পেশ্যালিস্ট ক্রেডিট অফিসার-গ্রেড স্কেল টু ৩৫টি।

**শিক্ষাগত যোগ্যতা:** প্রবেশনারি

এরপর বাইশের পাতায়

## নৈনিতাল ব্যাঙ্কে ১০০ ক্লার্ক

১০০ জন ক্লার্ক নেবে নৈনিতাল ব্যাঙ্ক। প্রার্থী বাছাইয়ের জন্য অনলাইন পরীক্ষা নেওয়া হবে। পরীক্ষাকেন্দ্র উত্তরাখণ্ড, উত্তরপ্রদেশ ও দিল্লি।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। কম্পিউটার-জ্ঞান থাকা বাধ্যতামূলক।

**বয়স:** ৩১-৫-২০১৯ তারিখে ২১ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-৬-১৯৯২ থেকে ৩১-৫-১৯৯৮-এর মধ্যে।

**বেতনক্রম:** ১১,৭৬৫-৩১,৫৪০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

এরপর বাইশের পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কর্মক্ষেত্র
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৯ সংখ্যা ৪৮ □ ৩ জুলাই ২০১৯

ই-মেল ঠিকানা
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com

## কর্মখালি

**WANTED PERSONAL FOR BANDEL**

**Office Assistant** : গ্র্যাজুয়েট, ইন্টারনেট, e-Tendering, ভেন্ডর ডেভেলপমেন্ট, ইংরেজিতে বাণিজ্যিক চিঠি লেখা ও কথা বলা। Store Keeper : ইঞ্জিনিয়ারিং Material Receiving & Issuing, Material Traceability, ইন্টারনেট এবং কম্পিউটারে লিপিবদ্ধ। Purchase Coordinator : ইঞ্জিনিয়ারিং দ্রব্য Estimation, Purchase, Handling, Transporting এবং ইন্টারনেট অপারেশন ও লিপিবদ্ধ। Accountant : Graduate, PF, ESI, GST, TDS, Internet, e-Return, e-Tendering, Commercial Letter Drafting. Engineer : BE/DME-Supervisor, Production, Quality Control, Level-2, EXP in Fabrication, Machining, Estimation, Welding Inspection, MPT, UT, NDT. BE-DME : Design and Draftsman, Auto Cad, Structure, Detailed Layout with Estimation of Merchanical Items, Stress বের করা। Electrician : Transformer, VCP Panei, 11 KVA/440 Line মেনটেনেন্স Experience with Electric License. HR Manager : Graduate, Business with Factory Administrative Management at Industrial Labour Law & Welfare. Marketing : BE/DME Engineering items sales, Estimation, e-Tendering, English Commercial Letter & Speaking in India & Abroad. Spring Specialist : Helical Spring তৈরী এবং Heat Treatment & Coiling, Testing, Estimation etc. Welder : মিগ ওয়েল্ডিং-এর অভিজ্ঞতা এবং ITI পাশ। FITTER ইঞ্জিনিয়ারিং আইটেম এ্যাসেম্বলি-মারকিং জানতে হবে। প্রত্যেক পদে ৩ বছরের অভিজ্ঞতা-সহ Practical কাজ জানলে তবে আবেদন করিবেন, নচেৎ করিবেন না। Fresh চলিবে না। Techno Industry, 8, GT Road (S) 2nd Floor, Howrah-711 101, Howrah Maidan. e-mail : technoindustry.hr@gmail.com

□

**Jio/ SBI কাস্টমার কেয়ারে বাংলা কথা** বলার জন্য M/F নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 12,000/- Z. M. Group, Salt Lake Sec-V, Kol-91. হাওড়া ও হুগলি: 75969-91728 উঃ দঃ ২৪ পরগনা: 98301-20692 কলকাতা: 91443-50092.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৬ জুলাই দুপুর ২টো পর্যন্ত।
□□□
১৭ জুলাই কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৩ জুলাই দুপুর ২টো পর্যন্ত।
□□□
বিজ্ঞাপন গ্রহণের সময়
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

**মেডিকেল রিপ্রেজেন্টেটিভ (M.R) হন** নামী Pharma কোম্পানিতে CPMM কোর্স করে। আয় করুন 18,000/- মাসে। গ্র্যাজুয়েট হলে প্লেসমেন্ট; IMR, Kol-94. (M): 83350-59818.

□

**ফোন করলেই নিশ্চিত চাকরি কন্ট্রাক্টরের অধীনে Airport মেট্রোরেল ও প্রাইভেট BANK সংস্থায়**

**Govt. Regd. L/No. EWK-72850.** সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী স্ট্যাম্প পেপারে লিখিত-সহ কোম্পানির Direct পে-রোলে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (10,500/- – 34,500/-, সুবিধা: OT-সহ PF, ESI, ছুটি বোনাস, প্রমোশন এবং থাকা খাওয়ার সুব্যবস্থা আছে। যোগাযোগ: P. C., J. Das Rd, (M): 83270-75350.

□

**Airport ও মেট্রোতে 322 জনের Direct নিয়োগ**

**GST নং: 29AAACA6412D3J3** কন্ট্রাক্টরের অধীনে SV, ইনচার্জ, চেকিং, ট্রলিবয়, টোকেনবয় পদে সম্পূর্ণ বিনা ডোনেশনে M/F চাই। এছাড়া প্রতিটি জেলায় BANK (DSA)-তে Official পদে কর্মী চাই। বেতন: 16,200/- – 32,700/-. যোগ্যতা: ৮ম থেকে স্নাতক। ESI, PF ও OT-এর সুবিধা। (M): 74786-13356. A. J. Belgharia, Kol-56.

□

**Pvt. ব্যাঙ্কে চাকরি**

**ব্যাঙ্কের Payroll ও ব্যাক অফিস May I** Help U-তে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 86976-16100 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 গড়িয়া ও দমদম: 86976-16060 বারাসাত ও বনগাঁ: 84208-88113. Need Counseling, ডানলপ-108.

□

**SBI Banking/ Naptol/Jio কাস্টমার** কেয়ারে বাংলাভাষী M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 12,000/- Z. M. S, Salt Lake Sec-V, Kol-91, 90880-93059/ 98301-20692.

□

**Salary 10400 - 19500/-**

**3-5 স্টার হোটেলে কাজ। থাকা-খাওয়া** Free. Acropolish Mall, Kol-107. Sonar Bangla : 86977-55628.

□

**হোটেলে স্থায়ী চাকরি**

**কেন্দ্র-রাজ্য সরকার স্বীকৃত সংস্থায় কলি/** বাইরে কোন ট্রেনিং ও রেজিঃ ফি ছাড়া সরাসরি জয়েনিং। আয় ৮,০০০/- + থাকা খাওয়া ফ্রী+উন্নতি। গড়িয়া-কলকাতা: 82828-20007 www.bshm.co.in

□

**Plumbing ট্রেনার চাই**

**Civil Diploma or Degree করা ছেলে** বা মেয়ে চাই। Salary: 15,000/-, বাঁকুড়া, বীরভূম, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, হাওড়া। email- rabindra_path_bhaban@yahoo.co.in M: 98300-84759.

□

**SBI / HDFC / ICICI / YES BANK-এ** MNC Co. PAYTM DIRECT PAY ROLL-এ সরাসরি অফিসিয়াল পদে স্মার্ট বাংলাভাষী (18-36) M/F শীঘ্রই নিয়োগ। বেতন: 11,490/- – 34,850/- (PF + ESI + INC). W2C, Kol-54. বেলঘরিয়া / দমদম: 83348-59516, গড়িয়া / টালিগঞ্জ: 62911-81432, বিধাননগর / হাওড়া: 90513-83837 বেহালা / ধর্মতলা: 62892-51870, ব্যারাকপুর / কল্যাণী: 90629-77779.

□

## কর্মখালি

**SHOPING JIO 4G & SBI BANKING বাংলা কাস্টমার কেয়ারে**

**MP-Graduate (18-35) অভিজ্ঞ/** অনভিজ্ঞ ছেলেমেয়েদের স্পট জয়েনিং চলছে। অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতন: 12,000/- + অন্যান্য সুবিধা। দমদম: 84206-66060, গড়িয়া: 90020-33880, শিলিগুড়ি: 78900-33388. IIFA, Kol-28.

□

**Direct কোম্পানিতে H. S. পাশ (18-30)** 16 জন কম্পিউটার অপারেটর নিয়োগ। বেতন: 8-10K, Itech, ডানলপ, Kol-108. কলকাতা: 83368-25980, বারাসাত: 83368-25990

□

**আর্জেন্ট ভ্যাকান্সি সপ্তায় 6 দিন**

**গভঃ স্বীকৃত Airport ও Pvt. ব্যাঙ্কে** কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতানুযায়ী পদ ও বেতন। S. R. C. Pvt. Ltd, G. Place, Kol-1, (M): 81168-54264.

□

**Jio/ SBI কাস্টমার কেয়ারে M/F** নিয়োগ চলছে। বেতন: INC + OT সহ 12,000/- Z. M. Group, Salt Lake Sec-V, Kol-91, 90513-76362.

□

**স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ**

**স্পট জয়েনিং। জেলায় জেলায় Pvt.** স্বাস্থ্যকেন্দ্রে M/F নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), M.J.S., Kol-9, (M): 89728-69872.

□

**Airport ও মেট্রোয় পার্মানেন্ট জব Govt - R/L No.-0287**

**কোনও ডোনেশন ছাড়াই গ্যারান্টি** সহকারে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,600/- – 48,500/-, S. R. C. Pvt. Ltd, Dum Dum, Kol-54. M: 89678-57516.

□

**Direct নিয়োগ এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্কে M: 96148-26939**

**সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রো** ও Pvt. ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 48,900/-. PF, ESI, OT-সহ থাকা খাওয়া ফ্রীতে। S. R. C. Pvt. Ltd, Dum Dum, Kol-74.

□

**এয়ারপোর্ট ও মেট্রোর গভঃ রেজিঃ সংস্থা R/L No.-3292 M: 74070-36062**

**শূন্যপদ: 216, বয়স: 18-35 পুরুষ** মহিলা কর্মপ্রার্থী প্রয়োজন। যোগ্যতা: নামসই থেকে স্নাতক। বেতন: 16,900/- – 48,700/-, PF, ESI, OT-সহ অন্যান্য সুবিধা। S. J. S, Kol-110.

□

**সরাসরি নিয়োগ ৬ দিনে MNC, টাওয়ার, Pvt. Bank**

**বয়স: ১৮-৪৮, যোগ্যতা: ৮ম থেকে** স্নাতক। পদ: SV, ক্লার্ক, ATM গার্ড, পিওন, SK, ম্যানেজার, ইনচার্জ পদে ৩৫ বঙ্গের প্রতিটি জেলায় 142 জন কর্মপ্রার্থী স্থায়ী চাকরির সুযোগ পাবে। বেতন: (14,200/- – 32,700/-), Web: www.gcagroup.co.in ঠিকানা: M. G. Rd, Kol-07, G. C. A. (M): 95640-30192.

□

**Jio / SBI কাস্টমার কেয়ারে বাংলা** জানা 480 জন M/F নিয়োগ চলছে। যোগ্যতা: M.P.-H.S, বেতন: INC + OT সহ 12,000/- Z. M. S, Salt Lake Sec-V, Kol-91, 96747-95345 / 98301-20692.

□

## কর্মখালি

**স্টার হোটেলে চাকরি**

ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি, ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- থাকা, খাওয়া, টিপস। ন্যূনতম মাধ্যমিক। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

## স্কুল-কলেজ শিক্ষা

**Math, G.I, G.K Guide বেলঘরিয়া** CGL, 10+2, রেল (Gr. D/SM), পুলিশ PSC ক্লার্ক, WBCS, ব্যাঙ্ক (ক্লার্ক/PO) মাসে 600/-. চন্দ্রসার: 99035-00682.

□

**B. Ed / M. Ed @4,000/- PM** বর্ধমান ও WBUTTEPA স্বীকৃত কলেজ থেকে 100%, ফ্রি বই। রবিবার ক্লাস, SC /ST-দের স্কলারশিপের সুবিধা। IASBM, দমদম, Kol-30. 90733-86333 / 90733-86337.

□

**নার্সিং কোর্সে ভর্তি**

**GNM ও B. Sc (N) সরাসরি ভর্তির জন্য** যোগাযোগ: 98303-88027 (11-4 PM) Gurukul Nursing Institute, Baruipur-144.

□

**ITI-এ সরাসরি ভর্তি**

**Electrician, Fitter, Draughtsman** Surveyor, Early Childhood, Educator (Teachers Training) NCVT, Placement, Assistance, Installment-এর সুবিধা আছে। রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া, 2541-2244/ 83350-66915/ 98300-48759.

□

**নার্সিং ট্রেনিং**

**পশ্চিমবঙ্গ সরকার অনুমোদিত (STVT),** 2 Years Diploma In Nursing, Hospital Practice যুক্ত, Placement Assistance, Nursing কোর্সে ভর্তি চলিতেছে। রবীন্দ্র পাঠ ভবন, 83350-66916 / 83350-66915.

□

**ভারত সরকার স্বীকৃত নার্সিং ট্রেনিং কলেজ (বালিগঞ্জ)-এ ভর্তির বিজ্ঞপ্তি**

**'2 Years প্র্যাক্টিক্যাল নার্সিং ট্রেনিং'-এ** (Approved by BSS, Ministry of HRD, Govt. of India) সরাসরি ভর্তি চলছে। ট্রেনিং-এর শেষে চাকরি। Hospital Practice ও Installment-এ ফিস দেওয়ার সুযোগ। স্কলারশিপ প্রদান। রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 97326-84328, 97329-37726.

□

**ADMISSION-2019**

**DMLT, Physiotherapy,** Dresser, Sanitary Inspector etc. & RMP (Exp.) & DIAM COURSE. C.C.M.T.R.I-Kol-12. Ph: 033-22198253/ 0301. (Sunday Closed).

□

**লা-মার্টিনিয়ার সিওম্প সোসাইটি ইন-হাউস ভোকেশনাল ট্রেনিং কোর্স**

**কমার্শিয়াল আর্ট (বেসিক-৬ মাস,** এডভান্স-১২ মাস), ইন্টেরিয়ার ডেকোরেশন ( বেসিক-৬ মাস, এডভান্স-১২ মাস), কম্পিউটার গ্রাফিক্স (৬ মাস), টেলারিং (৬ মাস) (বেসিক এবং এডভান্স), মোটর মেকানিক (১২ মাস) (টাটা মোটরস-এর সঙ্গে সহযোগিতায়), হাউসহোল্ড ইলেকট্রনিক প্রোডাক্ট (এসেম্বলিং ৩ মাস), মোবাইল রিপেয়ারিং (৬ মাস)। প্লেসমেন্ট লিঙ্ক: ট্রেনিং প্রোগ্রাম এল এম এস এস টি এম এফ স্মার্ট ট্রেনিং কোর্স। ভর্তি চলিতেছে। অনুসন্ধান কেন্দ্র: ১১, ডঃ ইউ এন ব্রহ্মচারী স্ট্রিট, কলকাতা-৭০০ ০১৭। ফোন: ০৩৩-২২৯০ ০০৫৩/০৩৩-২২৮০-৯৩৩৭ ই-মেল: lamartseomp@gmail.com

□

**DISCLAIMER**

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## স্কুল-কলেজ শিক্ষা

**নার্সিং কোর্সে ভর্তি**

**GNM, B.Sc, P. B. B.Sc, M.Sc (N)** সরাসরি ভর্তির জন্য যোগাযোগ: 98301 -36581/ 80018-14240, নিউ ডলফিন, মধুরাপুর ও নিউ গড়িয়া মেট্রো স্টেশন।

□

**ডেন্টাল কোর্স**

**ইউনিভার্সিটি স্বীকৃত DDH-2 Yrs এবং** DDA-1 Yr. কোর্সে ভর্তি চলছে। ডেন্টাল প্র্যাক্টিস করা যাবে। Career Academy of Medical Science, Garia Station Rd, Chotobattala, Kol-84. 70447-16334/ 98742-30442.

□

**টিচার্স ট্রেনিং**

**প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি** টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS Govt. of India approved. Placement Assistance. রবীন্দ্র পাঠভবন, হাওড়া: 90510-74736 / 98308-15220 টালিগঞ্জ: 98308-15220 শ্যামবাজার: 84428-66912.

□

## স্কুল-কলেজ শিক্ষা

**Math & Eng সোনারপুর WBCS,** Rail, PSC, SSC, ক্লার্ক Gr.D প্রাইমারি, পুলিশ, SI শর্টকাট, সেকেন্ডে কৌশল। Alakesh Sir: 98360-45234.

□

**জেরক্স, মোবাইল, প্রিন্টার রিপেয়ারিং** কোর্সে ভর্তি চলছে। ১০০% প্র্যাক্টিক্যাল। KC TECHNICAL INSTITUTE (ISO Certified), Kaikhali Chiriamore, Kol-52. www.kcti.in, M:90518-06099.

**পশ্চিমবঙ্গ থেকে স্বল্পমূল্যে**
**B.Sc. / GNM**
**আসন সংখ্যা B.Sc. - 17**
**GNM - 25**
**Call : 8768096336**

**NURSING সেমিনার (GNM/B.SC)**

আগামী ৮-১৪ই জুলাই পশ্চিমবঙ্গের ২০টি জেলায় মোট ২২টি সেমিনার আয়োজন করা হয়েছে। উক্ত সেমিনারগুলিতে ব্যাঙ্গালোরের ১৭টি Nursing কলেজের প্রতিনিধি সরাসরি উপস্থিত থাকবেন। সেমিনারে উপস্থিত Agent/ Student দের Course Fees এ বিশেষ ছাড় দেওয়া হবে। সেমিনারে যোগ দিতে Whatsapp করুন : 7550981091 / 7550981008

**সেমিনারে উপস্থিত প্রত্যেক Agent কে ৪বার এবং ইচ্ছুক প্রত্যেক Student কে ২বার ব্যাঙ্গালোর আসা-যাওয়ার খরচ দেওয়া হবে।**

**কর্মক্ষেত্র কারা পড়েন?**

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ৩০০ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Phone: 2283-2320, 2280-8818 □ Fax: 2287-6448
E-mail: advt@swarnakshar.in

স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# সয়াবিন থেকে দুধ, ছানা, পনির তৈরির মেশিন

'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।



**নিজস্ব প্রতিনিধি:** সয়াবিন অত্যন্ত পুষ্টিকর এবং উপকারী খাদ্য। এই মেশিনের সাহায্যে কাঁচা সয়াবিনের দানা থেকে দুধ, ছানা ও পনির তৈরি সম্ভব। এক কেজি সয়াবিন থেকে ২৫ লিটার দুধ পাওয়া যাবে। এই মেশিনটি চালাতে হলে ট্রেড লাইসেন্সের সঙ্গে হেলথ সার্টিফিকেটও থাকতে হবে। ইন্ডাস্ট্রিয়াল হেলথ অফিস থেকে এই সার্টিফিকেট সংগ্রহ করতে হবে। ব্লক ডেভেলপমেন্ট অফিস বা মিউনিসিপ্যাল অফিস বা আঞ্চলিক হেলথ সেন্টার থেকে এ সম্পর্কিত তথ্য পাবেন।

**কীভাবে করবেন:** উৎকৃষ্টমানের সয়াবিনের দানা পাওয়া যায় মধ্যপ্রদেশের ভূপাল অঞ্চলে। সয়াবিনের দানা থেকে দুধ তৈরি করতে প্রচুর পরিমাণে পরিস্রুত পানীয় জলের প্রয়োজন। ১ কেজি সয়াবিনের দানা থেকে দুধ তৈরি করতে ২৫ লিটার জল লাগবে। মেশিনের হপারে প্রথমে পরিমাণমতো কাঁচা সয়াবিনের দানা দিতে হবে। এরপর মেশিন চালু করলে আপনা থেকেই দুধ তৈরি হয়ে যাবে। দুধ থেকে ছানা ও পনির তৈরির জন্য আলাদা আলাদা অ্যাটাচমেন্ট ব্যবহার করতে হবে। মেশিনটি চালাতে মোটর লাগবে ২ হর্সপাওয়ার এবং বিদ্যুৎ লাগবে ২২০-৪৪০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** সয়াবিন থেকে দুধ, ছানা, পনির তৈরির মেশিনটির মোটর সহ দাম পড়বে সাড়ে ৫ লাখ টাকা। স্টোর মেশিন, প্রেসার মেশিন এবং আরও অন্যান্য মেশিন-সহ ছানা ও পনির তৈরির পুরো প্ল্যান্টটি তৈরি করতে খরচ পড়বে ১৩ লাখ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324 22086. E-mail: bharatmachinetools1@rediff mail.com


জ্ঞানকোষ একাডেমি
ISO 9001:2015 Certified Org. Head Office: Dumdum, Kol-74 Website : www.gyankoshacademy.com
যোগাযোগ- দমদম- 7980879741, চণ্ডীপুর- 9732794580
GNM নার্সিং করার শেষ সুযোগ
B.Sc. নার্সিং করুন অল্প খরচে
JENPAUH ছাড়া পাশের রাজ্য থেকে। (সম্পূর্ণ বাঙালী খাবার)
কলকাতায় ক্লাস ও Practical এর ব্যবস্থা
A.C. ক্লাস রুম। D.Pharm, Pharm.D
Doctor এবং সিনিয়ার নার্সিং Sister দ্বারা ক্লাস হয়।
B.Tech -Semi Govt. কলেজ থেকে পড়ার সুযোগ।
MBA, Hotel & Hospitality Management বিদ্যাসাগর ও রায়গঞ্জ।
ইউনিভার্সিটি থেকে পড়ার সুযোগ
100% নিশ্চিৎ চাকরী
ভগবানপুর ও বাজকুল- 9083619610
বাগনান, মেছেদা-8240306347
আরামবাগ(VICE)-9733590675
জয়পুর-8348409090
সাঁতরাগাছি ও লালগড়-7980721031
দুর্গাপুর-9475124588
কোতুলপুর-7001598168
বর্ধমান-9474054537
বসিরহাট, বারাসাত-6294513257
পুরুলিয়া-9007198208






নীরব আলো
সম্পূর্ণ বিনামূল্যের
মাসিক অনলাইন ম্যাগাজিন
কবিতা, গল্প, ছোটগল্প,
ধারাবাহিক, অনুগল্প, অঙ্কন
আজই ডাউনলোড
করুন বিনামূল্যে
Free Download
www.eNirobAalo.tk
আপনার লেখা প্রকাশিত করতে লেখা পাঠান
Email : help.ekdn@gmail.com

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

১৭ জুন-২৪ জুন

**১৭ জুন** বিজেপির সভাপতি পদে আপাতত অমিত শাহকে রেখে দিয়ে জগৎপ্রকাশ নাড্ডাকে কার্যনির্বাহী সভাপতি নিয়োগ করল বিজেপির সংসদীয় বোর্ড। যার ফলে সামনের বিধানসভা নির্বাচন হবে অমিত শাহের নেতৃত্বেই। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে এক বৈঠকের পরে এই ঘোষণা করেন রাজনাথ সিং। তিনি জানান, স্বরাষ্ট্র মন্ত্রকের দায়িত্ব পাওয়ার পরে অমিত নিজেই দায়িত্ব ছাড়তে চেয়েছিলেন। কিন্তু দলের সংসদীয় বোর্ড আপাতত তাঁকে রেখে দেওয়ারই সিদ্ধান্ত নিয়েছে। কার্যনির্বাহী হচ্ছেন নাড্ডা।

## মুখ্যমন্ত্রীর কথায় কাজে ফিরলেন ডাক্তাররা



**১৭ জুন:** নবান্নে মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠক করে সপ্তম দিনে আন্দোলন থেকে সরে এলেন জুনিয়র চিকিৎসকেরা। এদিন বৈঠকের শুরু থেকেই চিকিৎসকদের অভিযোগ, অনুযোগ, পরামর্শ শুনেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আন্দোলনকারীদের দাবিমতোই পুরো বৈঠকটিই টেলিভিশনে সরাসরি সম্প্রচার করা হয়। মুখ্যমন্ত্রী অভিযোগ অনুযায়ী পদক্ষেপ করার আশ্বাস দিয়েছেন। জুনিয়র চিকিৎসকদের তিনি বলেন, 'পরিকাঠামো বাড়লেও ডাক্তারদের সংখ্যা বাড়েনি। বাইরে থেকে ডাক্তার চেয়েও পাইনি। বাংলা ছেড়ে যেয়োনা, এখানেই কাজ করো।' এদিন মুখ্যমন্ত্রীর কনফারেন্স কক্ষে জুনিয়র ডাক্তারদের ৩১ জন প্রতিনিধি উপস্থিত ছিলেন। স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, দুই প্রবীণ চিকিৎসক সুকুমার মুখোপাধ্যায় ও অভিজিৎ চৌধুরি, মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব, স্বাস্থ্যসচিব, ডিজি, এডিজি (আইনশৃঙ্খলা), কলকাতা পুলিশ কমিশনারকে নিয়ে বৈঠক অনুষ্ঠিত হয়।

**১৮ জুন** অযোধ্যার বিতর্কিত জমিতে হামলার ঘটনায় দোষী সাব্যস্ত হওয়া চারজনকে যাবজ্জীবন কারাদণ্ড দিল এলাহাবাদের বিশেষ আদালত। এক অভিযুক্তকে মুক্তি দেওয়া হয়েছে। উল্লেখ্য, ২০০৫ সালের ৫ জুলাই অযোধ্যার বিতর্কিত রামজন্মভূমি-বাবরি মসজিদ চত্বরে হামলা চালায় জইশ জঙ্গিরা। একটি জিপে করে ওই বিতর্কিত জায়গায় ঢুকে পড়েছিল জঙ্গিরা। তাদের গুলিতে নিহত হন স্থানীয় দুই বাসিন্দা। সিআরপির জওয়ানদের সঙ্গে গুলির লড়াইয়ে হামলাকারী পাঁচ জঙ্গিই মারা পড়ে। গুরুতর আহত হয়েছিলেন সিআরপির সাত জওয়ান। জঙ্গিদের পরিকাঠামোগত মদত দেওয়া ও ষড়যন্ত্রের অভিযোগে পরে ধরা পড়ে আসিফ ইকবাল, মহম্মদ আজিজ, মহম্মদ নাসিম, শাকিল আহমেদ ও ইরফান খান। অভিযুক্তদের মধ্যে কেবলমাত্র মহম্মদ আজিজ মুক্তি পেয়েছে।

**আগামী আট বছরের মধ্যেই ভারতের** জনসংখ্যা চিনকে ছাড়িয়ে যাবে বলে রাষ্ট্রপুঞ্জের জনসংখ্যা সংক্রান্ত রিপোর্টে উল্লেখ করা হল। রাষ্ট্রপুঞ্জের আগের রিপোর্টে অবশ্য ধারণা করা হয়েছিল, ২০২২ সালের মধ্যে জনসংখ্যায় চিনকে ছাপিয়ে যাবে ভারত। রাষ্ট্রপুঞ্জের সর্বশেষ রিপোর্টে বলা হয়েছে, ২০৫০ সালের মধ্যে ভারতে প্রায় ২৭ কোটি জনসংখ্যা বাড়তে পারে। অথচ ওই একই সময়ে চিনের জনসংখ্যা কমতে পারে ৩ কোটি।

## প্রকাশ্যে ক্ষমা চাইলেন ক্যারি লাম



**১৮ জুন:** হংকংয়ে গণবিক্ষোভের দায় নিজের উপর নিয়ে প্রকাশ্যে ক্ষমা চাইলেন সেখানকার প্রশাসনিক প্রধান ক্যারি লাম। যদিও পদত্যাগ করার কথা মুখে আনেননি তিনি। লাম বলেছেন, 'নিজের ঘাড়েই সব দায় নিতে হবে। এই রাজনৈতিক অস্থিরতা সমাজে বহু বিতর্ক ও উৎকণ্ঠার জন্ম দিয়েছে। তার জন্য ক্ষমা চাইছি।' বিচারের জন্য বন্দিদের চিনে পাঠানো যাবে— এমন একটি বিল আনার প্রস্তাব দিয়েছিলেন লাম। এতেই ক্ষোভে ফেটে পড়েন হংকংবাসী। বিক্ষোভের মুখে বিলটি প্রত্যাহার করতে বাধ্য হয়েছেন লাম। তবে বিক্ষোভকারীরা চাইছেন ইস্তফা দিন লাম।

## পুলিশ হেফাজতে প্লাতিনি



**১৮ জুন:** কাতার বিশ্বকাপে দুর্নীতির অভিযোগে গ্রেপ্তার হলেন কিংবদন্তি ফরাসি ফুটবলার মিশেল প্লাতিনি। বিশ্বের সর্বকালের অন্যতম সেরা, তিন বারের ব্যালন ডি'ওর জয়ী এবং উয়েফার প্রাক্তন সর্বেসর্বা প্লাতিনির ফিফা প্রেসিডেন্ট পদে বসাও একসময় প্রায় নিশ্চিত ছিল। কিন্তু কাতারকে ২০২২ সালের দায়িত্ব পাইয়ে দিতে ঘুষের দুর্নীতি চলেছিল বলে আন্তর্জাতিক ফুটবল প্রশাসনের শীর্ষ স্তরের বিরুদ্ধে যে অভিযোগ ওঠে তারমধ্যে ছিল প্লাতিনির নামও। এই আর্থিক অনিয়মের জন্যই ২০১৫ সাল থেকে চার বছরের জন্য ফুটবল থেকে নির্বাসনে রয়েছেন তিনি। প্লাতিনির আইনজীবী অবশ্য 'গ্রেপ্তার' শব্দটি ব্যবহার করেননি। জানিয়েছেন এটা ঠিক গ্রেপ্তার নয়। জিজ্ঞাসাবাদের জন্য আটক করা।



"একমাত্র বৃষ্টিই চেন্নাইকে এই পরিস্থিতি থেকে উদ্ধার করতে পারে। কুয়ো পুরো শূন্য, জলশূন্য একটা শহর। চারটি প্রধান জলাধার শুকিয়ে চেন্নাই এখন বিপদের প্রহর গুনছে।"

**লিওনার্দো ডি' ক্যাপ্রিও**, *হলিউড নক্ষত্র ও পরিবেশকর্মী*

জল ও পরিবেশ সংরক্ষণে চেন্নাইয়ের উদাহরণ তুলে ধরে ইনস্টাগ্রামে দেওয়া বার্তায়

**আফগানিস্তানকে ১৫০ রানে হারিয়ে** বিশ্বকাপের ম্যাচে জয়ী হল ইংল্যান্ড। ৫০ ওভারে ইংল্যান্ড ৬ উইকেটে ৩৯৭ রান তুলেছে। অইন মর্গ্যান ৭১ বলে বিধ্বংসী ১৪৮ রানের ইনিংস খেলেছেন। নিজের ইনিংসে ১৭টি ছয় মারেন তিনি। যা ওয়ান ডে-তে ব্যক্তিগত সর্বাধিক। মর্গ্যান ভাঙলেন রোহিত শর্মা, এ বি ডিভিলিয়ার্স, এবং ক্রিস গেলের রেকর্ড। বিশ্বকাপে এর আগে সবচেয়ে বেশি ছক্কার রেকর্ড ছিল ক্রিস গেল-এর। ১৬টি। আফগানিস্তান ৫০ ওভার খেলে ৮ উইকেট হারিয়ে ২৪৭ রান তুলেছে। মর্গ্যানই ম্যাচের সেরা হয়েছেন।

**১৯ জুন** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর এক দেশ, এক ভোট নীতি নিয়ে ডাকা বৈঠকে অংশ নিল না অর্ধেক রাজনৈতিক দলই। লোকসভা ভোটের সঙ্গে সব রাজ্যের বিধানসভা ভোট সেরে ফেলার বিষয়ে আলোচনা করতে সব দলকে বৈঠকে ডেকেছিলেন প্রধানমন্ত্রী। ৪০টি রাজনৈতিক দলের মধ্যে কংগ্রেস-সহ ১৯টি রাজনৈতিক দলই তাতে যোগ দিল না। কিন্তু বৈঠকে উপস্থিত ২১টি দলের অধিকাংশই 'এক দেশ, এক ভোট'-এর প্রস্তাবকে নীতিগত সমর্থন জানিয়েছে বলে দাবি করল মোদী সরকার।

**বিশ্বকাপ ক্রিকেটের উত্তেজনাপূর্ণ ম্যাচে** ৪ উইকেটে দক্ষিণ আফ্রিকাকে হারাল নিউজিল্যান্ড। দক্ষিণ আফ্রিকা প্রথমে ব্যাট করে ৪৯ ওভারে ৬ উইকেট হারিয়ে ২৪১ রান করে। নিউজিল্যান্ড ৪৮.৩ ওভারে ৬ উইকেট হারিয়ে ২৪৫ রান তুলে নেয়। কেন উইলিয়ামসন জেতার জন্য গুরুত্বপূর্ণ ১০৬ রান করেন। ম্যাচের সেরাও হয়েছেন তিনি।

**২০ জুন** রাজনৈতিক হানাহানিতে রণক্ষেত্র হয়ে ওঠা কাঁকিনাড়ার কাছারি রোডে গুলিবিদ্ধ হয়ে প্রাণ হারালেন রামবাবু সাউ (১৭) ও ধর্মবীর সাউ (৪০) নামে দুই ফুচকা বিক্রেতা। অন্য এক স্থানীয় ব্যবসায়ী আহত হয়েছেন। উল্লেখ্য, লোকসভা ভোটের পর থেকেই ভাটপাড়া-কাঁকিনাড়া এলাকায় অশান্তি লেগেই রয়েছে। নির্বাচনের ফল প্রকাশের পর থেকে এ পর্যন্ত ভাটপাড়া-কাঁকিনাড়ায় পাঁচ জন প্রাণ হারালেন।

**বিতর্কিত প্রাক্তন আইপিএস সঞ্জীব** ভট্টকে যাবজ্জীবন কারাদণ্ড দিল জামনগরের একটি আদালত। প্রাক্তন এই আইপিএস অফিসারই গুজরাত দাঙ্গায় অভিযোগের আঙুল তুলেছিলেন নরেন্দ্র মোদীর দিকে। পুলিশ হেফাজতে মৃত্যুর ২৯ বছরের পুরনো একটি মামলায় সাজা দেওয়া হয়েছে তাঁকে। অভিযুক্ত আরও এক পুলিশকর্মীকেও একই সাজা দেওয়া হয়েছে। নরেন্দ্র মোদী গুজরাতের মুখ্যমন্ত্রী থাকাকালীন গুজরাত দাঙ্গা নিয়ে ভট্টের বক্তব্য বিতর্কের সৃষ্টি করেছিল। ভট্ট দাবি করেছিলেন, ২০০২ সালের ২৭ ফেব্রুয়ারি একটি প্রশাসনিক বৈঠকে তিনি হাজির ছিলেন যেখানে নরেন্দ্র মোদী বলেছিলেন গোধরায় ট্রেন পোড়ানোর ঘটনার পরে হিন্দুদের রাগ প্রকাশ করতে দেওয়া হোক। তদন্তকারী সংস্থা অবশ্য ভট্টের কথা বিশ্বাস করেনি। পরে বিভিন্ন অভিযোগে চাকরি থেকে বরখাস্ত করা হয় তাঁকে।

**২১ জুন** মৃত্যুর পাঁচ বছর পরে দেশদ্রোহের দায় থেকে মাওবাদী নেতা সুশীল রায়কে মুক্তি দিল কলকাতা হাইকোর্ট। তাঁকে জেল খাটতে হয়েছে দেশদ্রোহের দায়ে। জেল থেকে বেরনোর পর দেশদ্রোহের অভিযোগ মাথায় নিয়েই বছর পাঁচেক আগেই মারা গিয়েছেন মাওবাদী নেতা। আদালতের রায়ে এদিন মুক্তি দেওয়া হয়েছে দেশদ্রোহের দায়ে ২০০৫ সাল থেকে যাবজ্জীবন কারাদণ্ড প্রাপ্ত পতিতপাবন হালদার এবং সন্তোষ দেবনাথকেও। পতিতপাবনবাবু মাওবাদীদের কেন্দ্রীয় কমিটির সদস্য এবং সন্তোষবাবু ছিলেন রাজ্য কমিটির সদস্য।

**বিশ্বকাপের ম্যাচে শ্রীলঙ্কার কাছে ২০** রানে পরাজিত হল ইংল্যান্ড। শ্রীলঙ্কা প্রথমে ব্যাট করে ৫০ ওভারে ৯ উইকেটে ২৩২ রান তোলে। ইনিংসে সর্বোচ্চ ৮৫ রান করে অপরাজিত থাকেন অ্যাঞ্জেলো ম্যাথিউস। জবাবে ব্যাট করতে নেমে লাসিথ মালিঙ্গার গতির কাছে বিধ্বস্ত হয় ইংল্যান্ড। ৪৭ ওভারে ইংল্যান্ডের ইনিংস ২১২ রানে শেষ হয়ে যায়। মালিঙ্গা ৪৩ রান দিয়ে ৪ উইকেট নেন। ম্যাচের সেরাও হয়েছেন তিনি।

## মেয়াদ শেষের আগেই সরলেন বিরল



**২৪ জুন:** মেয়াদ শেষের প্রায় ছ'মাস আগে রিজার্ভ ব্যাঙ্কের ডেপুটি গভর্নরের পদ থেকে সরে গেলেন বিরল আচার্য। রঘুরাম রাজন, উর্জিত পটেল, অরবিন্দ পানাগড়িয়া, অরবিন্দ সুব্রহ্মণ্যমের তালিকায় নাম জুড়ল বিরলেরও। মোদী সরকারের সঙ্গে সংঘাতের কারণে 'মেয়াদ ফুরনোর' আগেই পদ থেকে সরে গিয়েছেন এঁরা। এদিন বিবৃতি দিয়ে শীর্ষ ব্যাঙ্ক দাবি করেছে ব্যক্তিগত কারণেই সরে যাচ্ছেন বিরল। যদিও সংশ্লিষ্ট মহল জানাচ্ছে, বারবার রিজার্ভ ব্যাঙ্কের স্বাধীনতার বিষয়ে সরব বিরল যেভাবে বারবার কেন্দ্রের সঙ্গে সংঘাতে জড়িয়েছেন তাতে তাঁর বিদায় ছিল সময়ের অপেক্ষা।

ছবি: পি টি আই

বিনিময়ের মধ্যেই অবশ্য নতুন মার্কিন প্রতিরক্ষা সচিব হিসেবে মার্ক অ্যাসপারের নাম ঘোষণা করেছেন ট্রাম্প।

**২৩ জুন** ইথিয়োপিয়ার রাজধানী আদ্দিস আবাবায় দেহরক্ষীর গুলিতে মৃত্যু হল সে দেশের সেনাপ্রধান জেনারেল সিয়ার মেকোনেনের। এদিন জাতীয় টেলিভিশনে বিষয়টি জানিয়েছেন সে দেশের প্রধানমন্ত্রী। মেকোনেনের পাশাপাশি খুন করা হয়েছে আমহারা অঞ্চলের রিজিওনাল প্রেসিডেন্ট ও আরও এক সরকারি আধিকারিককে। এই ঘটনাকে ঘিরে ফের রাজনৈতিক অস্থিরতা তৈরির সম্ভাবনা দেখা দিয়েছে ইথিয়োপিয়ায়। সেনাপ্রধানের মৃত্যুর পর দেশজুড়ে ইন্টারনেট পরিষেবা বন্ধ করে দেওয়া হয়েছে।

## এনআরসি দেশের অন্যত্রও কার্যকর করার ইঙ্গিত রাষ্ট্রপতির ভাষণে



**২০ জুন:** অসমের পর জাতীয় নাগরিকপঞ্জি (এনআরসি) দেশের অন্যত্রও কার্যকর করার ইঙ্গিত দিলেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। সপ্তদশ লোকসভার শুরুতে সংসদে তাঁর বক্তৃতায় রাষ্ট্রপতি এই ইঙ্গিত দিয়ে বলেন, 'অনুপ্রবেশ জাতীয় সুরক্ষার প্রশ্নে বড় বিপদ। অনুপ্রবেশের কারণে এক দিকে দেশের বিভিন্ন অংশে সামাজিক বৈষম্য সৃষ্টি হয়েছে, তেমনই জীবন-জীবিকার উপরেও তারা প্রভাব ফেলেছে। তাই অনুপ্রবেশজনিত সমস্যা থাকা এলাকায় জাতীয় নাগরিকপঞ্জি দ্রুত প্রস্তুত করতে সরকার বদ্ধপরিকর।'

**আন্তর্জাতিক সংগঠন 'ফিনানশিয়াল** অ্যাকশন টাস্ক ফোর্স' (এফএটিএফ)-কে কাজে লাগিয়ে পাকিস্তানের উপর সন্ত্রাস নিয়ে চাপ বাড়াল ভারত। এদিন এফএটিএফ-এর পক্ষ থেকে ইসলামাবাদকে হুঁশিয়ারি দিয়ে বলা হয়েছে, আগামী সেপ্টেম্বরের মধ্যেই সন্ত্রাসবাদী সংগঠন ও জঙ্গিদের যাবতীয় আর্থিক মদত বন্ধ করতে হবে। তা না হলে ইসলামাবাদকে কালো তালিকাভুক্ত করা হবে। মার্কিন যুক্তরাষ্ট্রের ফ্লরিডায় ১৬ থেকে ২১ জুন হয়ে গেল এফএটিএফ-এর পূর্ণাঙ্গ অধিবেশন ও ওয়ার্কিং গ্রুপের বৈঠক। সেখানে আমেরিকা, ফ্রান্স, ব্রিটেন-সহ অনেক দেশই বলেছে, সন্ত্রাসে অর্থের জোগান বন্ধে ও সন্ত্রাসের পরিকাঠামো ধ্বংসে যথেষ্ট পদক্ষেপ করেনি পাকিস্তান।

**২২ জুন** ক্ষেপণাস্ত্র ছুড়ে মার্কিন গুপ্তচর ড্রোন নামানোয় ইরানের উপর প্রথমে ক্ষিপ্ত হয়ে আমেরিকা হামলা চালানোর পরিকল্পনা করে পিছিয়ে এলেও আমেরিকাকে কড়া হুঁশিয়ারি দিয়ে রাখল ইরান। সে দেশের সেনাবাহিনী সূত্রে জানানো হয়েছে, ইরানের দিকে একটা বুলেট ছুড়লে পশ্চিম এশিয়ায় আমেরিকা ও তার মিত্র দেশগুলির ঘাঁটিতে আগুন লাগিয়ে দেবে ইরান। দু'দেশের এই তপ্ত বাক্য

**পাকিস্তানকে আগামী সেপ্টেম্বরের মধ্যে** জঙ্গি কার্যকলাপ বন্ধ করতে 'এফএটিএফ' উপযুক্ত ব্যবস্থা নিতে বলার পরিপ্রেক্ষিতে লন্ডনে পাক সেনাপ্রধান জানালেন, সন্ত্রাস দমনে সব ব্যবস্থা নিচ্ছে পাক সরকার। উল্লেখ্য, এএফটিএফ-এর শর্ত মেনে সন্ত্রাসের বিরুদ্ধে পদক্ষেপ করতে না পারলে আন্তর্জাতিক অর্থ সাহায্য থেকে বঞ্চিত হতে পারে ঋণভারে জর্জরিত পাকিস্তান। লন্ডনে এক অনুষ্ঠানের মঞ্চে বাজওয়া বলেন,'শান্তির যারা শত্রু, তাদের নির্মূল করতে আমরা সব সম্পদ ব্যবহার করছি। তবে দক্ষিণ এশিয়ায় আঞ্চলিক বিবাদ না মিটলে শান্তি ও স্থিতি ফেরানো কঠিন।' বাজওয়া আরও বলেন, 'সব দেশ, বিশেষত প্রতিবেশীদের উচিত সন্ত্রাস দমনে হাত মিলিয়ে কাজ করা। কারণ সন্ত্রাসবাদ সকলেরই শত্রু। আমরা অতীতে অনেক যন্ত্রণা ভোগ করেছি। আর ভোগ করতে চাইনা। পাকিস্তান শান্তি ও স্থিতির পথে এগোচ্ছে।'

## বিশ্বকাপে হ্যাটট্রিক করলেন শামি




**২২ জুন:** আফগানিস্তানকে ১১ রানে হারিয়ে জয়ী হল ভারত। প্রথমে ব্যাট করে ৫০ ওভারে ভারত ৮ উইকেট হারিয়ে ২২৪ রান করে। অধিনায়ক কোহলি সর্বোচ্চ ৬৭ রান করেন। আফগানিস্তান ৪৯.৫ ওভারে ২১৩ রান করতে সমর্থ হয়। যশপ্রীত বুমরা ৩৯ রানে ২ উইকেট নিয়ে ম্যাচের সেরা হলেও ম্যাচের অন্তিম পর্বে মহম্মদ শামি হ্যাটট্রিক করে চমক দেখান। বিশ্বকাপের ইতিহাসে প্রথম হ্যাটট্রিকের মালিক ছিলেন প্রাক্তন ভারতীয় পেসার চেতন শর্মা। এরপর সাকলিন মুস্তাক, চামিন্ডা ভাস, ব্রেট লি, লাসিথ মালিঙ্গা (দু'বার), কেমার রোচ, স্টিভন ফিন, জে পি ডুমিনির পর এই তালিকায় নাম জুড়ল ভারতের দ্বিতীয় কোনও বোলারের।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## ইউ পি এস সি

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (২), ২০১৯'-এ ইন্ডিয়ান মিলিটারি সার্ভিসের ক্ষেত্রে কী ধরনের প্রশ্ন হবে? —বিশ্বরূপ দে, গড়বেতা, পশ্চিম মেদিনীপুর।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (২), ২০১৯'-এ ইন্ডিয়ান মিলিটারি সার্ভিসের ক্ষেত্রে লিখিত পরীক্ষা হবে এই তিন বিষয়ে: ইংলিশ, জেনারেল নলেজ, এলিমেন্টারি ম্যাথমেটিক্স। সব ক্ষেত্রেই প্রতি পেপারে ১০০ নম্বর। সময় ২ ঘণ্টা করে। প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং থাকবে। এলিমেন্টারি ম্যাথমেটিক্সে থাকবে পাটিগণিত, বীজগণিত, জ্যামিতি, পরিমিতি, ট্রিগোনোমেট্রি ও রাশি-বিজ্ঞানের ওপর মাধ্যমিক মানের প্রশ্ন। লিখিত পরীক্ষায় সফল হলে ৩০০ (অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির ক্ষেত্রে ২০০) নম্বরের ইন্টেলিজেন্স অ্যান্ড পার্সোন্যালিটি টেস্ট। এটি দু'পর্যায়ে নেওয়া হবে। প্রথম পর্যায়ে থাকবে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট ও পিকচার পারসেপশন ডেসক্রিপশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকবে ইন্টারভিউ, গ্রুপ টেস্টিং অফিসার টাস্ক, সাইকোলজি টেস্ট ও কনফারেন্স। বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: www.upsc.gov.in

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস (অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্টস) এক্সামিনেশন' পরীক্ষার বিষয়ে বিস্তারিত জানতে চাই। —শুভব্রত দত্তগুপ্ত, রামপুরহাট, বীরভূম।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস (অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্টস) এক্সামিনেশন' তিনটি পর্যায়ে হয়ে থাকে। প্রথম পর্যায়ে থাকবে ৪৫০ নম্বরের লিখিত পরীক্ষা। পরীক্ষা হবে দু'টি পত্রে। প্রথম পত্রে থাকবে জেনারেল এবিলিটি এবং ইন্টেলিজেন্স সংক্রান্ত প্রশ্ন। ২৫০ নম্বরের অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময়সীমা ২ ঘণ্টা। দ্বিতীয় পত্রে থাকবে জেনারেল স্টাডিজ, এসে এবং কম্প্রিহেনশন সংক্রান্ত প্রশ্ন। বিষয়ভিত্তিক এই পত্রের জন্য বরাদ্দ নম্বর ২০০। সময়সীমা ৩ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। দ্বিতীয় পর্যায়ে থাকবে দৈহিক সক্ষমতার পরীক্ষা। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে: (১) ১৬ সেকেন্ডে ১০০ মিটার দৌড়, (২) ৩ মিনিট ৪৫ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়, (৩) সর্বাধিক ৩টি সুযোগে ৩.৫ মিটার লং জাম্প, (৪) ৭.২৬ কেজি ওজনের শটপাট ছুড়তে হবে ৪.৫ মিটার দূরত্বে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণদের মেডিক্যাল টেস্টের জন্য ডাকা হবে। তৃতীয় পর্যায়ে থাকবে মোট ১৫০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। বিস্তারিত সিলেবাসের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

## কোর্স, ট্রেনিং

□ *ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্টে হেলথ কেয়ার অ্যান্ড হসপিটাল ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —প্রবীর মালাকার, বাগনান, হাওড়া।*

□□ হেলথ কেয়ার অ্যান্ড হসপিটাল ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট। কোর্সগুলি কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ)-সহ যে-কোনও শাখায় অনার্স ডিগ্রি অথবা এম বি বি এস বা আয়ুষ বা বি এইচ এম এস বা বি এ এম এস বা বি ইউ এম এস বা বি ডি এস বা ফিজিওথেরাপি বা অপ্টোমেট্রির ডিগ্রি অথবা এল এল বি বা বি বি এ অথবা ফার্মাসি বা নার্সিং বা নিউট্রিশন বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা এ এম আই ই। মনে রাখবেন, ২০১৯-২০২১ শিক্ষাবর্ষে ভর্তির জন্য প্রার্থীর ২০১৮ বা ২০১৯-এর ম্যাট স্কোর অথবা ২০১৮-র ক্যাট বা সি-ম্যাট বা জে ই-ম্যাট বা গেট বা এ টি এম এ অথবা জ্যাট স্কোর থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে উল্লিখিত কোনও অ্যাপ্টিটিউড টেস্টের স্কোরের ভিত্তিতে এবং গ্রুপ ডিসকাশন ও পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে। কোর্স ফি মোট ৩ লক্ষ ৭৫ হাজার টাকা। আবেদন করা যাবে বিভিন্ন প্রক্রিয়ায়— ৯০০ টাকার বিনিময়ে ব্রোশিওর-সহ আবেদনের ফর্ম কিনতে পাওয়া যাবে প্রতিষ্ঠানের অফিস থেকে। অনলাইনেও আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iiswbm.edu আবেদনের ফর্ম ডাউনলোডও করে নিতে পারেন এই ওয়েবসাইট থেকে। সেক্ষেত্রে নগদে ফি জমা দিতে হবে। আবেদনপত্র জমা দেওয়ার এবং অনলাইন আবেদনের শেষ তারিখ ৫ জুলাই। প্রতিষ্ঠানের ঠিকানা: ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট, ম্যানেজমেন্ট হাউস, কলেজ স্কোয়্যার (ওয়েস্ট), কলকাতা-৭০০ ০৭৩।

□ *রাজ্যের সরকারি প্রতিষ্ঠানে ফার্মাসির ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —চন্দন ব্যানার্জি, বিকনা, বাঁকুড়া।*

□□ ফার্মাসির ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধীনস্থ ইনস্টিটিউট অব ফার্মাসি। পড়ানো হবে প্রতিষ্ঠানের কল্যাণী, বাঁকুড়া ও জলপাইগুড়ি ক্যাম্পাসে। কোর্সের মেয়াদ ২ বছর। প্রার্থী অথবা প্রার্থীর অভিভাবককে বিগত ১০ বছর ধরে পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। আসনসংখ্যা কল্যাণীর ক্ষেত্রে ৬০টি, জলপাইগুড়ির ক্ষেত্রে ৬০টি এবং বাঁকুড়ার ক্ষেত্রে ৪৮টি। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স বা বায়োলজি-সহ উচ্চমাধ্যমিক উত্তীর্ণ হতে হবে। দূরশিক্ষায় বা ভোকেশনাল শাখায় পাশ করে থাকলে আবেদন করবেন না। ১-৬-২০১৯ তারিখে বয়স হতে হবে ১৭ থেকে ৩০ বছরের মধ্যে। প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhealth.gov.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৮ জুলাই। ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০০ টাকা)। অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি দেওয়া যাবে 'Medical Education WB'-র পক্ষে ইউইনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার সল্টলেক সেক্টর ফাইভ ব্রাঞ্চের এই অ্যাকাউন্ট নম্বরে: 1432010100410 (IFSC: UTBIOS LVA51, MICR: 700027238), 'The West Bengal State Health & Family Welfare Samiti'-র অনুকূলে।

□ *সোশ্যাল ওয়ার্ক বিষয়ে পড়াশোনা করতে চাই। কোন কোন বিশ্ববিদ্যালয়ে পড়ার সুযোগ রয়েছে? —সৌমী ভট্টাচার্য, ধান্যকুড়িয়া, উত্তর ২৪ পরগনা।*

□□ পশ্চিমবঙ্গে সোশ্যাল ওয়ার্কের স্নাতকোত্তর ডিগ্রি (এম এস ডব্লু) পড়া যায় বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত বিদ্যাসাগর স্কুল অব সোশ্যাল ওয়ার্ক (ওয়েবসাইট: www.jpinstitute.org), নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে (ওয়েবসাইট: www.wbnsou.ac.in)। ইন্দিরা গান্ধী জাতীয় মুক্ত বিশ্ববিদ্যালয়ে দূরশিক্ষা ব্যবস্থায় এম এস ডব্লু পড়ার সুযোগ আছে (ওয়েবসাইট: www.ignou.ac.in)। এ ছাড়া টাটা ইনস্টিটিউট অব সোশ্যাল সায়েন্সেসের স্কুল অব সোশ্যাল ওয়ার্ক-এও এই বিষয়ক পড়াশোনা করানো হয়। এখানে সোশ্যাল ওয়ার্ক-সংক্রান্ত বিভিন্ন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিও পড়া যায় (ওয়েবসাইট: www.tiss.edu)।

## ব্যাঙ্কিং

□ *আই বি পি এসের মাধ্যমে গ্রামীণ ব্যাঙ্কে অফিস অ্যাসিস্ট্যান্ট মাল্টিপারপাস পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —সুস্মিতা পাল, রামচন্দ্রপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ আই বি পি এসের মাধ্যমে গ্রামীণ ব্যাঙ্কে অফিস অ্যাসিস্ট্যান্ট মাল্টিপারপাস পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে দু'পর্যায়ে— প্রিলিমিনারি ও মেন। প্রিলিমিনারি পরীক্ষা হবে ১৭, ১৮ ও ২৫ অগস্ট এবং মেন পরীক্ষা হবে ২৯ সেপ্টেম্বর। প্রিলিমিনারি অনলাইন পরীক্ষায় থাকবে ৪০ নম্বরের রিজনিং ও ৪০ নম্বরের নিউমেরিক্যাল এবিলিটি। সময় ৪৫ মিনিট। মেন পরীক্ষায় থাকবে ৫০ নম্বরের রিজনিং, ২০ নম্বরের কম্পিউটার নলেজ, ৪০ নম্বরের জেনারেল অ্যাওয়্যারনেস, ৪০ নম্বরের ইংলিশ বা হিন্দি ল্যাঙ্গুয়েজ, ৫০ নম্বরের নিউমেরিক্যাল এবিলিটি বিষয়ে প্রশ্ন। সময় দু'ঘণ্টা। সব ক্ষেত্রেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েস ধরনের। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। একটি প্রশ্নের একাধিক উত্তর লিখলে তাও ভুল উত্তর হিসেবে ধরা হবে। দেখুন এই ওয়েবসাইট: www.ibps.in

□ *সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —অনির্বাণ চক্রবর্তী, তারকেশ্বর, হুগলি।*

□□ সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক। মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকেও অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা, গ্রুপ ডিসকাশন ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন পরীক্ষায় রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন এবং জেনারেল/ইকনমি/ব্যাঙ্কিং অ্যাওয়্যারনেস বিষয়ক অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। প্রতিটি বিভাগে ৫০ নম্বরের প্রশ্ন হবে। সময় ২ ঘণ্টা ২০ মিনিট। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষা ২৫ জুলাই। দেখুন এই ওয়েবসাইট: www.southindianbank.com

□ *স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় প্রবেশনারি অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —প্রীতি দাস, হরিণঘাটা, নদিয়া।*

□□ স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় প্রবেশনারি অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই হবে দু'পর্যায়ের অনলাইন পরীক্ষা, গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রথম পর্যায়ের অনলাইন পরীক্ষায় থাকবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৩৫ নম্বর), রিজনিং এবিলিটি (৩৫ নম্বর) বিষয়ে অবজেক্টিভ ধরনের প্রশ্ন। সময়সীমা এক ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ের অনলাইন পরীক্ষায় থাকবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ, জেনারেল অ্যাওয়্যারনেস, মার্কেটিং ও কম্পিউটার, ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন, রিজনিং বিষয়ক অবজেক্টিভ ধরনের মোট ২০০ নম্বরের প্রশ্ন এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ (লেটার রাইটিং, এসে রাইটিং) বিষয়ক ডেসক্রিপটিভ ধরনের মোট ৫০ নম্বরের প্রশ্ন। সময়সীমা ৩ ঘণ্টা (অবজেক্টিভের ক্ষেত্রে ২ ঘণ্টা ও ডেসক্রিপ্টিভের ক্ষেত্রে ১ ঘণ্টা)। এরপর গ্রুপ ডিসকাশন (২০ নম্বর) ও ইন্টারভিউ (৩০ নম্বর)। বিস্তারিত সিলেবাসের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.sbi.co.in

## নেট/সেট

□ *সেট পরীক্ষায় কোন কোন বিষয়ে কত নম্বরের প্রশ্ন হয়? —শুভঙ্কর দাশশর্মা, বেলঘরিয়া।*

□□ স্টেট এলিজিবিলিটি টেস্ট বা সেট পরীক্ষা হয় তিনটি পেপারে। সব পেপারেই অবজেক্টিভ ধরনের প্রশ্ন থাকবে। নেগেটিভ মার্কিং নেই। প্রথম পেপারে থাকবে রিজনিং এবিলিটি, কম্প্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং এবং জেনারেল অ্যাওয়্যারনেসের প্রশ্ন। ৬০টি প্রশ্ন থাকবে। যে-কোনও ৫০টির উত্তর দিতে হবে। প্রতি প্রশ্নের মান ২। অর্থাৎ ১০০ নম্বরের পেপার। ১ ঘণ্টা ১৫ মিনিটের পরীক্ষা। দ্বিতীয় পেপারে থাকবে প্রার্থীর বিষয়ের ওপর প্রশ্ন। ৫০টি প্রশ্নের সবক'টিরই উত্তর দিতে হবে। প্রতি প্রশ্নে ২ নম্বর করে মোট ১০০ নম্বরের পেপার। সময়সীমা ১ ঘণ্টা ১৫ মিনিট। তৃতীয় পেপারেও বিষয় থেকে প্রশ্ন থাকবে। এক্ষেত্রে ৭৫টি প্রশ্ন থাকবে। প্রতি প্রশ্নে ২ নম্বর করে মোট ১৫০ নম্বরের পরীক্ষা। সময় আড়াই ঘণ্টা। বিস্তারিত সিলেবাসের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.examinationonline.in

## অন্যান্য চাকরি

□ *এয়ার ইন্ডিয়ায় কেবিন ক্রু পদে দরখাস্ত করতে চাই। প্রথম পর্যায়ে দরখাস্ত গ্রহণের শেষ তারিখ অতিক্রান্ত। দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের শেষ তারিখ কবে? এই পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? —দেবাশিস মণ্ডল, বাঁশবেড়া, পুরুলিয়া।*

□□ এয়ার ইন্ডিয়ায় কেবিন ক্রু পদে নিয়োগের ক্ষেত্রে দ্বিতীয় পর্যায়ে দরখাস্ত করা যাবে ৪ থেকে ১৭ জুলাই পর্যন্ত এবং তৃতীয় পর্যায়ে দরখাস্ত করা যাবে ২৫ জুলাই থেকে ৭ অগস্ট পর্যন্ত। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। সেই সঙ্গে স্বীকৃত এয়ারলাইনে কেবিন ক্রু হিসেবে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এ ছাড়া ১-১-২০১৯ তারিখে প্রার্থীর বৈধ এস ই পি (সেফটি অ্যান্ড ইমার্জেন্সি প্রসিডিওর) থাকতে হবে। হিন্দি ও ইংরেজিতে দক্ষতা থাকতে হবে। এয়ার ইন্ডিয়ার পরিষেবা আছে এমন কোনও দেশের ভাষা জানা থাকলে অগ্রাধিকার। এর পাশাপাশি, উচ্চতা থাকতে হবে ১৭২ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। তফসিলি প্রার্থীরা উচ্চতায় ২.৫ সেমি ছাড় পাবেন। বডি মাস ইনডেক্স থাকতে হবে ডিরেক্টরেট জেনারেল অব সিভিল অ্যাভিয়েশন (ডি জি সি এ) অনুমোদিত সিভিল অ্যাভিয়েশন রিকয়্যারমেন্ট (সি এ আর) অনুসারে পুরুষদের ক্ষেত্রে নরম্যাল রেঞ্জ ১৮-২৫। দৃষ্টিশক্তি হতে হবে কাছের ক্ষেত্রে ভালো চোখে এন/৫, খারাপ চোখে এন/৬। দূরের ক্ষেত্রে: এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। চশমা থাকলে চলবে না। কনট্যাক্ট লেন্স ±২ডি পর্যন্ত গ্রহণযোগ্য। ওয়েবসাইট: www.airindia.in

□ *ভারতীয় নৌবাহিনীতে 'আর্টিফিশার অ্যাপ্রেন্টিস' এন্ট্রিতে নাবিক নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন পদ্ধতিতে? —ধ্রুব ঘোষ, শিয়ালডাঙা, হাওড়া।*

□□ ভারতীয় নৌবাহিনীতে 'আর্টিফিশার অ্যাপ্রেন্টিস' এন্ট্রিতে নাবিক নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। অঙ্ক ও ফিজিক্সের সঙ্গে কেমিস্ট্রি বা বায়োলজি বা কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে। এর পাশাপাশি, উচ্চতা হতে হবে ১৫৭ সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/৯। চশমা-সহ উভয় চোখে ৬/৬। প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল টেস্টের মাধ্যমে। ১০০ নম্বরের পরীক্ষায় ইংরেজি, সায়েন্স, অঙ্ক ও জেনারেল নলেজের উচ্চমাধ্যমিক মানের অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ইংরেজি ও হিন্দি ভাষায় প্রশ্ন করা হবে। সময়সীমা ১ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে: ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠ-বস) ও ১০টি পুশ আপ। দেখুন এই ওয়েবসাইট: www.join indiannavy.gov.in

□ *হাওড়া জেলা আদালতে স্টেনোগ্রাফার (গ্রেড-থ্রি) পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —জীবন হালদার, উলুবেড়িয়া, হাওড়া।*

□□ হাওড়া জেলা আদালতে স্টেনোগ্রাফার (গ্রেড-থ্রি) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে কম্পিউটার ট্রেনিংয়ে সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে এবং কম্পিউটার অপারেশনে দক্ষ হতে হবে। এছাড়া ইংরেজিতে শর্টহ্যান্ডে মিনিটে ৮০টি শব্দের দ্রুততা ও ইংরেজিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে তিনটি পত্রের পরীক্ষার মাধ্যমে। পেপার-ওয়ানে (৪০০ নম্বর) থাকবে ডিক্টেশন ও ট্রান্সক্রিপশন টেস্ট। ১০ মিনিট ধরে শর্টহ্যান্ডে নেওয়া ডিক্টেশন ১ ঘণ্টার মধ্যে নিজের হাতে লিখে ফেলতে হবে। পেপার-টুতে (১০০ নম্বর) ইংরেজি ব্যাকরণ-সংক্রান্ত প্রশ্ন হবে এবং পেপার-থ্রিতে (১০০ নম্বর) নেওয়া হবে কম্পিউটার টাইপ টেস্ট। সফল প্রার্থীদের এর পর নেওয়া হবে পার্সোন্যালিটি টেস্ট। বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.purulia.gov.in

## বিবিধ

□ *কেন্দ্রীয় সরকারি স্কুলে শিক্ষকতার যোগ্যতা নির্ণায়ক সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট (সি-টেট)-এ বসার জন্য ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির শিক্ষক পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? —দেবমাল্য মল্লিক, মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা।*

□□ সি-টেটে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির শিক্ষক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট এবং সেইসঙ্গে এলিমেন্টারি এডুকেশনে ২ বছরের ডিপ্লোমা (ডি এল এড) থাকতে। অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ গ্র্যাজুয়েট এবং সেইসঙ্গে ১ বছরের বি এড বা স্পেশ্যাল এডুকেশনে বি এড ডিগ্রি থাকলেও আবেদন করা যায়। অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ হতে হয়। সেইসঙ্গে এলিমেন্টারি এডুকেশনের ৪ বছরের ব্যাচেলর ডিগ্রি (বি এল এড) অথবা বি এ (এড) বা বি এসসি (এড) ডিগ্রি থাকা প্রয়োজন। অথবা মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ গ্র্যাজুয়েট এবং এন সি টি ই রেগুলেশনস, ২০০২ অনুসারে ১ বছরের বি এড ডিগ্রিধারীদের আবেদনও গ্রাহ্য করা হয়ে থাকে। সবক্ষেত্রেই তফসিলি, ও বি সি-রা ৫ শতাংশ ছাড় পাবেন। স্পেশ্যাল এডুকেশনের শিক্ষক-শিক্ষণ কোর্স রিহ্যাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়া (আর সি আই) এবং সাধারণ শিক্ষক-শিক্ষণ কোর্স এন সি টি ই কর্তৃক স্বীকৃত হতে হবে। দেখুন এই ওয়েবসাইট: www.ctet.nic.in

নাম : ..............................

ঠিকানা : ..............................

..............................

..............................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

## কী পড়বেন, কোথায় পড়বেন

### প্ল্যান্ট হেলথ ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা এবং ডিপ্লোমা কোর্স



প্ল্যান্ট হেলথ ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা এবং ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে হায়দরাবাদের ন্যাশনাল ইনস্টিটিউট অব প্ল্যান্ট হেলথ ম্যানেজমেন্ট। এটি কেন্দ্রের কৃষি এবং কৃষক কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান।

শিক্ষাগত যোগ্যতা: **স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স**: এগ্রিকালচার, হর্টিকালচার, এগ্রিকালচার অ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট এবং এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংয়ের স্নাতক অথবা লাইফ সায়েন্সে এম এসসি ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। **ডিপ্লোমা কোর্স**: এগ্রিকালচার, হর্টিকালচার, লাইফ সায়েন্স বা এগ্রিকালচার অ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট বা এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক।

স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স চলাকালীন প্রতিটি ছাত্রছাত্রীকে স্কলারশিপ হিসেবে দেওয়া হবে প্রতি মাসে ২,০০০ টাকা। এ ছাড়াও ১০ জন ছাত্রছাত্রীকে স্কলারশিপ হিসেবে দেওয়া হবে এককালীন ১০,০০০ টাকা।

স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সের মেয়াদ ১ বছর, ফি ৬২,৫০০ টাকা। ডিপ্লোমা কোর্সের মেয়াদ ৬ মাস, ফি ২৫,০০০ টাকা। উভয় ক্ষেত্রেই ফি দিতে হবে কিস্তিতে।

নিখরচায় হস্টেলে থেকে পড়াশোনার সুযোগ রয়েছে।

দু'টি কোর্সের ক্ষেত্রেই প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: http://niphm.gov.in পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন—✓ প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। ✓ শিক্ষাগত যোগ্যতার যাবতীয় সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট, ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓পরিবারের বার্ষিক আয়ের সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ৮ জুলাইয়ের মধ্যে ই-মেলে পাঠাতে হবে এই ঠিকানায়: jdagroniphm-ap@nic.in অথবা দরখাস্ত ডাকে পৌঁছতে হবে এই ঠিকানায়: Registrar, National Institute of Plant Health Management (NIPHM), Rajendranagar, Hyderabad-500 030.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ডিপ্লোমা কোর্সে ভর্তি

রিমোট সেন্সিং অ্যান্ড জিওগ্রাফিক্যাল ইনফর্মেশন সিস্টেমের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ওশানোগ্রাফিক স্টাডিজ বিভাগ। কোর্সটি ১ বছরের।

**শিক্ষাগত যোগ্যতা**: যে-কোনও শাখায় বি ই বা বি টেক অথবা অনার্স-সহ বি এ বা বি এসসি অথবা এম এ বা এম এসসি।

**কোর্স ফি**: সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে সেমেস্টার প্রতি ৩০,০০০ টাকা এবং স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে সেমেস্টার প্রতি ৪০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল সায়েন্টিফিক অ্যাপ্টিটিউড বিষয়ে। পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীতালিকা প্রকাশিত হবে ২৪ জুলাই। পরীক্ষা ৯ অগস্ট।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jaduniv.edu.in আবেদনের শেষ তারিখ ১০ জুলাই। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৫ জুলাই।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### যাদবপুর বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

বিভিন্ন বিষয়ের এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়। বিষয়গুলি হল: ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স, অ্যাপ্লায়েড জিওলজি, জিওগ্রাফি, ইলেক্ট্রনিক সায়েন্স, বায়োটেকনোলজি এবং ইনস্ট্রুমেন্টেশন।

প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীতালিকা প্রকাশিত হবে ১২ জুলাই। পরীক্ষা হবে ফিজিক্স ও কেমিস্ট্রির ক্ষেত্রে ১৮ জুলাই, ম্যাথমেটিক্স, অ্যাপ্লায়েড জিওলজি, জিওগ্রাফি ও ইলেক্ট্রনিক সায়েন্সের ক্ষেত্রে ১৯ জুলাই এবং বায়োটেকনোলজি ও ইনস্ট্রুমেন্টেশনের ক্ষেত্রে ১০ অগস্ট।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jaduniv.edu.in আবেদনের শেষ তারিখ ৮ জুলাই।

বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### ফিজিক্যাল এডুকেশনের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

মাস্টার অব ফিজিক্যাল এডুকেশন (এম পি এড) কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ২ বছর।

**শিক্ষাগত যোগ্যতা**: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বি পি এড) বা হেলথ অ্যান্ড ফিজিক্যাল এডুকেশনে বি এসসি।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং দৈহিক সক্ষমতার পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১৬ জুলাই, সকাল ৬টায়।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jaduniv.edu.in আবেদনের শেষ তারিখ ১১ জুলাই। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৩ জুলাই।

বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## স্কলারশিপের খোঁজখবর

### এইচ ডি এফ সি ব্যাঙ্ক এডুকেশনাল ক্রাইসিস স্কলারশিপ সাপোর্ট

আর্থিকভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে এইচ ডি এফ সি ব্যাঙ্ক। পারিবারিক সংকট, দৈহিক প্রতিবন্ধকতা কিংবা পরিবারের উপার্জনকারী সদস্যের মৃত্যু বা অসুস্থতার কারণে পড়াশোনা চালিয়ে যাওয়ার ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হওয়া ছাত্রছাত্রীদের এই স্কলারশিপ দেওয়া হবে।

**আবেদনের যোগ্যতা**: অন্তত ষষ্ঠ শ্রেণিতে পাঠরত হতে হবে। স্নাতক, স্নাতকোত্তর, আই টি আই, ডিপ্লোমা, পলিটেকনিক, পি এইচ ডি কোর্সে পাঠরতরাও আবেদনের যোগ্য। **স্কলারশিপের পরিমাণ**: ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণীর ক্ষেত্রে এককালীন ১০,০০০ টাকা এবং পলিটেকনিক, আই টি আই, ডিপ্লোমা, গ্র্যাজুয়েশন বা অন্যান্য কোর্সের ক্ষেত্রে এককালীন ২৫,০০০ টাকা।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/HEC6 আবেদনের শেষ তারিখ ১৫ জুলাই।

### বি এম এল মুঞ্জল ইউনিভার্সিটি স্কলারশিপ প্রোগ্রাম ২০১৯

স্নাতকস্তরে আইন ও টেকনোলজি নিয়ে পড়াশোনা করতে ইচ্ছুক আর্থিকভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে গুরগাঁওয়ের বি এম এল মুঞ্জল ইউনিভার্সিটি। স্কলারশিপ বাবদ টিউশন ফিয়ের খরচ, থাকা ও খাওয়ার খরচ বহন করবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান।

**আবেদনের যোগ্যতা**: ২০১৯-এর আই আই টি-জে ই ই (মেন ও অ্যাডভান্সড) পরীক্ষা বা ক্ল্যাট বা ল স্কুল অ্যাডমিশন টেস্ট-ইন্ডিয়া পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/BML1 আবেদনের শেষ তারিখ ২২ জুলাই।

### লরিয়েল ইন্ডিয়া ফর ইয়ং উইমেন ইন সায়েন্স স্কলারশিপ ২০১৯

বিজ্ঞানের যে-কোনও শাখায় স্নাতক কোর্স পড়তে ইচ্ছুক ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে লরিয়েল ইন্ডিয়া। সর্বাধিক ২,৫০,০০০ টাকা দেওয়া হবে স্কলারশিপ বাবদ।

**আবেদনের যোগ্যতা**: ২০১৮-১৯ শিক্ষাবর্ষে অন্তত ৮৫ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স বা বায়োলজি পড়ে থাকতে হবে। আবেদনপত্র পূরণের তারিখে বয়স হতে হবে ১৯ বছরের মধ্যে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৪ লাখ টাকার নীচে।

আবেদন করা যাবে অনলাইন-অফলাইন উভয়ভাবেই। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/LIF9 আবেদনের শেষ তারিখ ১০ জুলাই। অথবা আবেদনের ফর্ম ডাউনলোড করে নিতে পারেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনের ফর্ম সাধারণ ডাকে ১০ জুলাইয়ের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: L'Oreal India, The Scholarship Cell, C/O Buddy4Study, Stellar IT Park, C-25, Office No.8,9 & 10 Tower-A, Ground floor, Sector 62, Noida, Uttar Pradesh-201 301, India.

*(তথ্য সহায়তা:* buddy4study*)*




নীরব আলো

সম্পূর্ণ বিনামূল্যের

মাসিক অনলাইন ম্যাগাজিন

কবিতা, গল্প, ছোটগল্প,

ধারাবাহিক, অনুগল্প, অঙ্কন

আজই ডাউনলোড

করুন বিনামূল্যে

Free Download

www.eNirobAalo.tk

আপনার লেখা প্রকাশিত করতে লেখা পাঠান

Email : help.ekdn@gmail.com


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*একটা মহৎ লক্ষ্য স্থির করো। সেই লক্ষ্যে পৌঁছনোর জন্য জ্ঞান আহরণ করো, ধৈর্য ধরে পরিশ্রম করো। তুমি নিশ্চিতভাবে সফল হবে।*
*— এ পি জে আব্দুল কালাম*
*(প্রাক্তন ভারতীয় রাষ্ট্রপতি)*

***✓আমি গণিতের অনার্স গ্র্যাজুয়েট। পাশ করেছি এ বছরেই। অনার্সে প্রথম শ্রেণির নম্বর আছে। এবার চাকরির উদ্যোগ নিতে চাই। আমি কোন কোন সরকারি চাকরির জন্য আবেদন করতে পারব জানাবেন।***
*অর্চিস্মান দত্ত, বরানগর, কলকাতা।*

□আপনি বিভিন্ন সরকারি চাকরির জন্যই আবেদন করতে পারেন। পছন্দের কয়েকটি চাকরি বেছে নিয়ে আগে থেকে সেই চাকরিগুলির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** দেশজুড়ে বিভিন্ন গ্রামীণ ব্যাঙ্কে ৮০০০ অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট নিয়োগের জন্য যোগ্যতামান নির্ধারণের পরীক্ষা নেবে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই বি পি এস)। পরীক্ষা অগস্ট-সেপ্টেম্বর মাসে। 'কর্মক্ষেত্র'-র ১৯ জুন সংখ্যায় 'গ্রামীণ ব্যাঙ্কে ৮০০০' শীর্ষক সংবাদে এই পরীক্ষা-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি এই পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারেন। অনলাইন দরখাস্ত করতে হবে ৪ জুলাইয়ের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ibps.in

দেশজুড়ে বিভিন্ন গ্রামীণ ব্যাঙ্কে ৮০০০ অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট নিয়োগের জন্য যোগ্যতামান নির্ধারণের পরীক্ষা নেবে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই বি পি এস)। পরীক্ষা অগস্ট-সেপ্টেম্বর মাসে। 'কর্মক্ষেত্র'-র ১৯ জুন সংখ্যায় 'গ্রামীণ ব্যাঙ্কে ৮০০০' শীর্ষক সংবাদে এই পরীক্ষা-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

ব্যাঙ্কিং ও ফিনান্সের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স করিয়ে ৬০০ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার নিয়োগ করবে আই ডি বি আই ব্যাঙ্ক। ১ বছরের কোর্স। আই ডি বি আই ব্যাঙ্কের সঙ্গে যৌথ উদ্যোগে কোর্সটি পরিচালনা করবে বেঙ্গালুরুর মণিপাল স্কুল অব ব্যাঙ্কিং। যে-কোন শাখার গ্র্যাজুয়েটরাই আবেদন করতে পারেন। পড়ার খরচ সাড়ে ৩ লক্ষ টাকা। আই ডি বি আই ব্যাঙ্ক থেকে শিক্ষাঋণ পাওয়া যাবে। সফলভাবে কোর্স শেষে বেতনক্রম ২৩,৭০০-৪২,০২০ টাকা। 'কর্মক্ষেত্র'-র ২৬ জুন সংখ্যায় 'ট্রেনিং দিয়ে আই ডি বি আই ব্যাঙ্কে ৬০০ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ৩ জুলাইয়ের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.idbibank.in

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে ক্লার্ক ও প্রবেশনারি অফিসার পদে চাকরির জন্য আবেদন করতে পারবেন। তবে আগে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের যোগ্যতামান নির্ধারণের পরীক্ষায় সফল হতে হবে। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার প্রবেশনারি অফিসার, ক্লার্ক, কাস্টমার রিলেশনস অফিসার পদে সরাসরি আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলির অ্যাসিস্ট্যান্ট ও অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদের পরীক্ষায় বসতে পারবেন। রেলে অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড, ট্রাফিক অ্যাপ্রেন্টিস, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস পদে আবেদন করতে পারবেন। বিভিন্ন সরকারি সংস্থায় অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। আগ্রহ থাকলে ডব্লু বি সি এসের মতো প্রশাসনিক চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে পারেন।

***✓আমি বি কম পড়ছি সান্ধ্য কলেজে। টাইপিং জানি। কম্পিউটার অপারেশনের সার্টিফিকেট কোর্স করেছি। চাকরির প্রয়োজন। চাকরির সন্ধান দিলে উপকৃত হব।***
*রবিন মণ্ডল, বাগনান, হাওড়া।*

□আপনি গ্র্যাজুয়েশন সম্পূর্ণ করার আগে পর্যন্ত সর্বোচ্চ উচ্চমাধ্যমিক যোগ্যতার চাকরিগুলির জন্য আবেদন করতে পারবেন। টাইপিং জানা থাকায় কিছু চাকরির জন্য সুবিধেই হবে। চাকরির পরীক্ষার জন্য পড়াশোনা করে প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু লোয়ার ডিভিশন ক্লার্ক নেবে হাওড়া জেলা আদালত। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৬ জুন সংখ্যায় 'হাওড়া জেলা আদালতে চাকরি' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ৮ জুলাইয়ের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের কোনও একটির মাধ্যমে: www.djhowrahrecruitment.com, http://districts.ecourts.gov.in/howrah

***পরে আবেদন করতে পারবেন:*** উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে রেলে অ্যাকাউন্টস ক্লার্ক-কাম-টাইপিস্ট, জুনিয়র ক্লার্ক-কাম-টাইপিস্ট, জুনিয়র টাইম কিপার এবং ট্রেনস ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে এ রাজ্যের সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। বিশ্ববিদ্যালয়, বিভিন্ন আদালতে টাইপিস্ট পদে আবেদন করতে পারবেন।

পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পশ্চিমবঙ্গের পুরসভা, জেলাপরিষদ, পঞ্চায়েত সমিতিতে সহায়ক বা অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। এই পদগুলির ক্ষেত্রে টাইপিং জানা বাধ্যতামূলক নয়।

***✓বিজ্ঞান শাখায় ৭১ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ করেছি এ বছর। আমার উচ্চতা ১৫৯ সেমি। খেলাধুলায় খুব উৎসাহ। আমি কি সামরিক বাহিনীতে চাকরি পেতে পারি? কীভাবে সেটা সম্ভব?***
*অমিতাভ মুখোপাধ্যায়, টিটাগড়, উত্তর ২৪ পরগনা।*

□আপনি আর্মি ও নেভিতে অফিসার ক্যাডারের চাকরির জন্য আবেদন করতে পারবেন। নেভিতে সেলার পদেও আপনি আবেদনের যোগ্য। চাকরির পরীক্ষার জন্য খুব ভালো প্রস্তুতি থাকার দরকার রয়েছে। খেলাধুলার অভ্যাস থাকায় সুবিধাই হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** প্রশিক্ষণ দিয়ে ২,৭০০ সেলার বা নাবিক নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। সিনিয়র সেকেন্ডারি রিক্রুট এবং আর্টিফিশার অ্যাপ্রেন্টিস, এই দুই এন্ট্রির মাধ্যমে নিয়োগ হবে। পিওর সায়েন্স শাখার উচ্চমাধ্যমিক তরুণরা আবেদনের যোগ্য। সিনিয়র সেকেন্ডারি রিক্রুট এন্ট্রির ক্ষেত্রে শূন্যপদ ২,২০০টি এবং আর্টিফিশার অ্যাপ্রেন্টিস এন্ট্রির ক্ষেত্রে শূন্যপদ ৫০০টি।

প্রশিক্ষণ দিয়ে ২,৭০০ সেলার বা নাবিক নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। সিনিয়র সেকেন্ডারি রিক্রুট এবং আর্টিফিশার অ্যাপ্রেন্টিস, এই দুই এন্ট্রির মাধ্যমে নিয়োগ হবে। পিওর সায়েন্স শাখার উচ্চমাধ্যমিক তরুণরা আবেদনের যোগ্য। সিনিয়র সেকেন্ডারি রিক্রুট এন্ট্রির ক্ষেত্রে শূন্যপদ ২,২০০টি এবং আর্টিফিশার অ্যাপ্রেন্টিস এন্ট্রির ক্ষেত্রে শূন্যপদ ৫০০টি।

সিনিয়র সেকেন্ডারি রিক্রুট এন্ট্রির ক্ষেত্রে উচ্চমাধ্যমিকের নম্বরের কড়াকড়ি নেই। আর্টিফিশার অ্যাপ্রেন্টিস এন্ট্রির ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকতে হবে। ১০ জুলাইয়ের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www. joinindiannavy.gov.in 'কর্মক্ষেত্র'-র ১৯ জুন সংখ্যায় 'নেভিতে ২৭০০' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি দু'টি এন্ট্রিতেই আবেদন করতে পারেন। তবে যে-কোনও একটি এন্ট্রির জন্য দরখাস্ত করবেন।

***পরে আবেদন করতে পারবেন:*** ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি ও ন্যাভাল অ্যাকাডেমির পরীক্ষার মাধ্যমে বাছাই প্রার্থীদের প্রশিক্ষণ দিয়ে আর্মি, নেভি ও এয়ারফোর্সে অফিসার নিয়োগ করা হয়। আপনি এই পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারবেন। উচ্চতার নিরিখে বিবেচিত হবেন আর্মি ও নেভির চাকরির জন্য।

প্রসঙ্গত, গ্র্যাজুয়েশনের পড়াশোনা শেষ করে কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস পরীক্ষার মাধ্যমেও তিন বাহিনীতে অফিসার ক্যাডারে চাকরি হয়। উভয় পরীক্ষারই বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়।

***✓মাধ্যমিক পরীক্ষা দেওয়া হয়নি। তবে দশম শ্রেণির মাঝামাঝি সময় পর্যন্ত পড়াশোনা করেছি। আমি কি সরকারি চাকরি পেতে পারি?***
*হারুন মণ্ডল, তাহেরপুর, নদিয়া।*

□আপনি পশ্চিমবঙ্গ সরকারের গ্রুপ 'ডি' পদের চাকরিগুলির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন। ক্লাস এইট পাশ যোগ্যতায় এই পদে আবেদন করা যায়। বয়সের উর্ধ্বসীমা ৪০ বছর।

***এখনই আবেদন করতে পারেন:*** হাওড়া জেলা আদালতে কিছু গ্রুপ 'ডি' (পিওন, নাইট গার্ড, ফরাশ এবং প্রসেস সার্ভার নেবে। আপনি যে-কোনও একটি পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৬ জুন সংখ্যায় 'হাওড়া জেলা আদালতে চাকরি' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ৮ জুলাইয়ের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের কোনও একটির মাধ্যমে: www.djhowrahrecruitment.com, http://districts.ecourts.gov.in/howrah

## পেশা বাছাইয়ের ক্ষেত্রে সাহসী হতে হবে



**প্রফেসর অশোক কুমার ব্যানার্জি**, প্রেসিডেন্ট, ক্যালকাটা ম্যানেজমেন্ট অ্যাসোসিয়েশন, প্রাক্তন চেয়ারম্যান ও চেয়ারম্যানস কাউন্সিল মেম্বার, আই আই এম ক্যালকাটা অ্যাল্যামনি অ্যাসোসিয়েশন, কলকাতা

পেশার জগৎ দ্রুত বদলে যাচ্ছে। নতুন নতুন পেশার উদ্ভব ঘটছে। এরকম প্রেক্ষাপটে চাকরিপ্রার্থীদেরও মানসিকতা বদলের প্রয়োজন রয়েছে। এখন বৃত্তিমূলক বিষয় নিয়ে ব্যাচেলার্স ডিগ্রি (বি ভোক) কোর্স পড়া যাচ্ছে। এরকম কোর্স পড়ার দুটো সুবিধা আছে। যে-বৃত্তিমূলক বিষয়টি নিয়ে আপনি পড়াশোনা করলেন এবং পেশাদারি দক্ষতা অর্জন করলেন, সেই ক্ষেত্রে চাকরি করতে পারেন। আবার, চাইলে প্রতিযোগিতামূলক পরীক্ষা দিয়ে সরকারি চাকরিও করতে পারেন। গতানুগতিক ধারার চাকরিবাকরির দিক থেকে মুখ ফিরিয়ে থাকতে বলছি না। কিন্তু বর্তমান সময়ের চাকরির জগতের চালচিত্রটার দিকে নজর রেখে সিদ্ধান্ত নেওয়ার চেষ্টা করলে, শিক্ষাগত যোগ্যতা এবং প্রবণতা অনুসারে পেশা বাছাইয়ের ক্ষেত্রে অবশ্যই সুবিধা হবে।

এখন চট করে, প্রস্তুতি না নিয়ে কোনও পেশায় পা রাখা সম্ভব নয়। এখন, প্রস্তুতি নেওয়ার জন্য আপনার সামনে একটা লক্ষ্য থাকতে হয়। এখানে লক্ষ্যটি হল নির্দিষ্ট কোনও পেশায় প্রবেশের উদ্যোগ। পেশাটি নির্দিষ্ট করে নিতে পারলে প্রস্তুতির পথটিও স্থির করে ফেলা যায়। ধরা যাক, গ্র্যাজুয়েশনের পরে আপনি পেশাদারি পড়াশোনা করতে চান। আপনি আর্টসের ছাত্র বা ছাত্রী। মানুষের সঙ্গে মেলামেশায় জড়তা নেই। উদাহরণ হিসেবেই বলছি, আপনি সোশ্যাল ওয়ার্ক বা সোশ্যাল ওয়েলফেয়ারের স্নাতকোত্তর ডিগ্রি (এম এস ডব্লু) পড়তে পারেন। সেক্ষেত্রে, আপনাকে জানতে হবে এম এস ডব্লু কোর্সটি পড়লে আপনার কেরিয়ারের সুযোগ-সম্ভাবনা কেমন। সে-সব খোঁজখবর নিয়ে সন্তুষ্ট হয়ে আপনি হয়তো কোর্সটি পড়ার সিদ্ধান্ত নিলেন। টাটা ইনস্টিটিউট অব সোশ্যাল সায়েন্স, কলকাতার ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট, সেন্ট জেভিয়ার্স ইউনিভার্সিটি এবং বিশ্বভারতী-সহ দেশের বিভিন্ন প্রতিষ্ঠানে এম এস ডব্লু পড়ানো হয়। ভর্তির জন্য প্রবেশিকা পরীক্ষা দিতে হয়। কোথাও কোথাও লিখিত পরীক্ষার সঙ্গে গ্রুপ ডিসকাশন এবং পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করা হয়। তাই কোর্সটি পড়ার সিদ্ধান্ত নেওয়ার সঙ্গে সঙ্গে আপনাকে কোর্সটিতে ভর্তি হওয়ার জন্য প্রস্তুতি নিতে হবে। এ সবের মধ্য দিয়ে আপনার পেশার অভিমুখটি স্থির হয়ে গেল। এরপর ভালো করে পড়াশোনা করে, পেশার বৈশিষ্ট্যগুলি জেনে নিয়ে আপনি সোশ্যাল ওয়ার্কের পেশায় পা রাখবেন। এটা একটা উদাহরণ। প্রসঙ্গত, যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই এম এস ডব্লু পড়তে পারেন। এরকমই, পেশার বিভিন্ন ধারা রয়েছে। পেশার রকমফের অনুসারে পড়াশোনা, প্রশিক্ষণের ব্যবস্থাও রয়েছে। কী পড়ব, কেন পড়ব, তার উত্তরটা নিজের কাছে পরিষ্কার থাকা দরকার। আর প্রশ্নটাই উঠবে না যদি আপনি নতুন নতুন পেশা এবং সে-সংক্রান্ত পড়াশোনার ব্যবস্থা সম্পর্কে অবহিত না থাকেন।

নতুন পেশা অবলম্বনের ক্ষেত্রে অনেকসময়েই উদ্বেগ থাকে। স্বাভাবিক। অন্ধকারে ঝাঁপ দিতে বলছি না। বারবার বলছি, খোঁজখবর নিয়ে তবেই একটি নতুন পেশা অবলম্বনের উদ্যোগ নিতে হবে। তবে এটাও বলব, একটু সাহসীও হতে হবে এক্ষেত্রে।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

মাধ্যমিক-উচ্চমাধ্যমিক উত্তীর্ণ
মেধাবীদের জন্য
স্কলারশিপ
...পৃষ্ঠা ১০

কর্মক্ষেত্র

# জীবিকার আটঘাট

স্বনির্ভরতার লক্ষ্যে
কর্মক্ষেত্র পুরস্কার
প্রতি মাসেই ৫০০০ টাকা
পুরস্কৃত প্রবন্ধ ১১ পাতায়

# কৃষিনির্ভর ব্যবসার সরকারি প্রশিক্ষণ







**কৃষিনির্ভর ব্যবসার নানা পথ খুলে গেছে। প্রশিক্ষিত তরুণ-তরুণীরা কৃষিভিত্তিক ব্যবসার ক্ষেত্রে সরকারি সহায়তাও পাচ্ছেন। সরকারি সংস্থার সঙ্গে যৌথ উদ্যোগে কৃষিনির্ভর ব্যবসার ২ মাসের প্রশিক্ষণ দিচ্ছে নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন আশ্রমের স্টেট এগ্রিকালচারাল ম্যানেজমেন্ট অ্যান্ড এক্সটেনশন ট্রেনিং ইনস্টিটিউট।**

**নিজস্ব প্রতিনিধি:** গ্রামাঞ্চলে কৃষিকাজকে কেন্দ্র করে গড়ে উঠতে পারে হরেক ব্যবসা। আধুনিক সময়ে এই ধরনের ব্যবসার বৈচিত্র বাড়ছে। গ্রামাঞ্চলের শিক্ষিত তরুণ-তরুণীরা নিজের অঞ্চলেই প্রাথমিক উদ্যোগ নিতে পারেন। ক্রমশ ব্যবসার পরিসর বাড়ানোর সুযোগ রয়েছে। ব্যবসার জন্য ব্যাঙ্ক থেকে ঋণ পাওয়া যায়। সেই ঋণের উপর সরকারি ভর্তুকিও পাওয়া যায়।

> ভোকেশনাল বিষয় হিসেবে এগ্রিকালচার নিয়ে উচ্চমাধ্যমিক পাশ অথবা কৃষি, প্রাণীপালন, মৎস্য চাষ, উদ্যান পালন বিষয়ে ব্যাচেলর্স ডিগ্রি অথবা ডিপ্লোমাধারীরা প্রশিক্ষণ নিতে পারেন। উচ্চমাধ্যমিক (এগ্রিকালচার) বা ডিগ্রি বা ডিপ্লোমায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকতে হবে।

### ব্যবসার রকমফের

সবজি, ফল, ফুলের চাষ এবং উৎপাদিত ফসল বাজারে নিয়ে গিয়ে বিক্রি— এই প্রক্রিয়াটি আমাদের কমবেশি জানা। একই ভাবে মাছের চাষ, মুরগি, ছাগল ও গো-পালনের মাধ্যমে ব্যবসার সুযোগও যথারীতি রয়েছে।

কিন্তু বর্তমান সময়ে কৃষিনির্ভর ব্যবসার বৈচিত্র বেড়েছে। যাঁরা কৃষিনির্ভর ব্যবসায় আগ্রহী, তাঁদের এই নতুন বৈচিত্রগুলির বিষয়ে অবহিত থাকা দরকার।

যেমন বর্তমানে সম্পূর্ণ জৈব সার ও কীটনাশক প্রয়োগ করে উৎপাদিত সবজি এবং জৈব পদ্ধতিতে চাষ করা মাছের চাহিদা স্বাস্থ্যের কারণেই বাড়ছে। আবার বিভিন্ন শপিং মল এবং বড় হোটেল-রেস্তোরাঁগুলিতে উচ্চমূল্যের সবজির চাহিদা চোখে পড়ছে। এই ধরনের সবজির মধ্যে উল্লেখযোগ্য— লেটুস, ব্রাসেল স্প্রাউট, চেরি টোম্যাটো, লিক, সুইস চার্ড, সেলারি প্রভৃতি। ফলে গতে বাঁধা চাষের বিকল্প রাস্তাগুলিও খুলছে।

এছাড়াও কৃষিনির্ভর ব্যবসার আরও নানা সুযোগ তৈরি হয়েছে। যেমন আপনি— ● বীজ, সার, গাছের সুস্বাস্থ্যের জন্য প্রয়োজনীয় ওষুধ ইত্যাদির ব্যবসা করতে পারেন ● কৃষিকাজে দরকার হয় এমন যন্ত্রপাতির মজুতকেন্দ্র তৈরি করে যন্ত্রপাতি ভাড়া দিতে পারেন ● পলি-হাউস তৈরির কাজ করতে পারেন ● জৈব সার উৎপাদন ও বিপণনের ব্যবসা করতে পারেন ● মাটি-জল পরীক্ষার জন্য ল্যাবরেটরি তৈরি করতে পারেন ● কৃষিনির্ভর পর্যটন পরিকাঠামো গড়ে তুলতে পারেন ● কৃষিজ সামগ্রী থেকে খাবার তৈরি তথা খাদ্য প্রক্রিয়াকরণের ব্যবসা করতে পারেন। শুরু করতে পারেন ছোট আকারেই। আপনার অঞ্চলে উৎপাদিত কৃষিদ্রব্য থেকেই তৈরি হতে পারে ভালো মানের টোম্যাটো কেচাপ, আচার, জ্যাম-জেলি, দুধ থেকে পনির, ক্ষীর।

যে-কোনও কৃষিভিত্তিক উদ্ভাবনী ব্যবসাই আজকের দিনে সরকারি স্বীকৃতি পাচ্ছে। আর্থিক সহায়তাও মিলছে। কেন্দ্রীয় সরকারের কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক গ্রামাঞ্চলের তরুণ-তরুণীদের কৃষিনির্ভর ব্যবসায়

এরপর চোদ্দোর পাতায়

# মাধ্যমিক পাশ তরুণীদের স্বল্পখরচে চাকরি ও ব্যবসার উপযোগী প্রশিক্ষণ



**মাধ্যমিক পাশের পরই চাইছেন চাকরি বা ব্যবসা করে নিজের পায়ে দাঁড়াতে? স্বল্প খরচে কেন্দ্রীয় সরকারি প্রতিষ্ঠানে হাতেকলমে নিতে পারেন দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ। কোর্স শেষে চাকরি ও ব্যবসা— উভয়েরই সুযোগ রয়েছে। প্রশিক্ষণ দিচ্ছে ন্যাশনাল স্কিল ট্রেনিং ইনস্টিটিউট ফর উইমেন। শুধু মেয়েরাই আবেদন করবেন।**

**নিজস্ব প্রতিনিধি:** যুদ্ধবিমান চালনা থেকে ফ্যাশনেবল পোশাক তৈরি, অফিস সামলানো থেকে নিজস্ব ব্যবসা— সব ধরনের পেশাতেই আত্মবিশ্বাসের সঙ্গে কাজ করে চলেছেন মহিলারা। কিন্তু এখনও স্কুলের গণ্ডি পার করার পর অর্থনৈতিক ও সামাজিক কারণ দেখিয়ে মেয়েদের পড়াশোনা বন্ধ করে দেওয়ার প্রবণতা লক্ষ করা যায় সমাজের নানা অংশে। এর ফলে বহু মেধাবী মেয়ের বড় হয়ে ওঠার স্বপ্ন, নিজের পায়ে দাঁড়িয়ে আয় করার ইচ্ছা অপূর্ণ থেকে যায়।

কিন্তু সময় বদলাচ্ছে। সরকারি প্রকল্প 'কন্যাশ্রী' এবং 'বেটি বাঁচাও বেটি পড়াও'-এর মাধ্যমে মেয়েদের উচ্চশিক্ষার সুযোগ করে দেওয়া হচ্ছে। এর পাশাপাশি অল্পশিক্ষিত অথচ উদ্যোগী মেয়েদের স্বনির্ভর করে তুলতে তাদের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ দিতে এগিয়ে এসেছে কেন্দ্রীয় ও রাজ্য সরকার।

মাধ্যমিক যোগ্যতায় সেক্রেটারিয়াল প্র্যাকটিস, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ড্রেস মেকিং-সহ বিভিন্ন বিষয়ের কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতার ন্যাশনাল স্কিল ট্রেনিং ইনস্টিটিউট ফর উইমেন (পূর্বতন রিজিওনাল ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট ফর উইমেন)। এটি কেন্দ্রীয় সরকারের স্কিল ডেভেলপমেন্ট অ্যান্ড এন্টারপ্রেনারশিপ মন্ত্রকের অধীনস্থ প্রতিষ্ঠান। কোর্সগুলি ন্যাশনাল কাউন্সিল ফর ভোকেশনাল ট্রেনিং কর্তৃক স্বীকৃত।

প্রশিক্ষণ নিয়ে চাকরি বা ব্যবসা দুই-ই করা যায়। ব্যবসা শুরু করতে

এরপর চোদ্দোর পাতায়



অনলাইনেও গ্রাহক হওয়া যায়
www.swarnakshar.in

কলেজে পড়তে পড়তেই নিয়মিত পড়ুন
পেশাপ্রবেশ
আর স্নাতক হয়েই যে কোনও চাকরির পরীক্ষা দিন নিশ্চিন্তে

- 'পেশাপ্রবেশ'-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
- 'পেশাপ্রবেশ' গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার ফসল।
- 'পেশাপ্রবেশ'-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয় সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
- পাঁচমেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, 'পেশাপ্রবেশ' মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
- 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।

ঘরে বসে নিয়মিত 'পেশাপ্রবেশ' পেতে ২৩০ (ক্যুরিয়ারে ৪৯০) টাকার চেক/ড্রাফ্ট নীচের ঠিকানায় পাঠিয়ে বার্ষিক গ্রাহক হোন:

Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-19
Ph: 2283-2320 □ E-mail: info@swarnakshar.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উত্তীর্ণ মেধাবীদের জন্য স্কলারশিপ

**মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে ভালো ফল করার পর অনেকেই পান না উচ্চশিক্ষার সুযোগ। ইচ্ছা পূরণের মাঝে বাধা হয়ে দাঁড়ায় আর্থিক অনটন। ২০১৯-এর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ মেধাবী ছাত্রছাত্রীদের একাদশ শ্রেণি থেকে স্নাতকস্তর পর্যন্ত পড়াশোনার জন্য স্কলারশিপ দিচ্ছে রাজ্যের তিনটি বেসরকারি প্রতিষ্ঠান। মেধাবী ছাত্রছাত্রীরা আবেদন করুন এখনই।**



**নিজস্ব প্রতিনিধি:** প্রতি বছরই মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উত্তীর্ণ মেধাবী ও অর্থনৈতিক ভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের উচ্চতর পড়াশোনার জন্য স্কলারশিপ দিয়ে থাকে বিভিন্ন সংস্থা। ২০১৯-এ যাঁরা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ করেছেন, তাঁদের স্কুল থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত পড়াশোনার জন্য স্কলারশিপ দিচ্ছে জগদীশ বোস ন্যাশনাল সায়েন্স ট্যালেন্ট সার্চ, গঙ্গা প্রসাদ বিড়লা (জি পি বিড়লা) এডুকেশনাল ফাউন্ডেশন এবং ম্যাগমা ফিনকর্প। আবেদন করতে পারেন এখনই।

## জগদীশ বোস ন্যাশনাল সায়েন্স ট্যালেন্ট সার্চ

শুধু পশ্চিমবঙ্গের ছাত্রছাত্রীদেরই এই স্কলারশিপ দেওয়া হয়। পশ্চিমবঙ্গেরই কোনও শিক্ষাপ্রতিষ্ঠানে পড়াশোনা করতে হবে। ২০১৯-এ এই স্কলারশিপ পাওয়ার জন্য কেবল ২০১৯-এ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উত্তীর্ণ প্রার্থীরাই বিবেচিত হবেন। প্রার্থী বাছাই করা হবে জুনিয়র ট্যালেন্ট সার্চ টেস্ট এবং সিনিয়র ট্যালেন্ট সার্চ টেস্টের মাধ্যমে। ২০১৮-য় এই স্কলারশিপ পেয়েছেন ৩০০ ছাত্রছাত্রী।

### •আবেদনের যোগ্যতা

**জুনিয়র ট্যালেন্ট সার্চ টেস্ট** (জে টি এস টি): শিক্ষাগত যোগ্যতা— মাধ্যমিকে ৭৫ শতাংশ নম্বর এবং পশ্চিমবঙ্গের কোনও স্কুলে ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স, বায়োলজি, স্ট্যাটিস্টিক্স এবং কম্পিউটার সায়েন্সের মধ্যে যে-কোনও তিনটি বিষয় নিয়ে একাদশ শ্রেণিতে পাঠরত ছাত্রছাত্রীরা আবেদন করবেন। **স্কলারশিপের পরিমাণ:** প্রতি মাসে ১,০০০ টাকা এবং বইয়ের খরচ বাবদ বার্ষিক ২,৫০০ টাকা। স্কলারশিপের মেয়াদ ২ বছর।

**সিনিয়র ট্যালেন্ট সার্চ টেস্ট** (এস টি এস টি): শিক্ষাগত যোগ্যতা— উচ্চমাধ্যমিকে বিজ্ঞান শাখায় উত্তীর্ণ এবং বেসিক সায়েন্স বা ইঞ্জিনিয়ারিং বা মেডিসিন নিয়ে পশ্চিমবঙ্গেরই কোনও কলেজে পড়তে আগ্রহী ছাত্রছাত্রীরা আবেদনের যোগ্য। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, ম্যাথমেটিক্স, স্ট্যাটিস্টিক্স, কম্পিউটার সায়েন্সের মধ্যে অন্তত তিনটি বিষয় পড়ে থাকতে হবে। **স্কলারশিপের পরিমাণ:** প্রতি মাসে ৪,০০০ টাকা এবং বইয়ের খরচ বাবদ দেওয়া হবে বার্ষিক ৫,০০০ টাকা। বেসিক সায়েন্সের স্কলাররা ডি এস টি-ইন্সপায়ার স্কলারশিপ পাওয়ার জন্যও বিবেচিত হবেন। সে ক্ষেত্রে স্কলারশিপ বাবদ দেওয়া হবে প্রতি মাসে ৫,০০০ টাকা। স্কলারশিপের মেয়াদ বেসিক সায়েন্সের ক্ষেত্রে ৫ বছর, ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে ৪ বছর এবং মেডিসিনের ক্ষেত্রে সাড়ে ৪ বছর।

### •প্রার্থী বাছাই

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। উচ্চমাধ্যমিক উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে নেওয়া হবে অতিরিক্ত সায়েন্টিফিক ক্রিয়েটিভিটি টেস্ট। লিখিত পরীক্ষা ২৫ অগস্ট, মাধ্যমিক উত্তীর্ণদের ক্ষেত্রে দুপুর ১২টা থেকে দুপুর ২টো এবং উচ্চমাধ্যমিক উত্তীর্ণদের ক্ষেত্রে সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত।

পরীক্ষা নেওয়া হবে রাজ্যের ২২টি জেলায়, বিভিন্ন কেন্দ্রে। পরীক্ষাকেন্দ্রের তালিকা পাবেন এই ওয়েবসাইটে: www.jbnsts.org

প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, স্নাতকস্তরের স্কলারশিপের জন্য নির্বাচিত ছেলেমেয়েদের ট্যালেন্ট এনরিচমেন্ট প্রোগ্রামের মাধ্যমে শিক্ষামূলক ভ্রমণে পাঠানো হয় দেশের প্রথম সারির বৈজ্ঞানিক গবেষণাকেন্দ্র, যেমন, ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন (ইসরো), ন্যাশনাল এরোস্পেস ল্যাবরেটরি, হিন্দুস্তান এরোনটিক্স লিমিটেড (হ্যাল), জওহরলাল নেহরু সেন্টার ফর অ্যাডভান্সড সায়েন্টিফিক রিসার্চ, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স প্রভৃতি প্রতিষ্ঠানে। এর মাধ্যমে ছাত্রছাত্রীরা সায়েন্টিফিক ল্যাবরেটরিতে গবেষণার কাজে যুক্ত বিজ্ঞানী ও অধ্যাপকদের সঙ্গে চিন্তাভাবনা আদানপ্রদানের সুযোগ পান। এছাড়াও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব ল্যাবরেটরি এবং বছরের নানা সময়ে অনুষ্ঠিত হওয়া বিভিন্ন ওয়ার্কশপে ছাত্রছাত্রীরা নিজেদের বৈজ্ঞানিক প্রতিভা মেলে ধরার সুযোগ পান।

> জগদীশ বোস ন্যাশনাল সায়েন্স ট্যালেন্ট সার্চে প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। উচ্চমাধ্যমিক উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে নেওয়া হবে অতিরিক্ত সায়েন্টিফিক ক্রিয়েটিভিটি টেস্ট। লিখিত পরীক্ষা ২৫ অগস্ট, মাধ্যমিক উত্তীর্ণদের ক্ষেত্রে দুপুর ১২টা থেকে দুপুর ২টো এবং উচ্চমাধ্যমিক উত্তীর্ণদের ক্ষেত্রে সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত।

### •আবেদনের পদ্ধতি

ট্যালেন্ট সার্চ টেস্টে অংশগ্রহণের জন্য আবেদন করা যাবে অনলাইন এবং অফলাইন— উভয় মাধ্যমেই।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jbnsts.org

আবেদনপত্র পূরণের সময় স্ক্যান করে আপলোড করবেন— প্রার্থীর পাসপোর্ট মাপের ফটো (জেপেগ ফর্ম্যাটে ১৬০×৯০ পিক্সেল ডাইমেনশনে), সই (জেপেগ ফর্ম্যাটে ১৬০×১০০ পিক্সেল ডাইমেনশনে), মাধ্যমিক, উচ্চমাধ্যমিকের মার্কশিট এবং একাদশ শ্রেণিতে ভর্তির প্রমাণপত্র (সবই পি ডি এফ ফর্ম্যাটে ১ এম বি সাইজের মধ্যে)।

ফি বাবদ ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জে টি এস টি এবং এস টি এস টি-র জন্য দিতে হবে যথাক্রমে ১০০ টাকা এবং ২০০ টাকা। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নেবেন। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রেরও এক কপি প্রিন্ট আউট নেবেন। দুটি প্রিন্ট আউটই নিজের কাছে রেখে দেবেন।

অফলাইনে দরখাস্ত করতে চাইলে দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন— ✓ফি বাবদ জে টি এস টি এবং এস টি এস টি-র জন্য যথাক্রমে ১০০ টাকা ও ২০০ টাকার ব্যাঙ্ক ড্রাফট। ড্রাফটটি 'Jagadis Bose National Science Talent Search'-এর অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে ✓প্রার্থীর তিন কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোগুলি দরখাস্ত এবং অ্যাডমিট কার্ডের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন ✓মাধ্যমিকের মার্কশিট ও অ্যাডমিট কার্ডের নকল ✓একাদশ শ্রেণিতে ভর্তির প্রমাণপত্রের নকল ✓উচ্চমাধ্যমিকের মার্কশিটের নকল ✓কলেজে ভর্তির প্রমাণপত্রের নকল (ভর্তি হয়ে থাকলে) ✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা ও ১০ টাকার ডাকটিকিট সাঁটানো ২০×১২ সেমি মাপের একটি খাম।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ৩১ জুলাইয়ের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: জগদীশ বোস ন্যাশনাল সায়েন্স ট্যালেন্ট সার্চ অফিস, ১৩০০, রাজডাঙ্গা মেন রোড, কসবা, কলকাতা-৭০০ ১০৭।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: (০৩৩) ২৪৪২-৮২৭০/২৪৪১-৭৫৪২।

## জি পি বিড়লা স্কলারশিপ

২০১৯ সালে উচ্চমাধ্যমিক উত্তীর্ণ মোট ১০০ জন মেধাবী এবং আর্থিক দিক থেকে পিছিয়ে পড়া ছাত্রছাত্রীকে স্কলারশিপ দেবে জি পি বিড়লা এডুকেশনাল ফাউন্ডেশন। এই স্কলারশিপ শুধুমাত্র পশ্চিমবঙ্গের ছাত্রছাত্রীদের দেওয়া হবে।

### •আবেদনের যোগ্যতা

এ রাজ্যের কোনও স্বীকৃত বোর্ড থেকে ৮০ শতাংশ অথবা কেন্দ্রীয় বোর্ড থেকে ৮৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক উত্তীর্ণ হয়ে থাকতে হবে। সায়েন্স, কমার্স, আর্টস, ইঞ্জিনিয়ারিং, মেডিসিন, আর্কিটেকচার, ল, চার্টার্ড অ্যাকাউন্টেন্সি, কোম্পানি সেক্রেটারিশিপ, কস্ট অ্যাকাউন্টেন্সি বা যে-কোনও বিষয় নিয়ে উচ্চশিক্ষায় আগ্রহী প্রার্থীরা আবেদন করতে পারেন।

বার্ষিক পারিবারিক আয় ৩ লাখের নীচে হতে হবে।

### •স্কলারশিপের পরিমাণ

প্রতি বছর সর্বাধিক ৫০,০০০ টাকা। এছাড়াও বইয়ের খরচ বাবদ এককালীন ৭,০০০ টাকা পাওয়া যাবে। স্কলারশিপের মেয়াদ সর্বাধিক ৪ বছর। প্রতি শিক্ষাবর্ষের ফলাফল বিচার করে স্কলারশিপ নবীকরণ করা হবে।

### •প্রার্থী বাছাই

শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

### •কীভাবে আবেদন

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.gpbirlaedufoundation.com পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন— ✓প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন ✓উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষার মার্কশিটের নকল ✓পরিবারের বার্ষিক আয়ের প্রমাণপত্রের নকল ✓কলেজে ভর্তির প্রমাণপত্রের নকল (ভর্তি হয়ে থাকলে) ✓অন্যান্য যোগ্যতার প্রমাণপত্রের নকল।

প্রার্থী শেষ যে-প্রতিষ্ঠানে পড়াশোনা করেছেন অথবা যে-কলেজে ভর্তি হয়েছেন তার প্রধানকে দিয়ে দরখাস্তটি প্রত্যয়িত করিয়ে নেবেন।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত ১৫ জুলাইয়ের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: G.P. Birla Educational Foundation, 78, Syed Amir Ali Avenue, Kolkata-700 019.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ম্যাগমা ফিনকর্প স্কলারশিপ

আর্থিকভাবে পিছিয়ে পড়া ১০০ জন মেধাবী ছাত্রছাত্রীকে স্কলারশিপ দেয় ম্যাগমা ফিনকর্প। ৩ থেকে ৪ বছরের জন্য দেওয়া হবে এই স্কলারশিপ।

### •আবেদনের যোগ্যতা

অন্তত ৮০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। ১৫-৮-২০১৯ তারিখে ২০ বছরের মধ্যে বয়স হতে হবে। এর পাশাপাশি মাসিক পারিবারিক আয় হতে হবে ১০,০০০ টাকার নীচে।

স্কলারশিপের জন্য চিঠি লিখে আবেদন করতে হবে। আবেদনপত্রের সঙ্গে দিতে হবে এই সব নথি— ✓প্রার্থীর ২ কপি পাসপোর্ট মাপের ফটো ✓উচ্চমাধ্যমিকের মার্কশিটের প্রত্যয়িত নকল ✓বয়সের প্রমাণপত্রের নকল ✓স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের নকল ✓সচিত্র পরিচয়পত্রের নকল ✓ইনকাম সার্টিফিকেটের নকল ✓কলেজে ভর্তি হওয়ার প্রমাণপত্রের নকল ✓প্রার্থী শেষ যে-প্রতিষ্ঠানে পড়াশোনা করেছেন তার প্রধানের দেওয়া ক্যারেকটার সার্টিফিকেটের নকল ✓ব্যাঙ্ক অ্যাকাউন্ট-সংক্রান্ত নথি।

নথিপত্র-সহ আবেদনপত্র পাঠাতে হবে এই ঠিকানায়: Corporate Communications Department, Magma Fincorp Ltd., Tower 4A, Ecospace Business Park, Ambuja Realty Campus, New Town, Kolkata-700156, West Bengal.

প্রতিষ্ঠানের তরফে আবেদনের কোনও শেষ তারিখ জানানো হয়নি। আগ্রহীরা তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://magma.co.in/m-scholar-launch-tomm প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৭০৪৪০-৩৩৭১৪ (সকাল ১১টা থেকে বিকেল ৫টা)। ই-মেল: csr@magma.co.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার

জুন মাসের প্রতিযোগিতায় বিজয়ী **ভরতচন্দ্র মাইতি** ও **সুমন ঘোষ**

দু'জনেই পেলেন ২,৫০০ টাকা পুরস্কার



বিচার করেছেন এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের প্রাক্তন ডিরেক্টর এবং বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের প্রাক্তন ডেপুটি সেক্রেটারি **এম এন মাইতি**



## তরল সাবান তৈরি

**ভরতচন্দ্র মাইতি,** ধনকর, পূর্ব মেদিনীপুর

**বিচারক:** আমেদাবাদ কেমিক্যালস ফ্যাক্টরিতে কাজ করতেন। ওখান থেকে শিখে নিজেই তরল সাবান তৈরির ব্যবসা করছেন মেদিনীপুরের এই তরুণ। তৈরি করার পদ্ধতি সুন্দরভাবে লিখেছেন। ওঁর উদ্যোগকে সাধুবাদ জানাই।



আমি সাধারণ কৃষক পরিবারের সন্তান। 'কর্মক্ষেত্র' পত্রিকার একজন নিয়মিত পাঠক। দ্বাদশ শ্রেণি পর্যন্ত পড়াশোনার পর আমি আমেদাবাদ চলে যাই। ওখানে পটেল কেমিক্যালস-এ কাজ করি। ওই সংস্থায় তরল সাবান তৈরি হতো। প্রায় একবছর কাজ করার পর বাড়ি আসি। তখন ভাবলাম, বাড়িতে থেকেই যদি তরল সাবান তৈরির ব্যবসা শুরু করতে পারি তাহলে হয়ত লাভের মুখ দেখতে পাব।

### কেন এই ব্যবসা

থালা-বাটি ধোয়ার জন্য বর্তমানে তরল সাবান বা লিকুইড ডিশওয়াশ ব্যবহার করা হয়। অল্প পরিমাণ তরল সাবানে অনেক ফেনা হয়। ফলে খরচও বাঁচানো যায়। সেই কারণে বিশেষ করে হোটেল, রেস্তোরাঁয় প্লেট, গ্লাস, চামচ ইত্যাদি ধোয়ার জন্য তরল সাবান ব্যবহার করা হচ্ছে।

### কীভাবে এগোবেন

লিকুইড ডিশওয়াশ বা তরল সাবান তৈরি করার জন্য স্থায়ী উপকরণ কিনতে প্রায় ৫,০০০ টাকা প্রয়োজন হতে পারে। এছাড়া কাঁচামাল কেনার জন্য ৫,০০০ টাকা প্রয়োজন হবে। যদি ব্যক্তিগত পুঁজি না থাকে তাহলে মূলধন সংগ্রহের জন্য নিকট আত্মীয়স্বজনের কাছ থেকে বা ঋণপ্রদানকারী ব্যাঙ্ক থেকে স্বল্প সুদে ঋণ নেওয়া যেতে পারে।

লিকুইড ডিশওয়াশ বা তরল সাবান তৈরি করার জন্য স্থায়ী উপকরণ কিনতে প্রায় ৫,০০০ টাকা প্রয়োজন হতে পারে। এছাড়া কাঁচামাল কেনার জন্য ৫,০০০ টাকা প্রয়োজন হবে। যদি ব্যক্তিগত পুঁজি না থাকে তাহলে মূলধন সংগ্রহের জন্য নিকট আত্মীয়স্বজনের কাছ থেকে বা ঋণপ্রদানকারী ব্যাঙ্ক থেকে স্বল্প সুদে ঋণ নেওয়া যেতে পারে।

### তরল সাবান তৈরির পদ্ধতি

প্রথমে ৯ লিটার আয়রনমুক্ত পরিষ্কার জল নিতে হবে। ওই জল গরম করে গরম জলে ২ কেজি জেনথাল গাম মিক্সচার মেশিন দিয়ে গোলাতে হবে। গোলানো হয়ে গেলে ২৪ ঘণ্টা বা ১ দিন রেখে দিতে হবে। ২৪ ঘণ্টা পর এই মিশ্রণে ৪ কেজি সোডিয়াম ট্রাই পলি-ফসফেট আস্তে আস্তে ঢালতে হবে এবং মিক্সচার মেশিন দিয়ে ভালো ভাবে মেশাতে হবে। এরপর মিশ্রণের সঙ্গে ৪ কেজি ল্যাবসা মেশাতে হবে এবং ১ কেজি ফরমালিন ঢেলে তা মিক্সচার মেশিনের সাহায্যে গুলে নিতে হবে। এভাবে সব উপকরণ ভালোভাবে মেশানো হয়ে গেলে তাতে ৩ থেকে ৬ আউন্স রং মেশাতে হবে। সুন্দর গন্ধের জন্য এই মিশ্রণের সঙ্গে পারফিউম বা সুগন্ধী মেশানো যায়। এভাবে তৈরি হয়ে যাবে তরল সাবান বা লিকুইড ডিশওয়াশ। তবে সব উপকরণ সঠিক পরিমাণে মেশাতে হবে এবং পারফিউম বা সুগন্ধী মেশানোর পর বেশিক্ষণ খোলা রাখা যাবে না। কারণ বেশিক্ষণ খোলা রাখলে সুগন্ধ হালকা হয়ে যাবে।

### প্রয়োজনীয় উপকরণ

**স্থায়ী উপকরণ**

| | | |
|---|---|---|
| • ঘর (৪০ মিঃ × ৪০ মিটার) | নিজস্ব | |
| • উনুন ২টি | নিজস্ব (হাতে বানানো) | |
| • বালতি ২টি | ২০০ | টাকা |
| • মিক্সচার মেশিন ১টি | ২,০০০ | " |
| • স্টিলের পাত্র ২টি | ২০০ | " |
| • মাপার যন্ত্র ১টি | ১,০০০ | " |
| • মাপার পাত্র ১টি | ১০০ | " |
| • অন্যান্য | ৫০০ | " |
| মোট | ৪,০০০ | টাকা |

**কাঁচামাল:** (১০০ লিটার লিকুইড ডিশওয়াশ তৈরির জন্য)

| | | |
|---|---|---|
| • জেনথাল গাম ২ কেজি | ১,২০০ | টাকা |
| • সোডিয়াম ট্রাই পলি ফসফেট ৮ কেজি | ১,৬০০ | " |
| • জল ৯০ লিটার | নিজস্ব | |
| • সোডিয়াম মেটাসিলিকেট ৮ কেজি | ৮০০ | " |
| • ল্যাবসা ৮ কেজি | ৮০০ | " |
| • রং ৬ আউন্স | ২০০ | " |
| • সুগন্ধী ১/২ আউন্স | ১০০ | " |
| • অন্যান্য | ৫০০ | " |
| মোট | ৫,২০০ | টাকা |

**লাভ:** এই পরিমাণ কাঁচামাল দিয়ে ১০০ লিটার তরল সাবান তৈরি করা যেতে পারে। তরল সাবান তৈরি হয়ে গেলে বোতল বা প্যাকেটে ভরে বিক্রি করতে হবে। প্রতি প্যাকেট বা বোতলের মাপ ২৫০ মিলিলিটার ধরলে ১০০ লিটার দিয়ে ৪০০ প্যাকেট বা বোতল তৈরি হবে।

১ প্যাকেট বা বোতল প্রায় ৪০ টাকা

৪০০টি প্যাকেট বা বোতলের বিক্রয়মূল্য (৪০০ × ৪০) টাকা = ১৬,০০০ টাকা

**মোট লাভ:** (১৬,০০০ - ৫,২০০) = ১০, ৮০০ টাকা

বিনিয়োগ ও বিক্রয়ের উপর লাভক্ষতি নির্ভর করে। অনেক সময় জিনিসপত্রের দাম ওঠানামা করে। তাই এক্ষেত্রে হিসাবটি কেবল ধারণা দেওয়ার জন্য।

স্থায়ী উপকরণগুলি একবার কিনলে অনেকদিন ধরে কাজ করা যাবে। ব্যবসার শুরুতে এই খরচটি করতে পারলে পরবর্তীকালে শুধু কাঁচামাল কিনে ব্যবসা চালানো যাবে।



## পুকুরে ভিয়েতনামি কই মাছের চাষ

**সুমন ঘোষ,** মালিয়া-হরিপাল, হুগলি

**বিচারক:** 'কর্মক্ষেত্র' পড়ে উৎসাহিত হয়ে এ ধরনের মাছের চাষের প্রশিক্ষণ নিয়ে ব্যবসা শুরু করতে চলেছেন। কীভাবে লাভ আসবে হিসেব দিয়েছেন। খরচের হিসেবটা কমের দিকে। মাছ ছাড়া, ধরা, বাজারজাত করার জন্য লোকের দরকার। এমনকী শ্রম নিজস্ব হলেও হিসেবের মধ্যে রাখা ভালো।

আমি 'কর্মক্ষেত্র' পত্রিকার একজন নিয়মিত পাঠক। এই পত্রিকার মাধ্যমে মাছ চাষের প্রশিক্ষণের কথা জানতে পেরে কল্যাণী বিশ্ববিদ্যালয়ে মাছ চাষের প্রশিক্ষণ নিই। সুপরিকল্পিত ভাবে মাছ চাষ করতে গেলে প্রশিক্ষণ আবশ্যিক।

### ব্যবসাটি বেছে নেওয়ার কারণ

সুস্বাদু মাছ হিসেবে কই মাছের তুলনা নেই। কই মাছের ঝোল, তেলকই— হরেকরকম রেসিপি হয়। আমাদের 'দেশি কই' মাছের বাড়বৃদ্ধি কম। এজন্য থাইল্যান্ডের কই চাষ শুরু হয়। কিন্তু থাই কইয়ের সমস্যা হল, কিছু মাছ তুলে নিলে বাকিরা খাওয়া বন্ধ করে দেয়। সেজন্য এখন ভিয়েতনামি কই চাষ হচ্ছে। এই মাছটির ৪ মাসে গড় ওজন হয় ২০০-২৫০ গ্রাম । স্বাদ 'দেশি কই' মাছের মতো হওয়ায় দাম বেশি পাওয়া যায়।

### চাষের জন্য পুকুর

পুকুরের আয়তন অন্তত ১ বিঘা এবং জলের গভীরতা ৪-৫ ফুট হতে হবে। কম কাদাপূর্ণ ও তলদেশে সামান্য বালি থাকলে ভালো হয়। মাছ ছাড়ার ১৫ দিন আগে সরষের খোল বিঘাপ্রতি ২০ কেজি, গোবর ১৫ কেজি, ইস্ট, ইউরিয়া, ফসফেট ৫ কেজি দিয়ে দিতে হবে মাছের প্রাকৃতিক খাদ্য তৈরির জন্য। সেইসঙ্গে পুকুরের চারপাশ পরিষ্কার রাখতে হবে। প্রয়োজনমতো চুন প্রয়োগ আবশ্যিক।

### মাছ ছাড়া ও পরিচর্যা

নৈহাটি বাজারে ভিয়েতনামি কই মাছের চারা পাওয়া যায়। বিঘাপ্রতি ১০ হাজার চারা ছাড়া যাবে। ভিয়েতনামি কই মাছ চাষের জন্য ৩০%-৪০% খাবার প্রয়োজন। এই মাছের জন্য তৈরি করা খাবার দিলে খাওয়ার খরচ কম হবে। প্রতি ৭-১০ দিন অন্তর জাল দিয়ে মাছের স্বাস্থ্য পরীক্ষা করতে হবে। চারা ছাড়ার ১ মাস পর ৫ কেজি জিওলাইট দিতে হবে। প্রতি ১ মাস অন্তর ২০% জল বদলে দিলে মাছের বৃদ্ধি ও স্বাস্থ্য ভালো হবে। মেঘলা আবহাওয়া বা অতিরিক্ত বৃষ্টি হলে খাবার দেওয়া ঠিক নয়। মাছরাঙা, বক প্রভৃতি পাখির হাত থেকে বাঁচাতে পুকুরে দড়ি ও রঙিন কাগজ দিলে ভালো হয়।

### মাছ সংগ্রহ

৩-৪ মাসে কইয়ের ওজন ২০০-২৫০ গ্রাম হয়ে যায়। জাল টেনে বা পুকুর শুকনো করে মাছ ধরা যাবে। বিঘাপ্রতি ১০-১৫ কুইন্টাল মাছ পাওয়া যায়।

| | | |
|---|---|---|
| **খরচ:** ১ বিঘা পুকুর | নিজস্ব | |
| পুকুর প্রস্তুতি | ২,০০০ | টাকা |
| **মাছ:** প্রতিটি ৫০ পয়সা দরে (১০,০০০×৫০) | ৫,০০০ | " |
| খাবার চুন ও অন্যান্য | ৫,০০০ | " |
| মোট | ১২,০০০ | টাকা |

**আয়:** ধরে নেওয়া যাক ২,০০০ মাছ মারা যাবে। অর্থাৎ ৮,০০০ মাছ গড়ে ২০০ গ্রাম করে ওজন হবে। আনুমানিক ১৫ কুইন্টাল মাছ পাওয়া যাবে।

প্রতি কেজি মাছ যদি ন্যূনতম ১০০ টাকা কেজি দরে বিক্রি হয় তাহলে মোট বিক্রয়মূল্য:

১৫০০ × ১০০ = ১,৫০,০০০ টাকা।

সুতরাং মোট আয় হবে (১,৫০,০০০-১২,০০০)

= ১,৩৮,০০০ টাকা

এই চাষ সম্পর্কে বিস্তারিত জানতে স্থানীয় ব্লকে মৎস্য সম্প্রসারণ বিভাগে যোগাযোগ করতে পারেন। এছাড়া প্রশিক্ষণের জন্য জেলার মীন ভবনে, কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বয়স্ক শিক্ষাকেন্দ্রে বা বেলুড় মঠ সমাজ সেবক মন্দিরে যোগাযোগ করতে পারেন।

## স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

# প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**অগস্ট-এর প্রতিযোগিতার জন্য জুলাই মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ অগস্ট-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:

**সম্পাদক, কর্মক্ষেত্র,** ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# অগ্নিকাণ্ড প্রতিরোধ ও মোকাবিলার দুই সরকারি কোর্স



অগ্নিকাণ্ড প্রতিরোধ এবং মোকাবিলায় আরও বেশি প্রশিক্ষিত লোকের প্রয়োজন হয়ে পড়েছে। কেন্দ্রীয় সরকারের সংস্থার সঙ্গে যৌথ উদ্যোগে ফায়ার সেফটি ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা এবং ফায়ার টেকনোলজি অ্যান্ড সেফটি ম্যানেজমেন্টের ডিপ্লোমা কোর্স পড়াচ্ছে এম এন জি অ্যাকাডেমি। এখন ভর্তি চলছে।

**নিজস্ব প্রতিনিধি:** আগুন। সভ্যতার সর্বশ্রেষ্ঠ আবিষ্কার। আবার, সেই আগুনই কখনও কখনও বিধ্বংসী। যথাযথ ব্যবস্থা না নেওয়া হলে মাত্র তিন মিনিটের মধ্যে দাবানলে পরিণত হতে পারে কেবল একটি স্ফুলিঙ্গ।

### ফায়ার ম্যানেজমেন্ট

আগুন লাগলে কিছু ক্ষয়ক্ষতি অবশ্যম্ভাবী। তাই আগুন লাগার মতো বিপর্যয়টাই যাতে না ঘটে, আগেভাগে সেই ব্যবস্থা গড়ে তোলার উপর জোর দেওয়া হয়। অগ্নিকাণ্ড প্রতিরোধে আগাম এই ব্যবস্থাপনাই ফায়ার সেফটি ম্যানেজমেন্ট।

কোথায় কোন ধরনের আগুন প্রতিরোধী ব্যবস্থা দরকার সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়াও ফায়ার সেফটি ম্যানেজমেন্টের পেশাদারদের কাজ। বহুতল বাড়ি, শপিং মল, হাসপাতাল কিংবা রাসায়নিক সামগ্রী উৎপাদক সংস্থা— একেক জায়গায় অগ্নি সুরক্ষার বিধি একেক রকম। ফলে ব্যবস্থাও নিতে হয় সেই অনুযায়ী। চাকরির বাজারে ফায়ার সেফটি ম্যানেজমেন্টের দক্ষ পেশাদারদের ভালো চাহিদা আছে।

### ফায়ার টেকনোলজি

কোথাও আগুন লাগলে দ্রুত সেই আগুন নিয়ন্ত্রণে আনাটাই প্রধান কাজ। তাতে সম্পত্তির ক্ষয়ক্ষতি-সহ প্রাণহানির ঘটনাকেও এড়ানো যায়। এজন্য বর্তমানে নানা আধুনিক সরঞ্জাম রয়েছে পেশাদারদের হাতে। যেমন, অত্যাধুনিক ফায়ার এক্সটিঙ্গুইশার, ফায়ার ড্যাম্পার, ফায়ার হাইড্রান্ট, ইনার্ট গ্যাস সিস্টেম, রিমোট শাট অ্যান্ড স্টপ সিস্টেম, এমার্জেন্সি এসকেপ ব্রিদিং ডিভাইস ইত্যাদি। প্রযুক্তিগত দক্ষতা না থাকলে এইসব যন্ত্রপাতি ব্যবহার করা কার্যত অসম্ভব। কিন্তু চাহিদার তুলনায় ফায়ার টেকনোলজি জানা দক্ষ পেশাদারদের জোগান কম। ফলে প্রযুক্তি জানা প্রশিক্ষিত লোকের চাকরির বাজারে যথেষ্ট কদর।

> বর্তমানে নানা আধুনিক সরঞ্জাম রয়েছে পেশাদারদের হাতে। যেমন, অত্যাধুনিক ফায়ার এক্সটিঙ্গুইশার, ফায়ার ড্যাম্পার, ফায়ার হাইড্রান্ট, ইনার্ট গ্যাস সিস্টেম, রিমোট শাট অ্যান্ড স্টপ সিস্টেম, এমার্জেন্সি এসকেপ ব্রিদিং ডিভাইস ইত্যাদি। প্রযুক্তিগত দক্ষতা না থাকলে এইসব যন্ত্রপাতি ব্যবহার করা কার্যত অসম্ভব। কিন্তু চাহিদার তুলনায় ফায়ার টেকনোলজি জানা দক্ষ পেশাদারদের জোগান কম। ফলে প্রযুক্তি জানা প্রশিক্ষিত লোকের চাকরির বাজারে যথেষ্ট কদর।

### পড়াশোনার ব্যবস্থা

ফায়ার সেফটি ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা এবং ফায়ার টেকনোলজি ও সেফটি ম্যানেজমেন্টের ডিপ্লোমা কোর্স পড়াচ্ছে এম এন জি অ্যাকাডেমি। কেন্দ্রীয় সরকারের মাইক্রো স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজেস বিভাগের সংস্থা এম এস এম ই টেকনোলজি ডেভেলপমেন্ট সেন্টারের সঙ্গে যৌথ উদ্যোগে পড়ানো হবে কোর্স দু'টি। দু'টি কোর্সেরই মেয়াদ ১ বছর।

ফায়ার সেফটি ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সটি পড়তে পারেন যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরা। ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখার ডিপ্লোমাধারীরাও এই কোর্সটি পড়ার জন্য আবেদন করতে পারেন।

ফায়ার টেকনোলজি ও সেফটি ম্যানেজমেন্টের ডিপ্লোমা কোর্সটি পড়তে পারেন যে-কোনও শাখার উচ্চমাধ্যমিকরা।

এম এন জি অ্যাকাডেমির চিফ অপারেটিং অফিসার রনিত বোস জানান, দু'টি কোর্সের পাঠ্যক্রমই তৈরি করেছে কেন্দ্রীয় সরকারের সংস্থা এম এস এম ই টেকনোলজি ডেভেলপমেন্ট সেন্টার। কোর্স শেষে সার্টিফিকেটও দেবে এই সংস্থাই। রনিতবাবু আরও জানালেন, থিওরির ক্লাসের সঙ্গে হাতেকলমে প্রশিক্ষণের উপরও বিশেষ জোর দেওয়া হবে। থাকবে ফিল্ড অ্যাক্টিভিটিস, ইন্ডাস্ট্রিয়াল ভিজিট, সিচুয়েশন ডেমনস্ট্রেশন।

**ফি:** পরীক্ষার ফি এবং জি এস টি-সহ কোর্স ফি: ফায়ার সেফটি ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সটির ক্ষেত্রে ৭৮ হাজার টাকা এবং ফায়ার টেকনোলজি অ্যান্ড সেফটি ম্যানেজমেন্টের ডিপ্লোমা কোর্সটির ক্ষেত্রে ৬৫ হাজার টাকা।

কোর্সদু'টি পড়ানো হবে এম এন জি অ্যাকাডেমির তিনটি কেন্দ্রে। ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে।

কেন্দ্র অনুসারে ঠিকানা:

**বেলঘরিয়া কেন্দ্র:** ৯/৫, ফিডার রোড, রথতলা, বেলঘরিয়া, কলকাতা-৭০০ ০৫৬। ফোন: ২৫৪৪-৩৩৫৫, ৭৯৮০১-৯১৪৩৫।

**বারাসাত কেন্দ্র:** কে এন সি রোড, হরিতলা মোড়, বিধান সিনেমা হলের উল্টোদিকে, বারাসাত, কলকাতা-৭০০ ১২৪। ফোন: ২৫৬২-৩৩১২, ৬২৮৯৫-৯৫৮২৮।

**বর্ধমান কেন্দ্র:** ৩৪, পার্কাস রোড (আনন্দময়ী ফার্নিচারের পাশে), বর্ধমান-৭১৩ ১০১। ফোন: ৮২৪০৯-৯৫২১৭।

# মৎস্যবিজ্ঞান নিয়ে পড়াশোনা

ভারতে মাছের ফলন ও মাছ থেকে প্রক্রিয়াজাত পণ্যের রপ্তানি আরও বাড়াতে উদ্যোগী হয়েছে কেন্দ্রীয় সরকার। জোর দেওয়া হচ্ছে বিভিন্ন প্রজাতির মাছ নিয়ে গবেষণা ও উৎপাদন-সংক্রান্ত পরিকাঠামো উন্নয়নে। এর জন্য চাহিদা বাড়ছে দক্ষ মৎস্যবিজ্ঞানীদের। উচ্চমাধ্যমিকের পর পড়তে পারেন ফিশারি সায়েন্সের স্নাতক কোর্স। ভর্তি নিচ্ছে ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অব অ্যানিম্যাল অ্যান্ড ফিশারি সায়েন্সেস।



**নিজস্ব প্রতিনিধি:** আমিষাশী ভোজনরসিকদের রসনাকে তৃপ্ত করতে জুড়ি নেই মাছের। দেশের মধ্যে তো বটেই, বিদেশেও ভারতে উৎপাদিত মাছের বিরাট বাজার রয়েছে।

বিশ্বে মাছ উৎপাদনে ভারতের স্থান দ্বিতীয়। এ দেশের প্রায় আট হাজার কিলোমিটার বিস্তৃত উপকূলীয় অঞ্চল জুড়ে রয়েছে ত্রিশটি মৎস্যবন্দর, মিষ্টি জলের অসংখ্য ভেড়ি, মৎস্য গবেষণাকেন্দ্র। এর উপর, মাছের চাষ ও সেই সংক্রান্ত পরিকাঠামো আরও উন্নত করে তুলতে ২০১৫-য় ব্লু রেভোলিউশন মিশনের সূচনা করেছে কেন্দ্র। মাছের উৎপাদন বাড়ানো এবং ২০২০-র মধ্যে মাছ রপ্তানির পরিমাণ তিনগুণ বৃদ্ধি করাই ব্লু রেভোলিউশনের লক্ষ্য। সরকারি বাজেটে প্রায় ৩,০০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে এই কাজে।

বিপুল এই কর্মকাণ্ডের যথাযথ রূপায়ণের জন্য মৎস্যবিজ্ঞানীদের চাহিদা বাড়ছে। আগ্রহ থাকলে উচ্চমাধ্যমিকের পর পড়তে পারেন ফিশারি সায়েন্সের স্নাতক কোর্স। ভর্তি নিচ্ছে ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অব অ্যানিম্যাল অ্যান্ড ফিশারি সায়েন্সেস।



### কী পড়বেন

ব্যাচেলর অব ফিশারি সায়েন্সেস কোর্সে পড়ানো হয়— বিভিন্ন প্রজাতির মাছের শ্রেণিবিন্যাস, মিষ্টি জলের মাছ এবং সামুদ্রিক মাছের গঠনগত ও পুষ্টিগত বিভেদ ও বৈশিষ্ট্য, মৎস্য সংরক্ষণ পদ্ধতি এবং সে-সংক্রান্ত প্রযুক্তির ব্যবহার, রঙিন মাছচাষের পদ্ধতি, মাছ থেকে প্রসেসড খাবার তৈরি, ফুড প্যাকেজিং, জলাশয়-নদী-সমুদ্রের বাস্তুতন্ত্র দূষণমুক্ত রাখার উপায়, বায়োকেমিস্ট্রি, মাইক্রোবায়োলজি এবং মেরিন বায়োলজি।

কোর্স চলাকালীন ছাত্রছাত্রীদের শিক্ষামূলক ভ্রমণে নিয়ে যাওয়া হয় দিঘা, কাকদ্বীপ, নামখানা অঞ্চলে মিষ্টি জলের ভেড়ি এবং ফিশ ব্রিডিং রিসার্চ সেন্টারে।

ব্যাচেলর অব ফিশারি সায়েন্সেস কোর্সের মেয়াদ ৪ বছর। আসনসংখ্যা ৪৪টি।

### কারা পড়বেন

বিজ্ঞান শাখায় ৫০ শতাংশ (তফসিলি এবং ওবিসিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অব অ্যানিম্যাল অ্যান্ড ফিশারি সায়েন্সেসে ফিশারি সায়েন্সের স্নাতক কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। উচ্চমাধ্যমিকে ইংরেজি, ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি পড়ে থাকতে হবে।

১-১২-২০১৯ তারিখে বয়স হতে হবে অন্তত ১৭ বছর। তফসিলি এবং ওবিসিরা ৩ বছর বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

### পড়ার খরচ

সেমেস্টার প্রতি ফি ৯,৮৬০ টাকা। হস্টেল ফি অতিরিক্ত।

ইউনিভার্সিটি অব অ্যানিম্যাল অ্যান্ড ফিশারি সায়েন্সেসের তরফে জানানো হয়েছে, স্নাতকস্তরে মেধার ভিত্তিতে বাছাই করা কিছু ছাত্রছাত্রী প্রতি মাসে স্টাইপেন্ড পান।

এই প্রতিষ্ঠানে পড়ানো হয় ফিশারি সায়েন্সের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সও।

*এরপর চোদ্দোর পাতায়*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# চর্মসামগ্রী তৈরির কোর্সে ভর্তি চলছে

**চর্মজাত পণ্যের উৎপাদন পদ্ধতি এবং বাজার সম্পর্কে পড়ানো হয় সরকারি প্রতিষ্ঠানে ‘বুট, শু অ্যান্ড লেদার গুডস ম্যানুফ্যাকচারিং’-এর অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্সে। মাধ্যমিক পাশ করে থাকলেই আবেদন করতে পারেন। এখন ভর্তি চলছে।**



**নিজস্ব প্রতিনিধি:** ব্যাগ, জুতো, বেল্টের মতো চামড়ার তৈরি বিভিন্ন সামগ্রীর প্রতি মানুষের আকর্ষণ এমনিতেই প্রবল। এর সঙ্গে বর্তমানে যোগ হয়েছে ডিজাইনার পণ্যর প্রতি চাহিদা। সাম্প্রতিক একটি সমীক্ষা বলছে, ২০১৮-য় বিশ্বে চর্মজাত পণ্যের মোট বাজার ছিল ৯৫.৪ বিলিয়ন ডলারের, যা ২০২২-এ ১২৮.৬১ বিলিয়ন ডলারে পৌঁছে যাবে বলে অনুমান। লেদার ইন্ডাস্ট্রির বাজার সারা পৃথিবীতেই ক্রমশ বাড়ছে এবং ভারতও এর ব্যতিক্রম নয়।

মার্কিন যুক্তরাষ্ট্র-সহ পশ্চিমী দেশগুলি ভারতের চর্মজাত পণ্যের প্রধান ক্রেতা। রপ্তানি বাণিজ্যর পাশাপাশি ভারতের চর্মজাত পণ্যের অভ্যন্তরীণ বাজারও যথেষ্ট ভালো। লেদার ম্যানুফ্যাকচারিংয়ে পৃথিবীতে তৃতীয় স্থানে রয়েছে ভারত। বাজারের পরিসর বৃহৎ, ফলে এ ক্ষেত্রে কর্মীর চাহিদাও প্রচুর।

### কোথায় পড়বেন

বুট, শু অ্যান্ড লেদার গুডস ম্যানুফ্যাকচারিং-এর অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স পড়ানো হয় কলকাতার গভর্নমেন্ট কলেজ অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড লেদার টেকনোলজিতে। ২ বছরের পূর্ণ সময়ের এই সার্টিফিকেট কোর্সটি ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট দ্বারা স্বীকৃত।

> গভর্নমেন্ট কলেজ অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড লেদার টেকনোলজির ‘বুট, শু অ্যান্ড লেদার গুডস ম্যানুফ্যাকচারিং’ বিভাগের সুপারিন্টেন্ডেন্ট অধ্যাপক অরিজিৎ চক্রবর্তী ‘কর্মক্ষেত্র’-কে জানালেন, চর্মজাত দ্রব্যের বাজার দেশের মধ্যে যেমন আছে, দেশের বাইরেও তেমনই আছে। দেশে অনেক ছোট-বড় সংস্থা আছে যারা দেশীয় বাজারে পণ্য জোগান দেওয়ার পাশাপাশি রপ্তানিও করে থাকে। এই সার্টিফিকেট কোর্সটি করে এই ধরনের সংস্থায় প্রোডাকশন, কোয়ালিটি কন্ট্রোল, ফ্লোর ম্যানেজমেন্ট, প্যাকেজিং, ডিজাইনিং কিংবা প্রোডাক্ট ডেভেলপমেন্ট বিভাগে ট্রেনি সুপারভাইজর হিসেবে যোগ দেওয়া যায়।

### কারা পড়বেন

গভর্নমেন্ট কলেজ অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড লেদার টেকনোলজিতে ‘বুট, শু অ্যান্ড লেদার গুডস ম্যানুফ্যাকচারিং’-এর অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্সে ভর্তির জন্য শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল পাশ। স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অনুমোদিত জুনিয়র ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পাশ করা প্রার্থীরাও আবেদন জানাতে পারেন।

বয়স হতে হবে ১-১-২০১৯ তারিখে ২১ বছরের মধ্যে। তফসিলি প্রার্থীরা বয়সের ঊর্ধ্বসীমায় ৩ বছরের ছাড় পাবেন।

### কীভাবে ভর্তি

ভর্তি নেওয়া হয় একটি প্রবেশিকা পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় মাল্টিপল চয়েস ধাঁচের প্রশ্ন আসে মাধ্যমিক মানের ইতিহাস, ভূগোল, বিজ্ঞান, অঙ্ক, বাংলা ও ইংরেজি বিষয়ে। চর্মজাত দ্রব্য তৈরির একটা প্রধান দিক ডিজাইনিং, ফলে প্রশ্ন থাকে ফ্রি-হ্যান্ড ড্রয়িং বিষয়েও।

লিখিত পরীক্ষায় সফলদের ইন্টারভিউয়ে ডাকা হয়। সেখানে মূলত প্রার্থীর আই কিউ, জেনারেল অ্যাওয়্যারনেস এবং বিষয়ের প্রতি আগ্রহ যাচাই করা হয়।

এরপর চোদ্দোর পাতায়

# এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে

## পর্যটন, আমদানি-রপ্তানি, অ্যাকাউন্টিং ও ব্যবসা গড়ার কোর্স

**এক্সপোর্ট-ইমপোর্ট ম্যানেজমেন্ট, ট্রাভেল-ট্যুরিজম, জি এস টি-সহ ই-অ্যাকাউন্টিং ও ট্যাক্সেশন, স্মল বিজনেস ম্যানেজমেন্টের মতো একইসঙ্গে চাকরি ও স্বনিযুক্তি সহায়ক কোর্স পড়া যাচ্ছে এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে। নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথ উদ্যোগে পরিচালিত হয় কোর্সগুলি। এখন ভর্তি চলছে।**

**নিজস্ব প্রতিনিধি:** পেশাদারি নানা বিষয় জেনে যাঁরা ব্যবসা বা চাকরি করতে চান, তাঁরা যদি কোনও প্রশিক্ষণমূলক কোর্স করে নিতে পারেন তাহলে ব্যবসায়িক সাফল্য বা মনোমতো চাকরি পাওয়ার ক্ষেত্রে অবশ্যই কয়েক ধাপ এগিয়ে থাকবেন। এছাড়াও যাঁরা ইতিমধ্যে চাকরি করছেন বা ব্যবসা শুরু করে দিয়েছেন, তাঁরাও নিজেদের ক্ষেত্রে দক্ষতা বাড়াতে কোনও কোর্স করে নিলে সুবিধা হবে। কারণ, চাকরিতে নিজেকে বিভিন্ন বিভাগের উপযোগী করে তোলাটা যেমন পদোন্নতি বা আরও ভালো চাকরি পাওয়ার জন্য জরুরি, তেমনই ব্যবসার সব দিক সম্পর্কে খুঁটিনাটি জানা না থাকলে ব্যবসায়িক উদ্যোগের উপর নিজের নিয়ন্ত্রণ হারানোর সম্ভাবনা থাকে ষোলো আনা।



### বিষয়ের রকমফের

**●এক্সপোর্ট-ইমপোর্ট ম্যানেজমেন্ট**

রপ্তানির বাজার এখন বিশ্বজোড়া। পশ্চিমবঙ্গ থেকে ইঞ্জিনিয়ারিং, চর্মজাত ও বিভিন্ন হস্তশিল্প সামগ্রী তো বটেই, সবজি, ফল, ফুলও রপ্তানি হচ্ছে পৃথিবীর বিভিন্ন দেশে। আবার অন্যান্য দেশের নানা জিনিস আমদানি করে এ-দেশের বাজারে বিপণন করা হচ্ছে।

আমদানি-রপ্তানির ব্যবসা করার জন্য কিছু নির্দিষ্ট বিধি তথা আইনকানুন মেনে চলতে হয়। এছাড়াও কোন জিনিসটি আপনি রপ্তানি করবেন, সেটা সংগ্রহ করবেন কীভাবে, কোথায় রপ্তানি করবেন, কীভাবে বিদেশের ক্রেতা খুঁজবেন, কী প্রক্রিয়ায় ক্রেতার কাছ থেকে টাকা

এরপর পনেরোর পাতায়


স্বর্ণাক্ষরের সব বই
সাহিত্য সংসদ ও শিশু সাহিত্য সংসদে পাওয়া যায়

অমরেন্দ্র চক্রবর্তীর সব বয়সের ছোটদের বই

গরিলার চোখ
মধ্য আফ্রিকার রোয়ান্ডার আদিম অরণ্যে গরিলাদের মুখোমুখি। কিশোর উপন্যাস। ₹৮০
সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত

হীরু ডাকাত


পাগলকরা ছন্দে দম বন্ধ করা ডাকাতের গল্প। ১০ম মুদ্রণ ₹১২০
সঙ্গে বিনামূল্যে দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি

বরফের বাগান
পরিমার্জিত ও পরিবর্ধিত সংস্করণ ₹১২০
আমাজনের জঙ্গলে
৭ম মুদ্রণ ₹৭০
লিচুবাগানের চৌকিদার ₹৮০

ছেঁড়াকাঁথার গল্প
২য় সংস্করণ ₹৭৫
গৌর যাযাবর
২য় সংস্করণ ₹১২০
মাতলাগাঙের ভূত ₹৭৫
পাখির খাতা ₹৪০
চোখে দেখা গল্প
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫০
ভূতের বাঁশি ₹৪০
তালগাছের ডোঙা ₹২০

শাদা ঘোড়া


ছোটদের স্বপ্ন আর যুদ্ধের রূপকথা। পাতায় পাতায় দেবব্রত ঘোষের ছবি। নানা ভাষায় অনূদিত। ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০

নতুন ছড়ার বই জল-বাতাসা
প্রত্যেক পাতায় দেবব্রত ঘোষের প্রাণঢালা চিত্রাঙ্কন। মূল্য ৮০ টাকা
সঙ্গে বিনামূল্যে
লেখকের কালোত্তীর্ণ কিশোর উপন্যাস
ঋষিকুমার



কানাইলাল চক্রবর্তীর
কুমির হয়ে জলে গেল ₹৩০
চলো দেখে আসি ₹২০
চড়ুইয়ের সঙ্গে ₹১৫

সুভাষ মুখোপাধ্যায়ের
বকবকম ₹১৫
পূর্ণেন্দু পত্রীর
আমার ছেলেবেলা ₹১৮
পবিত্র সরকারের ₹১৫
কথামালা: ছড়ায় ঢালা

মহাশ্বেতা দেবীর


তুতুল ৩য় মুদ্রণ ₹ ৬০

মৈত্রেয়ী নাগের
আষাঢ়ে গল্প ₹ ৬০ বাঘ বেড়ালের ছড়া ছবি ₹৩০
নেকড়ের চোখ ₹৬০
প্রখ্যাত ফরাসি লেখক দানিয়েল পেনাক-এর L'OEIL DU LOUP বইয়ের অনুবাদ

প্রাপ্তিস্থান
শিশু সাহিত্য সংসদ প্রাঃ লিঃ, ৩২এ, আচার্য প্রফুল্লচন্দ্র রোড, কলকাতা-৯ ফোন: ২৩৫০-৭৬৬৯/৩১৯৫ ফ্যাক্স: ০৩৩ ২৩৬০-৩৫০৮ স্টার মার্ক, লর্ড সিনহা রোড, সিটি সেন্টার, সাউথ সিটি, মনি স্কোয়্যার। স্টোরি, এলগিন রোড, দমদম, দুর্গাপুর। কথাশিল্প, কলেজ স্ট্রিট। দে বুক স্টোর (আদি), দে বুক স্টোর (দীপু), বলাকা বুক স্টল ইত্যাদি।
■ বাংলাদেশে: বাতিঘর চট্টগ্রাম, প্রেস ক্লাব ভবন, ১৪৬/১৫১ জামাল খান রোড, চট্টগ্রাম-৪০০০। ফোন: ০৩১২৮৬৯৩৯১/০১৭৩৩০৬৭০০৫। বাতিঘর ঢাকা, বিশ্বসাহিত্য কেন্দ্র ভবন, ১৭, ময়মনসিংহ রোড, বাংলা মোটর, ঢাকা ১০০০। ফোন: ০২৯৬৩৫৩৩৯/০১৯৭৩৩০৪৩৪৪। বাতিঘর সিলেট, গোল্ডেন সিটি কমপ্লেক্স, ৬৮২, পূর্ব জিন্দাবাজার, সিলেট ৩১০০ ফোন: ০১৯১১৫০৯৬৯৬
অনলাইন কিনতে হলে ই-মেল করুন: swarnakshar.books@gmail.com


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# কৃষিনির্ভর ব্যবসার সরকারি প্রশিক্ষণ

নয়ের পাতার পর



উৎসাহী করার জন্য এভাবেই উদ্যোগ নিতে শুরু করেছে।

তবে, এই ধরনের ব্যবসা সংগঠনের জন্য আঁটোসাঁটো পরিকল্পনার দরকার হয়। সরকারি নিয়মকানুনগুলিও জানা থাকতে হবে। সেজন্যই সরকার স্বীকৃত কোনও প্রশিক্ষণ নেওয়া থাকলে সুবিধা হবে। সরকারি আর্থিক সহায়তা পাওয়ার সুযোগও পাওয়া যাবে।

### কোথায় প্রশিক্ষণ

কৃষিনির্ভর ব্যবসার ২ মাসের আবাসিক প্রশিক্ষণ দিচ্ছে স্টেট এগ্রিকালচারাল ম্যানেজমেন্ট অ্যান্ড এক্সটেনশন ট্রেনিং ইনস্টিটিউট। প্রশিক্ষণের নাম 'এগ্রি-ক্লিনিক্স অ্যান্ড এগ্রি-বিজনেস সেন্টার'। হায়দরাবাদের ন্যাশনাল ইনস্টিটিউট অব এগ্রিকালচারাল এক্সটেনশন ম্যানেজমেন্টের সঙ্গে যৌথ উদ্যোগে এই প্রশিক্ষণ দেওয়া হবে।

### কারা পড়বেন

ভোকেশনাল বিষয় হিসেবে এগ্রিকালচার নিয়ে উচ্চমাধ্যমিক পাশ অথবা কৃষি, প্রাণীপালন, মৎস্য চাষ, উদ্যান পালন বিষয়ে ব্যাচেলর্স ডিগ্রি অথবা ডিপ্লোমাধারীরা প্রশিক্ষণ নিতে পারেন। উচ্চমাধ্যমিক (এগ্রিকালচার) বা ডিগ্রি বা ডিপ্লোমায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকতে হবে।

### পড়ার খরচ

প্রতিষ্ঠানের হস্টেলে থেকে প্রশিক্ষণ নিতে হবে। থাকা-খাওয়া ও প্রশিক্ষণ নেওয়ার জন্য আলাদা করে কোনও খরচ নেই। শুধু রেজিস্ট্রেশন ফি বাবদ ভর্তির সময়ে ৫০০ টাকা দিতে হবে।

### কীভাবে আবেদন

প্রশিক্ষণ নিতে আগ্রহীরা অনলাইন দরখাস্ত করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.agriclinics.net ১৫ জুলাইয়ের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে।

অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রয়োজন হবে: প্রার্থীর পাসপোর্ট মাপের ফটো, আধার নম্বর, ই-মেল আই ডি, ব্যাঙ্ক অ্যাকাউন্ট সংক্রান্ত তথ্য, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র।

প্রতিষ্ঠানের ঠিকানা: স্টেট এগ্রিকালচারাল ম্যানেজমেন্ট অ্যান্ড এক্সটেনশন ট্রেনিং ইনস্টিটিউট, রামকৃষ্ণ মিশন আশ্রম, নরেন্দ্রপুর, কলকাতা-৭০০ ১০৩। তথ্যের জন্য ফোন করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৪৭৭-০৭১৫, ৯১৪৩০-৪৪৩১৩।

# চর্মসামগ্রী তৈরির কোর্সে ভর্তি চলছে

তেরোর পাতার পর



### পড়ার খরচ

পড়ার খরচ বাবদ ভর্তির সময় দিতে হয় ১২৬ টাকা। রেজিস্ট্রেশন ফি ১৫০ টাকা। এছাড়া ২ বছরের কোর্স চলাকালীন প্রত্যেক বছর পরীক্ষার ফি হিসেবে দিতে হয় ২৫০ টাকা। এই সার্টিফিকেট কোর্সটি করার জন্য মোট খরচ মাত্র ৮৮২ টাকা।

### আবেদনের পদ্ধতি

এখন ভর্তি চলছে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.gcelt.gov. in এছাড়াও একটি সাদা কাগজে নিম্নলিখিত তথ্য-সহ আবেদন করা যাবে। দিতে হবে এই সব তথ্য— ✓আবেদনকারীর নাম ✓অভিভাবকের নাম ✓যোগাযোগের ঠিকানা ✓ফোন নম্বর ✓জন্মতারিখ ✓১-১-২০১৯ অনুযায়ী প্রার্থীর বয়স ✓আবেদনকারীর কাস্ট ✓মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় প্রাপ্ত নম্বর (ঐচ্ছিক বিষয় ছাড়া প্রাপ্ত নম্বর মোট নম্বরের কত শতাংশ লিখতে হবে)।

**আবেদনপত্রের সঙ্গে দেবেন—** ✓বয়সের প্রমাণপত্রের নকল ✓কাস্ট বা ওবিসি সার্টিফিকেটের নকল ✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা এবং ৬ টাকা দামের ডাকটিকিট সাঁটানো একটি দশ ইঞ্চি বাই সাড়ে চার ইঞ্চি মাপের খাম।

যথাযথ ভাবে পূরণ করা আবেদনপত্র ১০ জুলাইয়ের মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়— Officer-In-Charge, Government College of Engineering & Leather Technology, LB-Block, Sector-III, Salt Lake, Kolkata-700 098.

বিস্তারিত জানতে দেখুন প্রতিষ্ঠানের এই ওয়েবসাইট: https://gcelt.gov.in/ অথবা ফোন করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৩৩৫-৬৯৭৭।

### কাজের সুযোগ

গভর্নমেন্ট কলেজ অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড লেদার টেকনোলজির 'বুট, শু অ্যান্ড লেদার গুডস ম্যানুফ্যাকচারিং' বিভাগের সুপারিন্টেন্ডেন্ট অধ্যাপক অরিজিৎ চক্রবর্তী 'কর্মক্ষেত্র'-কে জানালেন, চর্মজাত দ্রব্যের বাজার দেশের মধ্যে যেমন আছে, দেশের বাইরেও তেমনই আছে। দেশে অনেক ছোট-বড় সংস্থা আছে যারা দেশীয় বাজারে পণ্য জোগান দেওয়ার পাশাপাশি রপ্তানিও করে থাকে। এই সার্টিফিকেট কোর্সটি করে এই ধরনের সংস্থায় প্রোডাকশন, কোয়ালিটি কন্ট্রোল, ফ্লোর ম্যানেজমেন্ট, প্যাকেজিং, ডিজাইনিং কিংবা প্রোডাক্ট ডেভেলপমেন্ট বিভাগে ট্রেনি সুপারভাইজর হিসেবে যোগ দেওয়া যায়।

এছাড়াও কিছুটা অভিজ্ঞতা অর্জনের পর নিজের ব্যবসাও শুরু করা যায়। চামড়ার বিভিন্ন নিত্যপ্রয়োজনীয় জিনিসের সম মানের বিকল্প এখনও তেমন নেই। বাজারে এইসব সামগ্রীর যথেষ্ট চাহিদা থাকায় ছোট ব্যবসারও যথেষ্ট সাফল্য পাওয়ার সম্ভাবনা রয়েছে।

# মাধ্যমিক পাশ তরুণীদের স্বল্পখরচে চাকরি ও ব্যবসার উপযোগী প্রশিক্ষণ

নয়ের পাতার পর



আগ্রহী প্রশিক্ষিতরা কেন্দ্রীয় সরকারের ঋণপ্রকল্পগুলি থেকে ঋণ পেতে পারেন।

### কী কী কোর্স

প্রশিক্ষণ দেওয়া হবে এই সব বিষয়ে— ●কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: আসনসংখ্যা ২৪টি ●সেক্রেটারিয়াল প্র্যাকটিস: আসনসংখ্যা ২৪টি ●বেসিক কসমেটোলজি (বিউটিশিয়ান): আসনসংখ্যা ২৪টি ●ইন্টিরিয়র ডিজাইন অ্যান্ড ডেকোরেশন: আসনসংখ্যা ২০টি ●আর্কিটেকচারাল ড্রাফটসম্যানশিপ (বিল্ডিং প্ল্যানার): আসনসংখ্যা ২৪টি ●ড্রেস মেকিং: আসনসংখ্যা ২০টি ●ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি: আসনসংখ্যা ২০টি ●স্মার্ট ফোন রিপেয়ারিং: আসনসংখ্যা ২০টি ●ইন্টারনেট অব থিংস (স্মার্ট সিটি): আসনসংখ্যা ২০টি।

সবক'টি কোর্সই ন্যাশনাল কাউন্সিল অব ভোকেশনাল ট্রেনিং (এন সি ভি টি) দ্বারা স্বীকৃত। **কোর্সের মেয়াদ** আর্কিটেকচারাল ড্রাফটসম্যানশিপের ক্ষেত্রে ২ বছর এবং ইন্টারনেট অব থিংস (স্মার্ট ফোন)-এর ক্ষেত্রে ৬ মাস। বাকি সব ক'টি কোর্সের মেয়াদ ১ বছর।

**কোর্স ফি:** প্রতি মাসে ১৫০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৫০ টাকা)। ক্লাস হবে সোমবার থেকে শুক্রবার, সকাল ৯টা থেকে বিকেল সাড়ে ৫টা।

### কারা পড়বেন

শুধু মেয়েরাই আবেদন করতে পারবেন। মাধ্যমিক পাশ করে থাকলেই ভর্তির জন্য আবেদন করা যাবে। কিছু ছাত্রী শর্তসাপেক্ষে স্কলারশিপ পেতে পারেন।

আগে-এলে-আগে সুযোগের ভিত্তিতে হস্টেলে থাকার সুবিধা পাওয়া যাবে।

মেধার ভিত্তিতে প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের ভর্তি নেওয়া হবে কাউন্সেলিংয়ের মাধ্যমে। মেধাতালিকা প্রকাশিত হবে ৩১ জুলাই। ওইদিনই কাউন্সেলিংয়ের তারিখও জানিয়ে দেওয়া হবে।

### আবেদনের পদ্ধতি

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nstiwkolkatagov.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথ ভাবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ২৬ জুলাইয়ের মধ্যে সরাসরি জমা দিতে হবে এই ঠিকানায়: ন্যাশনাল স্কিল ট্রেনিং ইনস্টিটিউট ফর উইমেন, ব্লক সি পি-১৬, সেক্টর ফাইভ, সল্ট লেক সিটি, কলকাতা-৭০০০৯১।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ৯৮৩৬৫ ৬৩৬৩২ (বাংলা), ৮৪১৪০ ৫৫৪৭৩ (হিন্দি), (০৩৩) ২৩৬৭-৩৬৭৩।

### কাজের সুযোগ

ন্যাশনাল স্কিল ট্রেনিং ইনস্টিটিউট ফর উইমেন-এর ভোকেশনাল ইনস্ট্রাক্টর হিমানীশ ভট্টাচার্য 'কর্মক্ষেত্র'কে জানালেন, তাঁদের প্রতিষ্ঠানের নিজস্ব প্লেসমেন্ট সেল আছে। বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থা এই প্রতিষ্ঠান থেকে সরাসরি কর্মী নিয়োগ করে। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, আর্কিটেকচারাল ড্রাফটসম্যানশিপ কোর্স করার পর বিভিন্ন সংস্থায় চাকরি করছেন এই প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা। ড্রেস মেকিং ও ফ্যাশন ডিজাইন এবং বিউটিশিয়ান কোর্স করে নিজস্ব উদ্যোগ শুরু করেছেন এমন শিক্ষার্থীর সংখ্যাও অনেক।

### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓রেজিস্ট্রেশন ফি বাবদ ৫০ টাকা। তফসিলিদের কোনও ফি লাগবে না।
✓প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো।
✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।
✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।

# মৎস্যবিজ্ঞান নিয়ে পড়াশোনা

বারোর পাতার পর

### আবেদনের পদ্ধতি

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbuafsce.org ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫০০ টাকা (তফসিলি এবং ওবিসিদের ক্ষেত্রে ২৫০ টাকা)। নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে ফি জমা দেবেন।

অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৫ জুলাই। অনলাইনে আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্তের প্রিন্ট আউট সরাসরি বা ডাকে ১০ জুলাইয়ের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Controller of Examinations, West Bengal University of Animal & Fishery Sciences, Vivek Bhawan, 68, Kshudiram Bose Sarani, Belgachia, Kolkata-700 037.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৫৫৮-০২৭৮।

### সাবমিট করা অনলাইন দরখাস্তের প্রিন্ট আউটের সঙ্গে পাঠাবেন এই সব নথি

✓ই-রিসিপ্টের প্রিন্ট আউট ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের প্রত্যয়িত নকল ✓উচ্চমাধ্যমিকের মার্কশিটের প্রত্যয়িত নকল ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ওবিসি সার্টিফিকেট এবং দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল ✓ডোমিসাইল সার্টিফিকেটের নকল এবং ✓আধার কার্ডের প্রত্যয়িত নকল।

### কাজের সুযোগ

ফিশারি সায়েন্সের ডিগ্রিধারীদের ন্যাবার্ড (ন্যাশনাল ব্যাঙ্ক ফর এগ্রিকালচার অ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট) অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে নিয়োগ করে থাকে। চাকরির সুযোগ রয়েছে মেরিন প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটিতে (এম পি ই ডি এ)। এছাড়াও চাকরির সুযোগ রয়েছে বিভিন্ন ফিশারি এবং অ্যাকোয়াকালচার সোসাইটিতে ফিল্ড ম্যানেজার, অ্যাকোয়াকালচারিস্ট, অ্যাকোয়াকালচার টেকনিশিয়ান বা টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদে, মাছ দিয়ে প্রক্রিয়াগত খাদ্য প্রস্তুতকারী সংস্থায় কোয়ালিটি কন্ট্রোল অফিসার ও ফিশারিজ বায়োলজিস্ট পদে।

মৎস্যবিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রিধারীরা এগ্রিকালচারাল রিসার্চ সার্ভিস এক্সামিনেশনের মাধ্যমে দেশের বিভিন্ন কৃষি গবেষণা কেন্দ্রে সায়েন্টিস্ট পদে চাকরি পেতে পারেন। পরীক্ষাটি পরিচালনা করে এগ্রিকালচারাল সায়েন্টিস্ট রিক্রুটমেন্ট বোর্ড। চাকরি রয়েছে কেন্দ্রের আর্থ সায়েন্স মন্ত্রকের অধীনস্থ সেন্টার ফর মেরিন লিভিং রিসোর্সেস অ্যান্ড ইকোলজি-সহ বিভিন্ন সংস্থায়।

### অন্যান্য প্রতিষ্ঠান

ফিশারি সায়েন্স পড়ানো হয় এমন আরও কয়েকটি প্রতিষ্ঠান—

●বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়। ওয়েবসাইট: www.vidyasagar.ac.in
●সেন্ট্রাল ইনস্টিটিউট অব ফিশারিজ এডুকেশন, মুম্বই। ওয়েবসাইট: www.cife.edu.in
●কোচিন ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি। ওয়েবসাইট: www.cusat.nic.in
●সেন্ট্রাল ইনস্টিটিউট অব ফিশারিজ নটিক্যাল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ট্রেনিং। ওয়েবসাইট: www.cifnet.nic.in
●মহারাষ্ট্র অ্যানিম্যাল অ্যান্ড ফিশারি সায়েন্সেস ইউনিভার্সিটি। ওয়েবসাইট: www.mafsu.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে

## পর্যটন, আমদানি-রপ্তানি, অ্যাকাউন্টিং ও ব্যবসা গড়ার কোর্স

*তেরোর পাতার পর*

পাবেন এবং টাকা মার যাওয়া ঠেকাতে কী করবেন— এরকম নানা বিষয়ে স্পষ্ট ধারণা না থাকলে ব্যবসাটা অত্যন্ত ঝুঁকির হয়ে দাঁড়াতে পারে। এ-সংক্রান্ত প্রশিক্ষণ নেওয়া থাকলে ব্যবসাটা করা যায় অনেক আত্মবিশ্বাসের সঙ্গে।

**●ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম**

চলতি সময়ে পর্যটনের ব্যবসার বিপুল সম্ভাবনা দেখা যাচ্ছে এ দেশে। ট্র্যাভেল এজেন্সি গঠন, ট্যুর অপারেশন, ট্যুর গাইডের কাজকর্মের সঙ্গে রেল, বিমানের টিকিট বুকিং, অনলাইন হোটেল বুকিং— এ পেশায় কাজ নানা ধারার। সবক'টি কাজকে একত্রিত করে বড় আকারে ব্যবসা করার সুযোগও আছে। পর্যটন-সংক্রান্ত কাজে দক্ষদের চাকরি হয় বিভিন্ন পর্যটন সংস্থায়।

**●এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট অ্যান্ড স্মল বিজনেস ম্যানেজমেন্ট**

প্রতিযোগিতামূলক বাজারে যে-ব্যবসাই আপনি করুন না কেন, তার জন্য একটা আটোসাঁটো পরিকল্পনা থাকা দরকার। সেই পরিকল্পনার মধ্যে থাকতে হবে কীসের ব্যবসা, কোথায় এবং কীভাবে বিপণন করবেন, পুঁজির সংস্থান, আইনকানুন বিষয়ে স্বচ্ছ ধারণা ইত্যাদি। ব্যবসায় সাফল্য পেতে গেলে এগুলি জানা থাকা চাই।

**●ই-অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশন**

যে-ব্যবসাই করুন না কেন, হিসেবরক্ষণ তথা অ্যাকাউন্টিংয়ের আধুনিক পদ্ধতিটি জানতেই হবে। এর সঙ্গে পণ্য ও পরিষেবা কর তথা জি এস টি-সংক্রান্ত হিসেবনিকেশ জানা থাকলে এখন আর কাজের অভাব নেই। বিভিন্ন সংস্থায় চাকরি তো হতেই পারে, চাইলে নিজের কনসালটেন্সি সংস্থা খুলে স্বনিযুক্ত হওয়ার সুযোগও আছে।

### কী পড়বেন

**●এক্সপোর্ট-ইমপোর্ট ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা**

বিভিন্ন পাঠ্য বিষয়ের মধ্যে রয়েছে: ফরেন ট্রেড পলিসি, ফরেন ট্রেড এনভায়রনমেন্ট, প্রোডাক্ট আইডেন্টিফিকেশন, এক্সপোর্ট মার্কেটিং, এক্সপোর্ট প্রাইসিং, এক্সপোর্ট-ইমপোর্ট প্রসিডিওর অ্যান্ড ডকুমেন্টেশন, এক্সপোর্ট ফিনান্স। সঙ্গে থাকে প্রোজেক্ট রিপোর্ট তৈরি।

**●ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা**

পড়ানো হয় এইসব বিষয়: ট্যুরিজম প্র্যাক্টিসেস, এন্টারপ্রেনারশিপ—অ্যাকাউন্টিং অ্যান্ড লিগ্যাল আসপেক্ট, ট্র্যাভেল এজেন্সি, ট্যুর অপারেশন, ট্যুর গাইড, হসপিটালিটি অ্যান্ড ট্রান্সপোর্ট, গভর্নমেন্ট ট্যুরিজম পলিসি, মার্কেটিং ও টিকেটিং। সঙ্গে থাকবে প্রোজেক্ট রিপোর্ট তৈরি ও বিভিন্ন পর্যটনকেন্দ্র পরিদর্শন।

**●এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট অ্যান্ড স্মল বিজনেস ম্যানেজমেন্টের ডিপ্লোমা**

পড়তে হয় এইসব বিষয়: এন্টারপ্রেনারশিপ, বিজনেস অপরচুনিটিস, অপারেশনস ম্যানেজমেন্ট, মার্কেটিং ম্যানেজমেন্ট, জেনারেল ম্যানেজমেন্ট, ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট। সঙ্গে থাকবে প্রোজেক্ট রিপোর্ট তৈরি ও বিভিন্ন সংস্থা পরিদর্শন।

**●ই-অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশনের (জি এস টি-সহ) সার্টিফিকেট কোর্স**

শেখানো হবে এইসব বিষয়: ট্যালি ব্যবহার করে ই-অ্যাকাউন্টিং, ইনকাম ট্যাক্স, জি এস টি, ডি ডি এস ও প্রফেশনাল ট্যাক্স।

### কোথায় পড়বেন

সব ক'টি কোর্স-ই নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথ উদ্যোগে পড়ানো হয় এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে (ই ডি আই)।

ডিপ্লোমা কোর্সের মেয়াদ ১ বছর। সার্টিফিকেট কোর্সটি ৬ মাসের।

তিনটি কোর্স-ই পড়া যায় কেবল দূরশিক্ষা ব্যবস্থায়। রবিবারগুলিতে ই ডি আইয়ে ক্লাস হয়। সার্টিফিকেট দেয় নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়।

এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের ডিরেক্টর অধ্যাপক এস এম গোমস জানিয়েছেন, চারটি কোর্সই চাকরি ও স্বনিযুক্তি সহায়ক। তিনি জানান, ব্যবসায় আগ্রহীরা প্রতিষ্ঠান থেকে প্রয়োজনীয় তথ্য-পরামর্শ পাবেন। প্রশিক্ষিতদের চাকরির ব্যাপারেও ই ডি আই থেকে তথ্য-পরামর্শ দিয়ে সহায়তা করা হবে।

### কারা পড়বেন

●যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই এক্সপোর্ট-ইমপোর্ট ম্যানেজমেন্ট এবং ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজমের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পড়তে পারেন।

●এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট অ্যান্ড স্মল বিজনেস ম্যানেজমেন্টের ডিপ্লোমা কোর্সটি পড়তে পারেন যে-কোনও শাখার উচ্চমাধ্যমিকরা। ব্যাচেলর প্রিপারেটরি (বি পি পি) কোর্স পাশরাও এই কোর্সটি পড়তে পারেন।

●অন্তত স্নাতক কোর্সে পাঠরতরা ই-অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশন উইথ জি এস টি-র সার্টিফিকেট কোর্সটি পড়তে পারবেন।

কোর্সগুলিতে ভর্তির ক্ষেত্রে বয়সের কোনও বিধিনিষেধ নেই। যাঁরা এইসব ক্ষেত্রগুলিতে চাকরি করছেন বা স্বনিযুক্ত রয়েছেন তাঁরাও দক্ষতা বৃদ্ধির জন্য কোনও কোর্স করে নিতে পারেন। মুক্ত ব্যবস্থায় পড়াশোনা, তাই নিয়মিত ক্লাসে হাজিরা দেওয়ার বাধ্যবাধকতা নেই। তবে, রবিবারগুলিতে এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে ক্লাস হবে।

### ফি

●এক্সপোর্ট-ইমপোর্ট ম্যানেজমেন্টের ১ বছর মেয়াদের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সের ফি ১৬,৫০০ টাকা।

●ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজমের ১ বছর মেয়াদের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সটির ফি ১৬,০০০ টাকা।

●এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট অ্যান্ড স্মল বিজনেস ম্যানেজমেন্টের ডিপ্লোমা কোর্সের ফি ১২,০০০ টাকা।

●ই-অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশন উইথ জি এস টি-র সার্টিফিকেট কোর্সটির ফি ৬,০০০ টাকা।

এক্সপোর্ট-ইমপোর্ট, ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম এবং এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট অ্যান্ড স্মল বিজনেস ম্যানেজমেন্ট কোর্সের ক্ষেত্রে থাকবে ইন্ডাস্ট্রিয়াল ভিজিট। এর খরচ বাবদ ১ হাজার টাকা কোর্স ফি-র মধ্যেই ধরা আছে।

### কাজের সুযোগ

এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের ডিরেক্টর অধ্যাপক এস এম গোমস জানিয়েছেন, চারটি কোর্সই চাকরি ও স্বনিযুক্তি সহায়ক। তিনি জানান, ব্যবসায় আগ্রহীরা প্রতিষ্ঠান থেকে প্রয়োজনীয় তথ্য-পরামর্শ পাবেন। প্রশিক্ষিতদের চাকরির ব্যাপারেও ই ডি আই থেকে তথ্য-পরামর্শ দিয়ে সহায়তা করা হবে।

সবক'টি কোর্সেই এখন ভর্তি চলছে। আবেদনের ফর্ম সংগ্রহ করতে হবে এই ঠিকানা থেকে: এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, আই বি-১৯৪, সেক্টর থ্রি, সল্টলেক (কলম্বিয়া-এশিয়া হসপিটালের পাশে), কলকাতা-৭০০ ১০৬। অ্যাপ্লিকেশন ফর্ম ও রেজিস্ট্রেশন ফি বাবদ দিতে হবে ৪০০ টাকা।

আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে।

তথ্যের প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ২৩৩৫-৭৬৮১, ২৩৩৫-৭২৫৮, ৮৯০২০-৩৩৭৯৯। ওয়েবসাইট: www.edikolkata.org





নীরব আলো

সম্পূর্ণ বিনামূল্যের

মাসিক অনলাইন ম্যাগাজিন

কবিতা, গল্প, ছোটগল্প, ধারাবাহিক, অনুগল্প, অঙ্কন

আজই ডাউনলোড করুন বিনামূল্যে

Free Download

আপনার লেখা প্রকাশিত করতে লেখা পাঠান

Email : help.ekdn@gmail.com

www.eNirobAalo.tk


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জ্ঞান বিজ্ঞান

## জানার জানালা

### অতিকায় নেকড়ের জীবাশ্ম সাইবেরিয়ায়



অতিকায় নেকড়ের মাথার জীবাশ্ম পাওয়া গেল রাশিয়ার সাইবেরিয়ার প্রত্যন্ত অঞ্চলে। প্রাণীবিজ্ঞানীরা জানিয়েছেন, বরফে চাপা পড়া অবস্থায় ছিল বলে নেকড়ের মাথাটি এখনও প্রায় অবিকৃত অবস্থায় রয়েছে। তাঁরা জানিয়েছেন, প্লিসটোসিন যুগে এরকম অতিকায় রোমশ নেকড়েসদৃশ প্রাণী জীবিত ছিল। তবে প্রাণীটির বিজ্ঞানসম্মত নাম অর্থাৎ প্রজাতি নির্ধারণের কাজ এখনও শেষ হয়নি। আজকের যুগের নেকড়ের থেকে আকারে তারা প্রায় ২৫ শতাংশ বড়। এক-একটা দাঁত প্রায় ১৬ ইঞ্চি লম্বা। ৪০ হাজার বছর আগে তারা রাশিয়ার সাইবেরিয়া অঞ্চলে জীবিত ছিল বলে বিজ্ঞানীদের ধারণা। সাইবেরিয়ার ইয়াকুতিয়া অ্যাকাডেমি অফ সায়েন্সের ম্যামথ স্টাডিজের প্রধান অ্যালবার্ট প্রোটোপোপোভ জানিয়েছেন, পূর্ণবয়স্ক প্রাগৈতিহাসিক নেকড়ের দেহের অংশ এই প্রথম পাওয়া গেল। রাশিয়া, জাপান ও সুইডেনের বিজ্ঞানীরা জীবাশ্মটি নিয়ে একযোগে কাজ শুরু করেছেন।

### দিবাং উপত্যকায় দেখা মিলল নানা রূপের সোনালি বিড়াল



অরুণাচল প্রদেশের দিবাং উপত্যকায় একই বিড়াল প্রজাতি এশিয়াটিক গোল্ডেন ক্যাটের মধ্যে ছয় রকম গায়ের রঙের সন্ধান পেলেন বিজ্ঞানীরা। বাঁচার তাগিদে টিকে থাকার লড়াইয়ের ফলেই একই প্রজাতির বিড়ালের এমন ভিন্ন ভিন্ন গায়ের রঙ ও নকশা প্রাণীবিজ্ঞানীদের বিস্মিত করেছে। কয়েক বছর আগে দিবাংয়ের জঙ্গলে জংলি বিড়ালদের নিয়ে গবেষণা করতে ট্র্যাপ ক্যামেরা পেতেছিল জুলজিক্যাল সোসাইটি ও ইউনিভার্সিটি কলেজ, লন্ডন। ২০১৩ থেকে ২০১৫ সালের মধ্যে ৪০০ থেকে ৫০০ বর্গকিলোমিটার এলাকার মধ্যে ২২০টি জায়গায় বসানো হয় ক্যামেরা। ক্যামেরায় ধরা পড়ে ছ'রকমের বিড়ালের ছবি। কিন্তু দীর্ঘ পরীক্ষার পর দেখা যায়, সবক'টি বিড়ালই আদতে 'এশিয়াটিক গোল্ডেন ক্যাট'। কত দ্রুত একটি প্রজাতির গায়ের রঙ বদলে যায় এবং তারা একই এলাকা ভাগাভাগি করে থাকতে পারে, দিবাংয়ের এশিয়াটিক সোনালি বিড়ালরা সেই নিয়ে গবেষণার নতুন দিগন্ত খুলে দিল বলে মনে করছেন গবেষকরা।

### ১৭৭ বছর পরে দেখা বিরল পাখির



১৭৭ বছর পরে পশ্চিমবঙ্গে ক্যামেরাবন্দি হল হিমালয়ের অতি বিরল পাখি 'ইয়েলো রাম্পড হনিগাইড'। বার্ডওয়াচার্স সোসাইটি অব বেঙ্গলের সদস্যরা সম্প্রতি কালিম্পংয়ের লাভা মনাস্ট্রির কাছে পাখিটির দেখা পান। এর আগে ১৮৪২ সালে এশিয়াটিক সোসাইটির পক্ষী সমীক্ষকেরা দার্জিলিং পাহাড়ে পাখিটির একটি নমুনা সংগ্রহ করেছিলেন। চড়ুইয়ের আকৃতির পাখিটির পিঠে রয়েছে উজ্জ্বল হলুদ রঙের রেখা। মৌচাক থেকে মধু মাখা মোম ভেঙে খেতে দেখা যায় তাদের। উত্তরাখণ্ড এবং উত্তর-পূর্বাঞ্চলের পাহাড়ে সাধারণত দেখতে পাওয়া যায় হনিগাইডদের। উত্তর সিকিম এবং ভুটানেও এদের উপস্থিতি নথিভুক্ত হয়েছে।



● প্রথম রাজীব গান্ধী খেলরত্ন পুরস্কার কে পান?
**উত্তর:** বিশ্বনাথন আনন্দ

● সন্ধ্যাকর নন্দী কোন রাজবংশের সভাকবি ছিলেন?
**উত্তর:** পাল

● জাপানের পার্লামেন্টকে কী বলা হয়?
**উত্তর:** ডায়েট

● কার আমলে ভারতে প্রথম রেলপথ চালু হয়?
**উত্তর:** লর্ড ডালহৌসি

● বিখ্যাত ছবি 'ভারতমাতা' কে এঁকেছিলেন?
**উত্তর:** অবনীন্দ্রনাথ ঠাকুর

● ত্রিপিটক কোন ভাষায় লিখিত ?
**উত্তর:** পালি

● ভারতের প্রথম পারমাণবিক কেন্দ্র কোনটি ?
**উত্তর:** তারাপুর



● হাঙ্গেরির মুদ্রার নাম কী?
**উত্তর:** ফোরিন্ট

● সবথেকে শক্তিশালী জারক পদার্থ কী?
**উত্তর:** ফ্লুরিন

● কোন যৌগটিকে সর্বজনীন দ্রাবক বলে?
**উত্তর:** জল ১০

● ভারতের কোন রাজ্যে সর্বাধিক তুলো উৎপন্ন হয়?
**উত্তর:** গুজরাট

● ভূমিকম্পের তীব্রতা মাপার যন্ত্রের নাম কী?
**উত্তর:** সিসমোগ্রাফ

● 'হিগস বোসন' কী?
**উত্তর:** একটি মৌল কণা

● ভারত-চিন যুদ্ধ কত সালে হয়েছিল?
**উত্তর:** ১৯৬২

● ন্যাটোর প্রধান কার্যালয় কোথায়?
**উত্তর:** ব্রাসেলস

● কলকাতা কর্পোরেশনের প্রথম ভারতীয় মেয়র কে ছিলেন?
**উত্তর:** চিত্তরঞ্জন দাশ

● 'এ নেশন ইন মেকিং' গ্রন্থটির রচয়িতা কে?
**উত্তর:** সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

● বাংলায় ফরাসিদের প্রধান ঘাঁটি কোথায় ছিল?
**উত্তর:** চন্দননগর

● কুতুবমিনারের নির্মাণকার্য কে শেষ করেন?
**উত্তর:** ইলতুৎমিস



● ছৌ নাচের জন্য কোন জেলা প্রসিদ্ধ?
**উত্তর:** পুরুলিয়া

● 'রক্তকরবী' নাটকটির রচয়িতা কে?
**উত্তর:** রবীন্দ্রনাথ ঠাকুর

● ভারতের বৃহত্তম লৌহ ও ইস্পাত কারখানা কোথায় অবস্থিত?
**উত্তর:** ভিলাই

● আলোকবর্ষ কীসের একক?
**উত্তর:** দূরত্ব

● ফিতাকৃমির রেচন অঙ্গের নাম কী?
**উত্তর:** ফ্লেম কোষ

● উদ্ভিদের বিটপ অংশের আলোর দিকে এগিয়ে যাওয়া কোন ধরনের চলন?
**উত্তর:** ফটোট্রপিক

● অলফ্যাক্টরি স্নায়ু কোন কাজে সাহায্য করে?
**উত্তর:** ঘ্রাণ নিতে

● নীল দর্পণ নাটকের ইংরেজি অনুবাদ কে করেছিলেন?
**উত্তর:** মধুসূদন দত্ত

● অস্পৃশ্যতা দূরীকরণে কে ভারতে অস্পৃশ্যতা বিরোধী লিগ গঠন করেছিলেন?
**উত্তর:** ডঃ বি আর আম্বেদকর



● স্পর্শ করলে লজ্জাবতী গাছের পাতাগুলি মুড়ে যাওয়া কোন ধরনের চলনের উদাহরণ?
**উত্তর:** সিসমোন্যাস্টিক



● শ্বাসমূল ও ঠেসমূল দেখা যায় কী ধরনের বনভূমিতে?
**উত্তর:** ম্যানগ্রোভ

● জওহরলাল নেহরুর সমাধিস্থলের নাম কী?
**উত্তর:** শান্তিবন

● পানাজি কোন রাজ্যের রাজধানী?
**উত্তর:** গোয়া

● মালয়শিয়ার জাতীয় খেলা কী?
**উত্তর:** ব্যাডমিন্টন

● ডব্লু টি ও- এর পুরো কথাটি কী?
**উত্তর:** ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশন

● প্রাণীদেহে যে কোষ বিভাজিত হয় না তা হল:
**উত্তর:** স্নায়ু কোষ

● কলসপত্রী উদ্ভিদের বৈশিষ্ট্য কী?
**উত্তর:** এরা পতঙ্গভুক

● সিঙ্কোনা গাছের কোন অংশ থেকে কুইনাইন পাওয়া যায়?
**উত্তর:** ছাল

● কামরূপ কোন জায়গার প্রাচীন নাম?
**উত্তর:** অসম

● উকাই জলবিদ্যুৎ প্রকল্প কোন রাজ্যে গড়ে উঠেছে?
**উত্তর:** গুজরাট

● মোনাজাইট কোন ধাতুর অংশ?
**উত্তর:** থোরিয়াম

● জাতকের গল্পগুলি কোন ভাষায় লেখা?
**উত্তর:** পালি

● বিমানের ফ্লাইট রেকর্ডার কী নামে পরিচিত?
**উত্তর:** ব্ল্যাক বক্স



● মানবদেহে রক্ত সঞ্চালন পদ্ধতি পর্যবেক্ষণ করেন কে?
**উত্তর:** উইলিয়াম হার্ভে

● অ্যাপেনডিক্স দেহের কোন অংশ থেকে বের হয়?
**উত্তর:** সিকাম

● বাতাসে কোন গ্যাস জ্বললে নীল শিখা দেখা যায়?
**উত্তর:** নাইট্রোজেন

● ইস্পাত তৈরি করতে কোন ধাতুর প্রয়োজন হয়?
**উত্তর:** লোহা

● প্লাস্টার অব প্যারিসের রাসায়নিক নাম কী?
**উত্তর:** ক্যালশিয়াম সালফেট

● অ্যাঙ্গোলা দেশটি কোন মহাদেশের অন্তর্গত?
**উত্তর:** আফ্রিকা

● সক্রেটিস কোন দেশের দার্শনিক ছিলেন?
**উত্তর:** গ্রিস

● 'সোনালি পশমের দেশ' কাকে বলে?
**উত্তর:** অস্ট্রেলিয়া

● হিমোগ্লোবিন কোথায় সৃষ্টি হয়?
**উত্তর:** অস্থিমজ্জায়

● ভারতের মূল ভূখণ্ডে উপকূলরেখার দৈর্ঘ্য কত?
**উত্তর:** ৬,১০০ কিলোমিটার

● ভিটামিন বি-২ এর রাসায়নিক নাম কী?
**উত্তর:** থিয়ামিন

● হাইগ্রোমিটার কীসের পরিমাপক?
**উত্তর:** আর্দ্রতা



● ডব্লু ডব্লু এফ-এর প্রতীকে কোন প্রাণীর চিহ্ন আছে?
**উত্তর:** জায়ান্ট পান্ডা

● কোন ধরনের কোষ-বিভাজনে মাতৃকোষের ক্রোমোজোম সংখ্যা অপত্যকোষের অর্ধেক হয়ে যায়?
**উত্তর:** মায়োসিস

● যে যন্ত্রের সাহায্যে বিদ্যুৎ আধানের উপস্থিতি জানা যায় তাকে কী বলে?
**উত্তর:** ইলেকট্রোস্কোপ

● খাদ্য পরিপাকের জন্য পাকস্থলীতে কোন অ্যাসিড তৈরি হয়?
**উত্তর:** হাইড্রোক্লোরিক অ্যাসিড

● গ্যাসের মধ্যে মলিকিউলের গতি কীসের ওপর নির্ভর করে?
**উত্তর:** ভর এবং তাপমাত্রা

● প্রথম বিশ্বযুদ্ধের ফলে ভারতের আর্থিক পরিকাঠামোয় কোন দিকটি সবচেয়ে বিপর্যস্ত হয়েছিল?
**উত্তর:** শিল্পজাত জিনিসপত্রের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি

● ভিটামিন-ই এর রাসায়নিক নাম কী?
**উত্তর:** টোকোফেরল

● রসায়নবিদ্যার জনক কে?
**উত্তর:** ল্যাভয়সিয়ার

● পশ্চিমবঙ্গের রামসার তকমাপ্রাপ্ত জলাভূমি কোনটি?
**উত্তর:** পূর্ব কলকাতার জলাভূমি

● রাষ্ট্রকূট বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা কে ছিলেন?
**উত্তর:** দন্তীদুর্গ

● পিলিং দ্য অনিয়ন কার আত্মজীবনী?
**উত্তর:** গুন্টার গ্রাস

● 'এ নেশন ইন মেকিং' বইটির রচয়িতা কে?
**উত্তর:** সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

● ভারতে কোথায় সাভানা জলবায়ু পরিলক্ষিত হয়?
**উত্তর:** দক্ষিণাত্য মালভূমি



● সালাল জলবিদ্যুৎ কেন্দ্রটি কোথায় অবস্থিত?
**উত্তর:** জম্মু-কাশ্মীর

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

# শ্রমে ফাঁকি না দিলে বাধা কাটিয়ে ঠিক বেরিয়ে আসা যায়



অর্ণব মজুমদার
চিফ অপারেটিং অফিসার
কলোজিয়াম ইভেন্টস-ইন্ডিয়া

একেবারেই মেধাবী ছাত্র ছিলাম না। পরিচিত লোকেরা বলত, ডিগ্রি না থাকলে বা তথাকথিত ভালো রেজাল্ট না হলে ভালো কেরিয়ার হবে না। পরে নিজে চাকরির দুনিয়ায় যোগ দিয়ে বুঝেছি, কথাটা সর্বৈব ভুল। এমন তো হতেই পারে, যে-বিষয় নিয়ে তুমি কাজ করতে চাও, সেই বিষয়টা কোথাও পড়ানোই হয় না। বা পড়ানো হলেও তা কেবল কিছু বেসরকারি প্রতিষ্ঠানে, বিপুল অর্থের বিনিময়ে। সাধারণ মধ্যবিত্ত পরিবারের ছেলেমেয়েদের পক্ষে যে খরচ করা অসম্ভব।এসব ক্ষেত্রে চলতি ধারণা হল, দক্ষতাকে আমল দিতে হবে না, বরং অপছন্দের বিষয়টা নিয়ে পড়েই একটা গড়পড়তা মান বজায় রেখে যাও।

## নিজের দক্ষতাকে গুরুত্ব দাও

বাস্তবে চেষ্টা করলে কিন্তু অন্য ভাবেও নিজেকে তৈরি করা যায়। লক্ষ্যে পৌঁছবার বিভিন্ন রাস্তা আছে। তুমি যেটা বেছে নেবে সেটাই তোমার ভবিষ্যৎ নিয়ন্ত্রণ করবে।

প্রকৃতপক্ষে শিক্ষা হল যে-কোনও বিষয়কে জানা। এটি একটি ধারাবাহিক প্রক্রিয়া। ধরা যাক, তোমার কোনও বিষয়ে খুব আগ্রহ আছে। তুমি সেই বিশেষ ক্ষেত্রটি নিয়েই ক্রমাগত কাজ করছ, বিভিন্ন সূত্র থেকে জানতে চেষ্টা করছ। এইভাবেই তুমি সেই ধারাবাহিক প্রক্রিয়াটির মধ্যে পড়ে যাচ্ছ। তোমার প্যাশনের তাগিদেই, এই আহরণ করা জ্ঞান প্রাতিষ্ঠানিক শিক্ষার সমতুল হয়ে উঠবে।

এর সঙ্গে প্রয়োজন হবে কাজের বাজারের খবর রাখার এবং নিজের বুদ্ধির যথাযথ প্রয়োগের। তুমি যে-বিষয়ে আগ্রহী, তা নিয়ে কাজের বাজারে কী-কী সুযোগ পেতে পারো, কারা এই বিষয়ের কর্মী খুঁজছে, এই মুহূর্তে সেই কাজের চাহিদা কীরকম— এইসব তথ্যের প্রতি আগাগোড়া খেয়াল রেখে চলতে হবে।

এভাবেই তোমার কাজ খোঁজার প্রক্রিয়াও শুরু হয়ে যাবে। প্রথমেই বড় আশা কোরো না। ছোট-ছোট কাজ দিয়ে শুরু করো। ধাক্কা খাবে, বিপদে পড়বে, কিন্তু মনের জোর থাকলে ঠিক উঠে দাঁড়াতে পারবে। চাকরি হোক, ব্যবসা হোক, নিজের দক্ষতা অনুযায়ী কাজ করার জায়গা তৈরি করতে পারলে ঠিক এগিয়ে যাবে।

## ভবিষ্যৎ পরিকল্পনা আগেই করে নিতে হবে

আমি পড়াশোনার পাট শেষ করেই ফ্রিলান্সিং শুরু করে দিয়েছিলাম। মার্কেটিং এবং ইভেন্ট ইন্ডাস্ট্রি বরাবরই আমার প্রথম পছন্দের তালিকায় ছিল। তাই নিয়েই কাজ করছিলাম। কিন্তু তখনও এই বিষয়ে সাধারণ লোকজনের মধ্যে খুব একটা স্পষ্ট ধারণা না থাকায়, বাড়িতে সবাই চাপ দিতে শুরু করল চাকরির জন্য।

ইন্টারভিউ দেওয়া শুরু হল। কম্পিউটার ভালো ভাবে জানতাম বলে উইপ্রোর পরীক্ষায় পাশ করে কাজ শুরু করলাম। টেক-প্রসেস বিভাগে কাজ করতাম। বিদেশের বিভিন্ন সংস্থা তাদের টেকনিক্যাল সাপোর্ট ভারত থেকে আউটসোর্সিং করে। আমাকেও বিদেশি সংস্থাগুলির কম্পিউটার-সংক্রান্ত বিভিন্ন জটিল সমস্যার সমাধান করতে হতো। এমনকী খুব সাধারণ সমস্যা, যেমন কম্পিউটার হ্যাং করে গিয়েছে বা চালু হচ্ছে না জাতীয় প্রশ্নের মুখোমুখি হতে হতো। ফলে কোথাও একটা একঘেয়েমি কাজ করতে শুরু করেছিল। তখন আবার শুরু করলাম কাজ খোঁজা।

একটা কাজ করতে করতে অন্য কাজ খোঁজায় সুবিধাটা এই যে, তুমি কাজে নিযুক্ত আছো বলে নিজেকে সময়োপযোগী করেও রাখতে পারছ। তাছাড়া তোমার একটা উপার্জনের ক্ষেত্র রয়েছে বলে নতুন চাকরি নেওয়া বা না-নেওয়ার ক্ষেত্রে তোমার পছন্দ-অপছন্দ, ভবিষ্যতে উন্নতির ভাবনাকেও গুরুত্ব দিতে পারছ। তবে পুরনো চাকরি পছন্দ নয় বলেই ছেড়ে দেওয়া যেমন কেরিয়ার তৈরিতে কোনও সাহায্য করে না, তেমনই নতুন চাকরিতে সামান্য ব্যক্তিগত অসুবিধার জন্য যোগ না দেওয়াও একই রকম খারাপ। অর্থাৎ সব ক্ষেত্রেই ভেবেচিন্তে, ভবিষ্যৎ পরিকল্পনা করে তবেই সিদ্ধান্ত নেওয়া উচিত।

যে-কোনও ব্যক্তির জীবনেই কঠিন সময় আসে। মনে সাহস নিয়ে এগিয়ে যেতে পারলে আর শ্রমে ফাঁকি না দিলে বাধা কাটিয়ে ঠিক বেরিয়ে আসা যায়।

ফোন-নির্ভর সমস্যা সমাধানের সেই একঘেয়ে কাজ ছেড়ে আমিও নিজের পছন্দের কাজে ফিরে এসেছিলাম। এখন সংস্থার কাজে দেশ-বিদেশের নানা প্রান্তে যেতে হয়। নতুন নতুন অভিজ্ঞতা সঞ্চয় করি। নিত্যনতুন কাজের পন্থা উদ্ভাবন নিয়ে ব্যস্ত থাকি। সেইসঙ্গে উদ্যমে কখনও যেন ঘাটতি না পড়ে, সেদিকে কড়া নজর রাখি।

### টুকরো পরামর্শ

ইন্টারভিউয়ের সময় ছেলেমেয়েদের চিন্তাভাবনা কোন খাতে বইছে, তা বোঝার চেষ্টা করা হয়। প্রার্থী কেরিয়ার নিয়ে কী ভাবছে, নিজেকে ভবিষ্যতে কোন জায়গায় দেখতে চায়— এ ধরনের প্রশ্নের উত্তর থেকেই যাচাই করা হয় তার মানসিকতা। অর্থাৎ সে কীভাবে কাজ করতে পারবে, তার উন্নতির তাগিদ আছে কিনা, সহজেই কাজ ছেড়ে চলে যেতে পারে কিনা, ইত্যাদি। যে-কোনও জায়গায় নতুন পরিস্থিতি ও কাজের ধরনের সঙ্গে নিজেকে খাপ খাইয়ে নিয়ে কাজ করতে প্রার্থী মানসিক ভাবে তৈরি কিনা এই দিকটিও এখন গুরুত্ব দিয়ে বিচার করা হয়।



> পুরনো চাকরি পছন্দ নয় বলেই ছেড়ে দেওয়া যেমন কেরিয়ার তৈরিতে কোনও সাহায্য করে না, তেমনই নতুন চাকরিতে সামান্য ব্যক্তিগত অসুবিধার জন্য যোগ না দেওয়াও একই রকম খারাপ। অর্থাৎ সব ক্ষেত্রেই ভেবেচিন্তে, ভবিষ্যৎ পরিকল্পনা করে তবেই সিদ্ধান্ত নেওয়া উচিত।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

shine.com Great careers start here

Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA

Companies Recruiting This Week

PS AVIATION
Company: PS AVIATION ACADEMY PVT.LTD
Position Title: Ground staff and Cabin Crew
Experience, Location: Fresher, Kolkata, Delhi, Vizag
Profile: Hiring Fresher Candidates for International and domestic Airlines. Qualification minimum 12th Passed.Starting salary for cabin crew-30000 to 35000 pm, Ground staff- 15000 to 19000 pm. Age limit for cabin crew -18 to 26.Age limit for Ground staff -18 to 28.Male female both can apply. Contact no-8240117926/ 9007421048
To apply for this job, log on to www.shine.com and search using 9720038 as keyword.

GLOBAL INDIA CONSULTANTS
Company: A Client of Global India Consultants
Position Title: Software Developer
Experience, Location: 2 years+, Kolkata
Profile: Front end technologies ASP.NET, SQL Server, HTML 5, Java Script, jQuery, CSS, Bootstrap, etc - Having experience with PHP & Mobile App development. Experience 2 Years+, Salary 2.5 to 4 lacs P.A. If interested, please Contact - Email: bestmansoftwaresolutions@gmail.com, Call or Whatsapp : 9831027443
To apply for this job, log on to www.shine.com

IndiaMart InterMesh Ltd
Company: IndiaMart InterMesh Ltd
Position Title: Sales Executive
Experience, Location: 0 - 5 year, Kolkata
Profile: We are hiring immediately for Senior Executive/ Assistant Manager profile in Kolkata. Experience- 2 months- 6 years of relevant sales experience.
To apply for this job, log on to www.shine.com and search using 9999605 as keyword.

Reliance Nippon Life Insurance co. ltd.
Company: Reliance Nippon Life Insurance co. ltd.
Position Title: Assistant Sales Manager
Experience, Location: 0-6 years, Kolkata
Profile: We have opening for the post of Assistant Sales Manager (Banca)in Reliance Nippon Life Insurance in Kolkata. Designation: Assistant Sales Manager (Banca). CTC 2.20 + Incentives best across the industry + Opportunity to travel Nationally / Internationally. Fast track promotion on completion of yearly target in less than nine months
To apply for this job, log on to www.shine.com and search using 9986006 as keyword.

BAJAJ CAPITAL LTD
Company: Bajaj Capital Ltd
Position Title: Relationship Manager
Experience, Location: 0-3 year, Kolkata
Profile: Inviting applications for position of Relationship Managers.who will be responsible for managing the portfolio of the clients for providing them with better investment solutions & services to facilitate easy wealth creation. Candidates with NISM/ CFP /PGDFP/MFP /CWM certification would have an added advantage.
To apply for this job, log on to www.shine.com and search using 9851136 as keyword.

INTERMEDICS
Company: Intermedics
Position Title: Service Engineer
Experience, Location: 3-7 years, Kolkata
Profile: Installations and Demonstration of all IVF Lab equipments to customers. The reporting of which should be sent to the head office every Friday for as per Service Reporting Protocol. To handle all service complaints as assigned by the Service Manager and co-ordinate for the same with the H.O. for timely service to the customer.
To apply for this job, log on to www.shine.com and search using 9994745 as keyword.

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203*
*Not for Candidates

shine.com Great careers start here

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. প্রতিধ্বনি সৃষ্টির কারণ হল:
(a) শব্দের বিচ্ছুরণ (b) শব্দের প্রতিফলন (c) শব্দের বিক্ষেপণ (d) শব্দের প্রতিসরণ
2. কোন প্রাণীটির রক্তে হিমোসায়ানিন থাকে?
(a) চিংড়ি (b) হাঁস (c) ব্যাঙ (d) ফড়িং
3. পাঞ্জাবের একটি গুরুত্বপূর্ণ বাণিজ্যিক শস্য হল:
(a) ভুট্টা (b) গম (c) পাট (d) বাজরা
4. রক্তের লোহিতকণিকা ধ্বংসকারী রোগ হল:
(a) অ্যানিমিয়া (b) কলেরা (c) জন্ডিস (d) টাইফয়েড
5. ভিটামিন E-এর রাসায়নিক নাম হল:
(a) থিয়ামিন (b) টোকোফেরল (c) রেটিনল (d) অ্যাসকরবিক অ্যাসিড
6. তাপমাত্রা বৃদ্ধির সঙ্গে সঙ্গে কোনও অর্ধপরিবাহীর রোধ:
(a) কমে (b) বাড়ে (c) প্রথমে বাড়ে, তারপর কমে (d) একই থাকে
7. এক হাজার মাইক্রন সমান:
(a) $10^{-3}$ m (b) $10^{-5}$ m (c) $10^{-2}$ m (d) $10^{-4}$ m
8. 'সাইমন কমিশন ফিরে যাও' কে বলেছিলেন?
(a) দাদাভাই নওরোজি (b) লাল বাহাদুর শাস্ত্রী (c) ভগৎ সিং (d) লালা লাজপত রায়
9. ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় অর্থ কমিশনের গঠন ও ভূমিকার কথা বলা হয়েছে?
(a) 264 নম্বর (b) 245 নম্বর (c) 275 নম্বর (d) 280 নম্বর
10. 'হাফনেলসন' শব্দটি কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) জুডো (b) কুস্তি (c) সাঁতার (d) পোলো
11. শিখধর্মে 'খালসা'-র প্রবর্তক হলেন:
(a) গুরু তেগবাহাদুর (b) গুরু গোবিন্দ সিং (c) গুরু অর্জুন (d) গুরু নানক
12. নীচের কোনটি অর্ধপরিবাহী?
(a) কার্বন (b) সিলিকন (c) কপার (d) জিঙ্ক
13. 'তঙ্কা' ও 'জিতল' মুদ্রা প্রথম প্রচলন করেন:
(a) মহম্মদ বিন তুঘলক (b) আলাউদ্দিন খলজি (c) শেরশাহ (d) ইলতুৎমিস
14. 'সম্পদের নিষ্কাশন তত্ত্ব'-র প্রবক্তা হলেন:
(a) বল্লভভাই প্যাটেল (b) দাদাভাই নওরোজি (c) মহাত্মা গান্ধী (d) জওহরলাল নেহরু
15. চরক কার রাজসভায় বিখ্যাত চিকিৎসক ছিলেন?
(a) কণিষ্ক (b) অশোক (c) চন্দ্রগুপ্ত মৌর্য (d) হর্ষবর্ধন
16. জল এবং অ্যালকোহলের মিশ্রণকে কীসের দ্বারা পৃথক করা যেতে পারে?
(a) নিস্তারণ (b) নিস্রেদন (c) বাষ্পীকরণ (d) ডিসটিলেশন
17. কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র কোন নদীর তীরে অবস্থিত?
(a) সুবর্ণরেখা (b) রূপনারায়ণ (c) কংসাবতী (d) দামোদর
18. সাদা আলোর বর্ণালিতে প্রিজম কর্তৃক যে রঙের আলোর চ্যুতি সর্বোচ্চ হয়:
(a) বেগুনি (b) নীল (c) হলুদ (d) লাল
19. তড়িৎ চুম্বক কোন পদার্থ দ্বারা তৈরি হয়?
(a) অ্যালুমিনিয়াম (b) কাঁচা লোহা (c) স্টিল (d) তামা
20. রসায়নাগারে প্রস্তুত প্রথম জৈব যৌগটির নাম কী?
(a) বেঞ্জিন (b) ইউরিয়া (c) ইথার (d) মিথেন
21. কয়লার অসম্পূর্ণ দহনে সৃষ্টি হয়:
(a) কার্বন মনোক্সাইড (b) কার্বন ডাইক্সাইড (c) কোক (d) সবক'টি
22. মাইটোসিস কোষ বিভাজনের ক'টি দশা?
(a) 5 (b) 4 (c) 3 (d) 2
23. বংশগতির জনক বলা হয়:
(a) মেন্ডেলকে (b) ল্যামার্ককে (c) ডারউইনকে (d) ডি ভ্রিসকে
24. রাষ্ট্রপতি নির্বাচন সংক্রান্ত বিরোধ কোন প্রতিষ্ঠান মেটায়?
(a) সংসদ (b) সুপ্রিম কোর্ট (c) নির্বাচন কমিশন (d) b এবং c দু'টোই
25. 'আপৎকালীন হরমোন' কাকে বলা হয়?
(a) ইনসুলিন (b) অ্যাড্রেনালিন (c) STH (d) থাইরক্সিন
26. ভিসু কোন রাজ্যের উৎসব?
(a) মহারাষ্ট্র (b) কেরল (c) ওড়িশা (d) মধ্যপ্রদেশ
27. বড়াপানি হ্রদ কোন রাজ্যে অবস্থিত?
(a) অরুণাচল প্রদেশ (b) মেঘালয় (c) উত্তরাখণ্ড (d) নাগাল্যান্ড
28. চুয়াড় বিদ্রোহ প্রথম সংঘটিত হয়েছিল:
(a) মহীশূরে (b) বারাণসীতে (c) বাংলাদেশে (d) ঘাটশিলায়
29. স্বদেশবান্ধব সমিতির প্রতিষ্ঠাতা ছিলেন:
(a) পি মিত্র (b) ডিরোজিও (c) দেবেন্দ্রনাথ ঠাকুর (d) অশ্বিনীকুমার দত্ত
30. যোগেশ্বরী গুহা কোন রাজ্যে অবস্থিত?
(a) মহারাষ্ট্র (b) বিহার (c) গুজরাট (d) উত্তরপ্রদেশ
31. ফেব্রুয়ারি বিপ্লব সংগঠিত হয়েছিল:
(a) ফ্রান্সে (b) ব্রিটেনে (c) চিনে (d) রাশিয়ায়
32. বেয়ার পদ্ধতিতে কোন ধাতু নিষ্কাশিত হয়?
(a) অ্যালুমিনিয়াম (b) অ্যামোনিয়া (c) ফ্লুওরিন (d) সালফার
33. ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় অ্যাটর্নি জেনারেল থাকার কথা বলা হয়েছে?
(a) 112 নম্বর (b) 76 নম্বর (c) 88 নম্বর (d) 252 নম্বর
34. ট্যানিং ও মুদ্রণ শিল্পে কোন অ্যাসিড ব্যবহৃত হয়?
(a) সালফিউরিক অ্যাসিড (b) হাইড্রোক্লোরিক অ্যাসিড (c) কার্বলিক অ্যাসিড (d) নাইট্রিক অ্যাসিড
35. ভারতের কোথায় ফটোকেমিক্যাল শিল্প রয়েছে?
(a) বেঙ্গালুরু (b) কানপুর (c) অমৃতসর (d) বরোদা
36. ভাগলপুর কোন নদীর তীরে অবস্থিত?
(a) মহানদী (b) গঙ্গা (c) যমুনা (d) মুসি
37. কলহনের 'রাজতরঙ্গিণী' অনুসারে মৌর্য সম্রাট অশোকের প্রিয় দেবতা ছিলেন:
(a) বাসুদেব (b) শিব (c) বিষ্ণু (d) বুদ্ধ
38. কোন ফসলটির চাষের অস্তিত্ব সমগ্র হরপ্পা সভ্যতায় পাওয়া যায় না?
(a) ডাল (b) আখ (c) বার্লি (d) চাল
39. পশ্চিমবঙ্গের যেখানে মধ্যপ্রস্তর যুগের সভ্যতা গড়ে উঠেছিল:
(a) পান্ডু রাজার ঢিবি (b) ব্রহ্মগিরি (c) চিরাঙ্গ (d) উৎনুর
40. সামুদ্রিক অবক্ষেপে নীচের কোনটি সৃষ্টি হয়?
(a) স্ট্যাক (b) ভৃগু (c) জিও (d) স্পিট
41. 'ললিতা তথা মানস' কাব্যটি কার লেখা?
(a) বিহারীলাল চক্রবর্তী (b) রবীন্দ্রনাথ ঠাকুর (c) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (d) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
42. বর্তমানে ভারতের সংবিধানে স্বীকৃত মৌলিক অধিকারের সংখ্যা:
(a) 10 (b) 11 (c) 6 (d) 7
43. রাষ্ট্রের সার্বভৌমিকতা সম্পর্কিত একত্ববাদী তত্ত্বের প্রবক্তা হলেন:
(a) ম্যাকাইভার (b) অস্টিন (c) ব্ল্যাকস্টোন (d) হবস
44. নীচের কোন রাজ্যে শিগমোৎসব আয়োজিত হয়:
(a) কর্নাটক (b) অন্ধ্র প্রদেশ (c) গোয়া (d) কেরল
45. সম্প্রতি এশিয়ান রেসলিং চ্যাম্পিয়নশিপে নভজ্যোত কাউর ভারতের হয়ে কোন ক্যাটেগরিতে স্বর্ণপদক পেলেন?
(a) 60 কেজি (b) 55 কেজি (c) 50 কেজি (d) 65 কেজি
46. সম্প্রতি শ্রেষ্ঠ চলচ্চিত্র হিসেবে 90তম অস্কার জিতল কোন ছবি?
(a) ডার্কেস্ট আওয়ার (b) ব্লেড রানার 2049 (c) দি শেপ অব ওয়াটার (d) থ্রি বিলবোর্ডস আউটসাইড এবিং মিসৌরি
47. নীচের কোন খেলার সঙ্গে ইন্ডিয়ান টার্ফ ইনভাইটেশন কাপ যুক্ত?
(a) পোলো (b) গলফ (c) ঘোড়দৌড় (d) নৌকা চালানো
48. হোলি উপলক্ষে 'ভাগোরিয়া উৎসব' অনুষ্ঠিত হয়েছিল সম্প্রতি কোন রাজ্যে?
(a) ঝাড়খণ্ড (b) উত্তরপ্রদেশ (c) বিহার (d) মধ্যপ্রদেশ
49. আর্মেন সরকিসিয়ান কোন দেশের নবনিযুক্ত রাষ্ট্রপতি?
(a) স্পেন (b) আর্মেনিয়া (c) ইরাক (d) আজেরবাইজান
50. সাম্প্রতিক গবেষণা অনুসারে ডায়াবেটিস কত প্রকারের?
(a) 7 (b) 6 (c) 5 (d) 4
51. দু'টি সংখ্যার যোগফলের 40% সংখ্যাদু'টির বিয়োগফলের 50%-এর সমান হলে বড় ও ছোট সংখ্যার অনুপাত কত?
(a) 9 : 1 (b) 2 : 3 (c) 5 : 2 (d) 3 : 5
52. দু'টি সংখ্যার গুণফল 6375 এবং বিয়োগফল 10 হলে, বড় সংখ্যাটি কত?
(a) 87 (b) 90 (c) 82 (d) 85
53. একজন ক্রিকেটারের ন'টি ইনিংসের গড় রান 49, দশম ইনিংসে কত রান করলে 10টি ইনিংসের গড় রান হবে 50 ?
(a) 60 (b) 62 (c) 65 (d) 59
54. কোন সংখ্যার 12 গুণের সঙ্গে 60 যোগ করলে যোগফল হয় 780?
(a) 65 (b) 68 (c) 62 (d) 60
55. পিতা ও পুত্রে গড় বয়স 25 বছর এবং পিতা ও মাতার গড় বয়স 38 বছর। মাতা ও পুত্রের বয়সের পার্থক্য কত?
(a) 26 বছর (b) 28 বছর (c) 30 বছর (d) 25 বছর
56. অঙ্ক কষে একটি কোণের মাপ হয় $37\frac{1}{2}^{\circ}$ কিন্তু ছবি এঁকে কোণের মাপ হয় $36^{\circ}$। তবে ছবি আঁকার ক্ষেত্রে কত শতাংশ ভুল হয়?
(a) 5% (b) 2% (c) 3% (d) 4%
57. তিনটি সংখ্যার গ.সা.গু. 6 ও ল.সা.গু. 420। দু'টি সংখ্যা 12 ও 30 হলে তৃতীয় সংখ্যাটি কী হবে?
(a) 70 (b) 42 (c) 18 (d) 21
58. 5টি পরপর অযুগ্ম সংখ্যার গড় 15। বৃহত্তম সংখ্যাটি কী?
(a) 15 (b) 11 (c) 17(d) 19
59. A ও B নলদু'টি যথাক্রমে 6 ও 3 মিনিটে একটি চৌবাচ্চা পূর্ণ করতে পারে। নল দু'টি একসঙ্গে খুলে দিলে কতক্ষণে খালি চৌবাচ্চাটি পূর্ণ হবে?
(a) 3 মিনিটে (b) 4 মিনিটে (c) 1 মিনিটে (d) 2 মিনিটে
60. 6 জন লোক একটি কাজ 30 দিনে করতে পারে। 20 জন লোক ওই কাজটি কতদিনে করবে?
(a) 9 দিনে (b) 18 দিনে (c) 12 দিনে (d) 15 দিনে
61. রাম একটি কাজ 6 ঘণ্টায় ও শ্যাম সেই কাজ 4 ঘণ্টায় করতে পারে। তারা একসঙ্গে কাজ করলে কাজটি শেষ করতে কত সময় লাগবে?
(a) $2\frac{6}{7}$ ঘণ্টা (b) $3\frac{3}{7}$ ঘণ্টা (c) $1\frac{3}{7}$ ঘণ্টা (d) $2\frac{3}{7}$ ঘণ্টা
62. তিন অঙ্কবিশিষ্ট দু'টি সংখ্যার গ.সা.গু. ও ল.সা.গু. যথাক্রমে 17 ও 714। সংখ্যাদু'টি কী কী?
(a) 204, 238 (b) 102, 119 (c) 306, 714 (d) 102, 714
63. ঘণ্টায় 4 কিমি বেগে গেলে 5 মিনিট দেরি হয় কিন্তু ঘণ্টায় 5 কিমি বেগে গেলে 10 মিনিট আগে পৌঁছনো যায়। স্থানটির দূরত্ব কত?
(a) 5 কিমি (b) 18 কিমি (c) 20 কিমি (d) 12 কিমি

এরপর উনিশের পাতায়

### পি এস সি-র মাধ্যমে ২৯৫৪

# আই সি ডি এস সুপারভাইজর

## নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

পরীক্ষা ১ সেপ্টেম্বর

1. মানুষের শরীরে খাদ্য প্রধানত কোথায় হজম হয়?
(a) যকৃত (b) বৃহদন্ত্র (c) ক্ষুদ্রান্ত্র (d) ফুসফুস
2. একজন প্রাপ্তবয়স্ক মানুষের সিস্টোলিক, ডায়াস্টোলিক প্রেশার এবং পালস রেটের স্বাভাবিক অনুপাত কত হয়?
(a) 4 : 2 : 3 (b) 1 : 2 : 3 (c) 3 : 4 : 5 (d) 3 : 2 1
3. নীচের কোন প্রতিষেধক গর্ভবতী মহিলাদের দেওয়া হয়?
(a) বি সি জি (b) ও ভি পি (c) টি টি (d) ডি পি টি
4. 'Universal Immunization Program' শুরু হয় কত সালে?
(a) 1990 (b) 2000 (c) 1995 (d) 1985
5. অ্যালবুমিন হল:
(a) সরল প্রোটিন (b) সরল শর্করা (c) সরল ফ্যাট (d) ভিটামিন
6. দুধে কোন ভিটামিন থাকে না?
(a) ভিটামিন-এ (b) ভিটামিন-বি (c) ভিটামিন-সি (d) ভিটামিন-ডি
7. কোন গ্রুপের রক্তে অ্যান্টিজেন থাকে না?
(a) গ্রুপ-'এ' (b) গ্রুপ-'ও' (c) গ্রুপ-'বি'(d) গ্রুপ-'এবি'
8. নবজাতকের স্বাভাবিক ওজন কত হওয়া উচিত?
(a) 3 কেজি থেকে 3.5 কেজি (b) 2 কেজি থেকে 3.5 কেজি (c) 2.5 কেজি থেকে 3 কেজি (d) 2 কেজি থেকে 3 কেজি
9. 'ডাউন সিন্ড্রেম' হল:
(a) রেসপিটারি সমস্যা (b) নিউট্রিশনাল সমস্যা (c) কার্ডিয়াক সমস্যা (d) ক্রোমোজোমাল সমস্যা
10. দেহে ভিটামিনের অনুপস্থিতিকে বলা হয়:
(a) হাইপারভিটামিনোসিস (b) অ্যাভিটামিনোসিস (c) হাইপোভিটামিনোসিস (d) অস্টিওপোরোসিস
11. কোন ভিটামিনের অভাবে হেমারেজ বা রক্তক্ষরণ হয়?
(a) ভিটামিন-এ (b) ভিটামিন-বি (c) ভিটামিন-সি (d) ভিটামিন-কে
12. এক বছরের কম বয়সের শিশুদের খাদ্যে প্রোটিন ও ক্যালোরি উভয়ের ঘাটতিকে কী বলা হয়?
(a) অ্যানিমিয়া (b) ম্যারাসমাস (c) হাইপোপ্লাসেমিয়া (d) কোয়াশিওরকর
13. 'হুপিং কাশি'-র আরেকটি নাম হল:
(a) অ্যাসমা (b) মাম্পস (c) হেপাটাইটিস (d) পারটুসিস
14. রক্তরসের অপ্রোটিন নাইট্রোজেন হল:
(a) গ্লুকোসামাইন (b) প্রোথ্রম্বিন (c) ক্রিয়েটিনিন (d) জ্যানথিন
15. থায়ামিনের প্রধান উৎস হল:
(a) দুধ (b) ডিম (c) কমলালেবু (d) ঢেঁকি ছাটা চাল
16. 'ব্ল্যাকফুট ডিজিস-এর কারণ:
(a) আর্সেনিক (b) আয়োডিন (c) নিয়াসিন (d) গ্লুকোজ
17. মার্কারির বিষক্রিয়ায় কী রোগ হয়?
(a) ইটাই ইটাই (b) পেলেগ্রা (c) মিনামাটা (d) বেরিবেরি
18. 'BOAA' যৌগটি দেখা যায়:
(a) অশুদ্ধ জলে (b) খেসারির ডালে (c) ঢেঁকি ছাঁটা চালে (d) সূর্যমুখী তেলে
19. কোন শব্দজোড়াটি অসুখ সম্পর্কিত নয়?
(a) ম্যালেরিয়া-প্রোটোজোয়া (b) নিউমোনিয়া-ব্যাক্টেরিয়া (c) ইনফ্লুয়েঞ্জা-ভাইরাস (d) পাকসিনিয়া-ছত্রাক
20. প্যারাসিটামল এক ধরনের:
(a) অ্যান্টিইমেটিক (b) অ্যান্টিপাইরেটিক (c) অ্যান্টিকনভালসিভ (d) অ্যান্টিঅ্যাসথেমেটিক
21. 'এপিসটেক্সিস' ফলে রক্ত পড়ে:
(a) নাক দিয়ে (b) দাঁতের মাড়ি দিয়ে (c) কান দিয়ে (d) হাত দিয়ে
22. হৃৎপিণ্ডের স্বাভাবিক পেসমেকারকে বলা হয়:
(a) পি ডি নোড (b) ভি পি নোড (c) এ ভি নোড (d) এস এ নোড
23. ক্যাডমিয়ামের উপস্থিতিতে মানবশরীরে কোন অঙ্গ নষ্ট হতে পারে?
(a) কিডনি (b) চোখ (c) ফুসফুস (d) কান
24. কোনটি ব্যাক্টেরিয়াঘটিত রোগ নয়?
(a) পোলিও (b) টাইফয়েড (c) কুষ্ঠ (d) ডাইরিয়া
25. শরীরের সবথেকে শক্ত অংশ হল:
(a) হাঁটুর মালাইচাকি (b) পায়ের নখ (c) দাঁতের এনামেল (d) ফিমার হাড়
26. অ্যানিমিয়া রোগের কারণ হল:
(a) আয়রনের অভাব (b) ফলিক অ্যাসিড কম (c) ভিটামিন $B_{12}$-এর অভাব (d) সবক'টির অভাবে হয়
27. বডি মাসইন্ডেক্স (BMI) নির্ণয়ে নীচের কোন ফরমুলাটি সঠিক?
(a) Weight in Kg ÷ $(\text{Height in Metre})^2$ (b) Weight in Kg × $(\text{Height in Metre})^2$ (c) Weight in Kg – $(\text{Height in Metre})^2$ (d) Weight in Kg + $(\text{Height in Metre})^2$
28. কুকুরে কামড়ালে তৎক্ষণাৎ কী করা উচিত?
(a) হাসপাতালে নিয়ে যাওয়া (b) সাবান ও জল দিয়ে ক্ষত স্থান পরিষ্কার করা (c) অ্যান্টিসেপটিক ক্রিম লাগানো (d) কুকুরটাকে নজরে রাখা

### উত্তর

1(c), 2(d), 3(c), 4(d), 5(a), 6(c), 7(b), 8(c), 9(d), 10(b), 11(d), 12(b), 13(d), 14(c), 15(d), 16(a), 17(c), 18(b), 19(d), 20(b), 21(a), 22(d), 23(a), 24(a), 25(c), 26(d), 27(a), 28(b).

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: ডঃ শক্তিপদ নন্দ ও পলাশ কান্তি মণ্ডল

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আঠারোর পাতার পর*

64. একটি 150 মিটার লম্বা ট্রেন বিপরীত দিক থেকে 6 কিমি/ঘণ্টা বেগে আসা একটি লোককে 6 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির বেগ কত?
(a) 96 কিমি/ঘণ্টা (b) 106 কিমি/ঘণ্টা (c) 66 কিমি/ঘণ্টা (d) 84 কিমি/ঘণ্টা

65. কিছু পরিমাণ টাকার 5% খরচ করলে 133 টাকা অবশিষ্ট থাকে। সমস্ত টাকার পরিমাণ কত?
(a) 160 টাকা (b) 130 টাকা (c) 150 টাকা (d) 140 টাকা

66. বার্ষিক 5% সুরলসুদে কোনও টাকার 2 বছরের সুদ 100 টাকা হলে, একই সুদ ও সময়ে ওই টাকার জটিল সুদ কত টাকা হবে?
(a) 103.50 (b) 102.25 (c) 102.50 (d) 103

67. A-র আয়ের 30%, B-র আয়ের 22%-এর সমান। A-র মাসিক আয় 660 টাকা হলে, B-র মাসিক আয় কত?
(a) 1050 টাকা (b) 900 টাকা (c) 950 টাকা (d) 1000 টাকা

68. ক ও খ-এর দৈনিক গড় বেতন 47 টাকা। খ ও গ-এর 50 টাকা ও গ ও ক-এর 38 টাকা হলে, ক-এর দৈনিক বেতন কত?
(a) 35 টাকা (b) 50 টাকা (c) 48 টাকা (d) 40 টাকা

69. 4, 5, 0, 3 অঙ্ক চারটি দ্বারা গঠিত বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার পার্থক্য কত?
(a) 2115 (b) 3245 (c) 2675 (d) 2385

70. 75-এর সঙ্গে কোন সংখ্যার 75% যোগ করলে উত্তর সেই সংখ্যাটি হয়, সংখ্যাটি কী?
(a) 400 (b) 300 (c) 250 (d) 350

71. 8 কিলোগ্রাম চালের দাম 240 টাকা হলে, 12 কিলোগ্রাম চালের দাম কত?
(a) 395 টাকা (b) 380 টাকা (c) 360 টাকা (d) 250 টাকা

72. দু'টি সংখ্যার যোগফল 20 ও বিয়োগফল 8। সংখ্যাদু'টির বর্গের অন্তর কত?
(a) 172 (b) 165 (c) 160 (d) 150

73. একটি বর্গক্ষেত্রের পরিসীমা ও কর্ণের অনুপাত কত?
(a) $2\sqrt{2} : 1$ (b) $1 : 2\sqrt{2}$ (c) $1 : \sqrt{2}$ (d) $\sqrt{2} : 1$

74. আয়তাকর একটি ক্ষেত্রের দৈর্ঘ্য 10% বৃদ্ধি ও প্রস্থ 10% হ্রাস করা হলে ক্ষেত্রফলের কী পরিবর্তন হবে?
(a) 20% বৃদ্ধি (b) 10% বৃদ্ধি (c) 12% হ্রাস (d) 14% হ্রাস

75. বর্তমানে পিতা ও পুত্রের বয়সের অনুপাত 7 : 1 এবং তাদের বয়সের গুণফল 175 বছর। 10 বছর পরে তাদের বয়সের অনুপাত কত হবে?
(a) 1 : 1 (b) 3 : 1 (c) 5 : 1 (d) 7 : 1

76. কত লিটার জল মেশালে 5 লিটার দ্রবণে দুধের হার 45% থেকে কমে 25% হবে?
(a) 5 লিটার (b) 8 লিটার (c) 4 লিটার (d) 6 লিটার

77. কোনও পরীক্ষায় পাশ নম্বর 40%। যদি কোনও পরীক্ষার্থী 140 নম্বর পেয়ে 20 নম্বরের জন্য ফেল করে, তবে পরীক্ষায় মোট নম্বর কত?
(a) 500 (b) 400 (c) 300 (d) 200

78. $\frac{3}{5}$ এর $\frac{4}{7}$ এর $\frac{7}{9}$ এর 1380 = ?
(a) 368 (b) 373 (c) 363 (d) 355

79. বিশুদ্ধ সোনার একটি তালের সঙ্গে 20% খাদ মেশানো হল। বিশুদ্ধ সোনার হার কত?
(a) $83\frac{4}{3}$ % (b) $83\frac{2}{3}$ % (c) $83\frac{5}{3}$ % (d) $83\frac{1}{3}$ %

80. ক্রয়মূল্যের ওপর 10% ক্ষতি হলে বিক্রয়মূল্যের ওপর কত শতাংশ ক্ষতি?
(a) $11\frac{1}{9}$ % (b) $9\frac{1}{11}$ % (c) $13\frac{1}{11}$ % (d) $10\frac{1}{9}$ %

81. যদি '÷' = K হয়, '×' = P হয়, '+' = L হয় এবং '–' = N হয়, তবে 36 K 6 P 5 L 7 N 3 = ?
(a) 34 (b) 38 (c) 33 (d) 35

82. শূন্যস্থানে কী বসবে?

| | | |
|---|---|---|
| 5 | 7 | 9 |
| 133 | 370 | ? |
| 2 | 3 | 4 |

(a) 793 (b) 753 (c) 773 (d) 783

83. নীচের শব্দগুলিকে অর্থপূর্ণ ক্রমে সাজান।
1. Theft 2. Jail 3. Court 4. Judge 5. Police
(a) 1, 5, 3, 2, 4 (b) 1, 5, 3, 4, 2 (c) 5, 4, 3, 2, 1 (d) 1, 5, 2, 4, 3

84. 1, 1, 4, 8, 9, 27, 16, ?
(a) 20 (b) 64 (c) 4 (d) 6

85. LMP, QRU, _?_ , ABE
(a) VWZ (b) WXZ (c) VWY (d) VWA

86. 9, 18, 36, 72, ?
(a) 112 (b) 144 (c) 156 (d) 86

87. নীচের কোনটি প্রদত্ত সেটের থেকে আলাদা? প্রদত্ত সেট: (8, 56, 72)
(a) (5, 30, 35) (b) (7, 56, 63) (c) (6, 42, 54) (d) (3, 15, 24)

**নির্দেশ (88 to 90):** *অমিল বিকল্পটি খুঁজে বের করুন।*

88. (a) 62, 4 (b) 67, 4 (c) 31, 8 (d) 124, 2

89. (a) Parrot (b) Bat (c) Eagle (d) Crow

90. (a) 91 (b) 101 (c) 28 (d) 49

91. নীচের শব্দটির বর্ণগুলি দ্বারা কোনটি গঠন করা যাবে না?
CHOREOGRAPHY

*এরপর কুড়ির পাতায়*

## পি এস সি-র মাধ্যমে ২৯৫৪

## আই সি ডি এস সুপারভাইজর

### নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

73(a): RENT ROSE REST READ

74(c):




75(d): $D \xrightarrow{+4} H$, $G \xrightarrow{+4} K$, $J \xrightarrow{+4} N$
কিন্তু, $T \xrightarrow{-4} P$

76(c): যদি কোনও সংখ্যার সবগুলি অঙ্কের সমষ্টি 9 দ্বারা বিভাজ্য হয় তবে সংখ্যাটি 9 দ্বারা বিভাজ্য হবে।
4 + 5 + 6 + 1 + 3 + * = 19 + *
* = 8 হলে 19 + 8 = 27— 9 দ্বারা বিভাজ্য হয়।

77(a): সংখ্যাদু'টির গুণফল = গ.সা.গু. × ল.সা.গু. = 24 × 288
অপর সংখ্যা = $\frac{\text{গুণফল}}{\text{প্রদত্ত সংখ্যা}} = \frac{24 \times 288}{72} = \frac{288}{3} = 96.$

78(b): $0.25 = \frac{25}{100}$, $0.1 = \frac{1}{10}$, $0.125 = \frac{125}{1000}$
নির্ণেয় সময় = ল.সা.গু. $\left(\frac{25}{100}, \frac{1}{10}, \frac{125}{1000}\right) = \left(\frac{1}{4}, \frac{1}{10}, \frac{1}{8}\right)$ মিনিট
$= \frac{(1, 1, 1)\text{-এর ল.সা.গু.}}{(4, 10, 8)\text{-এর গ.সা.গু.}} = \frac{1}{2}$ মিনিট = 30 সেকেন্ডে।

79(d): (3 + 5) – 4 → 52, 4 → 52, 1 → 13
ক্ষুদ্রতম সংখ্যা → 3 → 3 × 13 → 39.

80(b): দূরত্ব = মোট সময় × $\frac{\text{বেগদু'টির গুণফল}}{\text{বেগদু'টির সমষ্টি}} = 2.5 \times \frac{36 \times 4}{36 + 4}$
$= \frac{5}{2} \times \frac{36 \times 4}{40} = 9$ km.

81(c): বেগ = 36 km/h = $36 \times \frac{5}{18} = 10$ m/s
মোট দূরত্ব = বেগ × সময় (ট্রেন + সেতু)-র দৈর্ঘ্য = 10 × 24 = 240

*এরপর কুড়ির পাতায়*




নীরব আলো

সম্পূর্ণ বিনামূল্যের

মাসিক অনলাইন ম্যাগাজিন

কবিতা, গল্প, ছোটগল্প,

ধারাবাহিক, অনুগল্প, অঙ্কন

আজই ডাউনলোড

করুন বিনামূল্যে

Free Download

আপনার লেখা প্রকাশিত করতে লেখা পাঠান

Email : helpekdn@gmail.com

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*উনিশের পাতার পর*

(a) GRAPH (b) OGRE (c) PHOTOGRAPHY (d) GEOGRAPHY

92. যদি একটি নির্দিষ্ট কোডে GAS-কে লেখা হয় HCV এবং WILL-কে লেখা হয় XKOP তবে BEND-কে কী লেখা হবে?

(a) PFPH (b) CFRU (c) CHQF (d) CGQH

93. '?' স্থানে কী সংখ্যা বসবে?




(a) 6 (b) 4 (c) 1 (d) 2

**নির্দেশ (94 to 96):** *একই সম্পর্কযুক্ত বিকল্প খুঁজে বের করুন।*

94. Disease : Medicine : Famine : ?

(a) Waterfall (b) Drought (c) River (d) Rainfall

95. 3 : 36 : : 9 : ?

(a) 88 (b) 108 (c) 77 (d) 121

96. CHG : GVI : : MPP : ?

(a) OST (b) OSP (c) GSV (d) PST

97. A ও B দুই ভাই। C এবং D দুই বোন। A-র ছেলে D-র ভাই। তাহলে B এবং C -র মধ্যে সম্পর্ক কী?

(a) কাকা (b) মামা (c) বাবা (d) দাদু

98. সঠিক বিকল্প খুঁজে শূন্যস্থান পূরণ করুন।

____ ____ aab ____ a ____ a ____ ba.

(a) bbabb (b) baaaa (c) ababa (d) bbaba

99. A, P, R, X, S এবং Z একটি সারিতে বসে আছে। S ও Z মাঝে আছে। A ও P শেষে আছে। যদি A-র বাঁদিকে R থাকে, তবে S-র উভয়দিকে কে কে আছে?

(a) R, Z (b) Z, A (c) Z, P (d) X, P

100. নীচের কোনটি জনসংখ্যা, শিক্ষক ও মহিলাদের মধ্যে সম্পর্ক বোঝাচ্ছে?



(a) (b) (c) (d)

### উত্তর

1(b), 2(a), 3(b), 4(a), 5(b) 6(a), 7(a), 8(d), 9(d), 10(b), 11(b), 12(b), 13(d), 14(b), 15(a), 16(d), 17(b), 18(a), 19(b), 20(b), 21(a), 22(b), 23(a), 24(b), 25(b), 26(b), 27(b), 28(d), 29(d), 30(a), 31(a), 32(a), 33(b), 34(b), 35(d), 36(b), 37(a), 38(b), 39(a), 40(d), 41(b), 42(c), 43(a), 44(c), 45(d), 46(c), 47(c), 48(d), 49(b), 50(c), 51(a), 52(d), 53(d), 54(d), 55(a), 56(d), 57(b), 58(d), 59(d), 60(a), 61(b), 62(b), 63(a), 64(d), 65(d), 66(c), 67(b), 68(a), 69(d), 70(b), 71(c), 72(c), 73(a), 74(c), 75(b), 76(c), 77(b), 78(a), 79(d), 80(a), 81(a), 82(a), 83(b), 84(b), 85(a), 86(b), 87(c), 88(b), 89(b), 90(b), 91(c), 92(d), 93(a), 94(d), 95(b), 96(d), 97(a), 98(c), 99(a), 100(b).

### সমাধান

51(a): সংখ্যাদু'টির অনুপাত = (50 + 40) : (50 – 40) = 90 : 10 = 9 : 1.

52(d): বড় সংখ্যাটি = x

$x \times (x - 10) = 6375 \therefore x = 85.$

53(d): 10 ইনিংসের রান = 49 + 10 (50 – 49) = 59.

54(d): সংখ্যা $= \frac{780-60}{12} = 60.$

55(a): মাতা ও পুত্রের বয়সের পার্থক্য = {(38 × 2) – (25 × 2)} = 26.

56(d): ভুলের হার $\Rightarrow \frac{(37.5-36)}{37.5} \times 100 \Rightarrow \frac{1.5}{37.5} \times 100 \Rightarrow 4\%.$

57(b): সংখ্যাগুলি = 12, 30 ও 6x

∴ ল.সা.গু. ⇒ 60x; 60x = 420 ∴ $x = \frac{420}{60} = 7$

∴ তৃতীয় সংখ্যা = 6x = 6 × 7 = 42.

58(d): বৃহত্তম সংখ্যা = 15 + (5 – 1) = 19.

59(d): দু'টি নল চৌবাচ্চাটিকে পূর্ণ করে $= \left(\frac{6 \times 3}{6+3}\right) = 2$ মিনিটে।

60(a): 20 জন লোক কাজটি করে $= \frac{6 \times 30}{20} = 9$ দিনে।

61(b): তারা একত্রে কাজটি করে $\left(\frac{6 \times 8}{6+8}\right) = 3\frac{3}{7}$ ঘণ্টা।

62(b): সংখ্যাদু'টির অনুপাতের গুণফল $= \frac{714}{17} = 42$

42 = 2 × 21 = 3 × 14 = 6 × 7

তিন অঙ্কের সংখ্যাগুলি হল = 6 × 17 এবং 7 × 17 = 102 এবং 119

[কারণ সংখ্যা ⇒ অনুপাত × গ.সা.গু.]

63(a): 5 মিনিট দেরি, ও 10 মিনিট আগে সমান সময়

পার্থক্য = (5 + 10) = 15 মিনিট

স্থানটির দূরত্ব $= \frac{5 \times 4 \times 15}{60} = 5$ কিলোমিটার।

64(d): ট্রেনটির গতিবেগ $= \frac{150}{6} \times \frac{18}{5} = (90 - 6) = 84$ কিলোমিটার।

65(d): সমস্ত টাকা $= \frac{133}{(100-5)} \times 100 = \frac{133}{95} \times 100 = 7 \times 20 = 140$ টাকা।

## পি এস সি-র মাধ্যমে ২৯৫৪

## আই সি ডি এস সুপারভাইজর

### নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*উনিশের পাতার পর*

সেতুর দৈর্ঘ্য = 240 – 110 = 130 মিটার।

82(b): কার্পেটের দৈর্ঘ্য $= \frac{\text{মেঝের ক্ষেত্রফল}}{\text{কার্পেটের প্রস্থ}} = \frac{20 \times 12}{3/4}$

$= \frac{20 \times 12 \times 4}{3} = 320$ m

[কার্পেটের প্রস্থ = 75 cm $= \frac{75}{100}$ m $= \frac{3}{4}$ m

খরচ = 320 × 50 = 16000 টাকা।

83(c): (2 + 1) গুণ → 14 দিন

3 → 14, 1 → 3 × 14 = 42

A(2 গুণ) $= \frac{42}{2} = 21$ দিন।

84(d): 31 — 32.50 — 36

36 – 32.50 = 3.5    32.5 – 31 = 1.5

অনুপাত $= \frac{3.5}{1.5} = \frac{35}{15} = 7 : 3.$

85(c): ক্রয়মূল্য $= \frac{100}{100-7} \times 279 = \frac{100}{93} \times 279 = 100 \times 3 = 300$ টাকা।

86(b): 1829-কে 12 দ্বারা ভাগ করলে 5 ভাগশেষ হয়।

নির্ণেয় সংখ্যা = 1829 – 5 = 1824.

87(a): শিক্ষিকার বয়স = 31 × 6 – 30 × 5 = 186 – 150 = 36 বছর।

88(d): t বছর পরে মায়ের বয়স পুত্রের বয়সের y গুণ হবে

বর্তমানে x গুণ হলে পুত্রের বর্তমান বয়স $= \frac{t(y-1)}{x-y} = \frac{3(4-1)}{5-4} = 9$ বছর

[t = 3, x = 5, y = 4]

89(d): বার্ষিক সুদের হার $= \frac{100 \times \text{সরল সুদ}}{\text{আসল} \times \text{বছর সংখ্যা}} = \frac{100 \times 81}{450 \times 4}$

$= \frac{10 \times 81}{45 \times 4} = \frac{5 \times 9}{5 \times 2} = \frac{45}{10} = 4.5\%.$

90(a): লভ্যাংশের অনুপাত = বিনিয়োগের অনুপাত = 2700 : 8100 : 7200

= 27 : 81 : 72 = 3 : 9 : 8

রণিতার অংশ $= 9 = \frac{9}{3+9+8} = \frac{9}{20}$ অংশ = ₹ 3600

$1 \to$ ₹ $\left(3600 \times \frac{20}{9}\right) =$ ₹ 8000 = মোট লাভ।

91(b): 1 মিনিটে A নলদ্বারা চৌবাচ্চার $\frac{1}{30}$ অংশ ও B নলদ্বারা $\frac{1}{45}$ অংশ পূর্ণ হয়

(A + B) দ্বারা $\frac{1}{30} + \frac{1}{45} = \frac{3+2}{90} = \frac{5}{90} = \frac{1}{18}$ অংশ পূর্ণ হয়

চৌবাচ্চা পূর্ণ হওয়ার সময় = 18 মিনিট।

92(d): অপর জনের প্রাপ্তি (100 – 41)% = 59%

(59 – 41)% = 2412 ⇒ 18% = 2412

$\Rightarrow 100\% = \frac{2412}{18} \times 100 = 13400.$

93(c): A-র বেতন B -র তুলনায় r% কম হলে B -র বেতন A-র তুলনায় $\left(\frac{r}{100-r} \times 100\right)\%$ বেশি হবে $= \left(\frac{20}{100-20} \times 100\right)\%$

$= \left(\frac{20}{80} \times 100\right)\% = \frac{100}{4}\% = 25\%.$

94(a): বেতন = ₹ $\left(\frac{4800 \times 100 \times 100}{(100-4)(100-20)}\right) =$ ₹ $\left(4800 \times \frac{100}{96} \times \frac{100}{80}\right)$

= ₹ $\left(50 \times 100 \times \frac{5}{4}\right) =$ ₹ 6250.

95(c): সময় $= \frac{10 \times 15}{10+15} = \frac{150}{25} = 6$ ঘণ্টা।

96(b): (3y – 4x)-এর সর্বোচ্চ মানের জন্য y-এর সর্বোচ্চ মান (3) এবং x-এর সর্বনিম্ন মান (–1) নিতে হবে।

3y – 4x = 3.3 – 4. (– 1) = 9 + 4 = 13.

97(d): (3y – 4x)-এর লঘিষ্ঠ মানের জন্য y-এর নিম্নতম মান (1) এবং x-এর সর্বোচ্চ মান (3) নিতে হবে।

3y – 4x = 3.1 – 4.3 = 3 – 12 = – 9.

98(c): $7^2 = 49$-এর এককের ঘরে 9, $7^4 = (7^2)^2$-এর এককের ঘরে $9^2$ বা, 1 হবে।

$7^{27} = (7^4)^6 \times 7^2 \times 7 = 1 \times 9 \times 7 = 3$ হবে,

$3^2 = 9$, $3^4 = 9^2$-এর এককের ঘরে 1;

$3^{14} = (3^4)^3 \times 3^2 = 1 \times 9 = 9$ হবে।

$(7^{27} - 3^{14})$ : ** 3 (–) ** 9 = 4 হবে।

99(b): (5, 6, 7, 8) দ্বারা নিঃশেষে বিভাজ্য ক্ষুদ্রতম সংখ্যা = (5, 6, 7, 8) -এর ল.সা.গু. = 840 বা তার গুণিতক = 1680

3 ভাগশেষ থাকবে এরূপ সংখ্যা = (840 + 3), (1680 + 3) = 843, 1683-এর মধ্যে 1683 সংখ্যাটি 11 দ্বারা বিভাজ্য যার অযুগ্ম স্থানের অঙ্কের সমষ্টি (3 + 6 = 9)

= যুগ্ম স্থানের অঙ্কের সমষ্টি (8 + 1 = 9).

100(a): (5, 6, 8, 9 এবং 12)-র ল.সা.গু. = 360

অর্থাৎ প্রতি 360 সেকেন্ড = 6 মিনিট অন্তর একসঙ্গে বাজবে।

ঘণ্টায় $\frac{60}{6} = 10$ বার একসঙ্গে বাজবে।

*প্রস্তুত করেছেন: পলাশ কান্তি মণ্ডল ও ডঃ শক্তিপদ নন্দ*

66(c): সরল সুদ $= \frac{100}{2} = 50$ টাকা

∴ জটিল সুদ $= 50 + 50 + \frac{50 \times 5}{100} = 102.50$ টাকা।

67(b): A-র আয় : B-র আয়

30% : 22%

22 : 33

⇒ 2 : 3

∴ B -এর আয় $= 660 \times \frac{3}{2} = 990$ টাকা।

68(a): ক-এর মাসিক আয় = (47 + 50 + 38) – 2 × 50 = 35 টাকা।

69(d): বৃহত্তম সংখ্যা = 5430

ক্ষুদ্রতম সংখ্যা = 3045

পার্থক্য = 2385

70(b): (100 – 75)% = 75

∴ 25% = 75, 100% $= \frac{75}{25} \times 100 = 300.$

71(c): 12 কিলোগ্রাম চালের দাম $= \frac{240}{8} \times 12 = 360$ টাকা।

72(c): $a^2 - b^2 = (a + b)(a - b)$

∴ বর্গের অন্তর = 20 × 8 = 160.

73(a): বর্গক্ষেত্রের পরিসীমা : কর্ণ = 4 × বাহু : বাহু $\sqrt{2} = 4 : \sqrt{2} = 2\sqrt{2} : 1.$

74(c): নতুন ক্ষেত্রফল = (10 + 10 × 10%) × (10 – 10 × 20%)

= 11 × 8 = 88

∴ ক্ষেত্রফল হ্রাস = (100 – 88) = 12%.

75(b): ধরি, পিতা ও পুত্রের বয়স 7x ও x

∴ 7x × x = 175, x = 5

∴ বর্তমানে পিতা ও পুত্র = 7 × 5 ও 5 × 1 = 35 ও 5

∴ 10 বছর পর অনুপাত = (35 + 10) : (5 + 10) = 45 : 15 = 3 : 1.

76(c): জল মেশাতে হবে $= \frac{5 \times (45-25)}{25} = 4$ লিটার।

77(b): পাশ নম্বর (140 + 20) = 160

∴ মোট নম্বর $= \frac{160}{40} \times 100 = 400.$

78(a): $\frac{3}{5} \times \frac{4}{7} \times \frac{7}{9} \times 1380 = 368.$

79(d): বিশুদ্ধ সোনা $= \frac{100 \times 100}{(100+20)} = \frac{100 \times 100}{120} = 83\frac{1}{3}\%.$

80(a): বিক্রয়মূল্যের ওপর ক্ষতি $= \frac{10 \times 100}{100-10} = \frac{10 \times 100}{90} = 11\frac{1}{9}\%.$

81(a): ÷ = K/× = P/ + = L/– = N

36 K 6 P 5 L 7 N 3

= 36 ÷ 6 × 5 + 7 – 3 = 6 × 5 + 7 – 3 = 34.

82(a): $5^3 + 2^3 = 133/7^3 + 3^3 = 370/9^3 + 4^3 =$ 793

84(b):

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | 1 | 4 | 8 | 9 | 27 | 16 | 64 |
| ↑ | ↑ | ↑ | ↑ | ↑ | ↑ | ↑ | ↑ |
| $1^2$ | $1^3$ | $2^2$ | $2^3$ | $3^2$ | $3^3$ | $4^2$ | $4^3$ |

85(a):

| | | |
|---|---|---|
| L | M | P |
| +5↓ | +5↓ | +5↓ |
| Q | R | U |
| +5↓ | +5↓ | +5↓ |
| V | W | Z |

86(b): 9 → 18 → 36 → 72 → 144 (×2, ×2, ×2, ×2)

87(c): 8 (×7) 56, 8 (×9) 72; 6 (×7) 42, 6 (×9) 54

88(b): বাকিগুলির গুণফল = 248.

89(b): Bat ⇒ স্তন্যপায়ী।

90(b): 101 ⇒ মৌলিক।

91(c): T অক্ষরটি মূল শব্দে নেই।

92(d):

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| G | A | S | B | E | N | D |
| ↓+1 | ↓+2 | ↓+3 | ↓+1 | ↓+2 | ↓+3 | ↓+4 |
| H | C | V | C | G | Q | H |

95(b): 3 × 12 = 36/9 × 12 = 108.

96(d):

| | | | | | |
|---|---|---|---|---|---|
| C | H | G | M | P | P |
| ↓+4 | ↓+3 | ↓+2 | ↓+4 | ↓+3 | ↓+2 |
| G | K | I | P | S | T |

98(c): a b a/ab a /a b a/ a ba.

99(a): ↑ ডানদিক P X Z S R A ↑ বাঁদিক

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ডে ২১৮৯

*প্রথম পাতার পর*

প্রার্থী বাছাই হবে দুই পর্বের পরীক্ষা এবং কম্পিউটার স্কিল টেস্টের মাধ্যমে। প্রথম পর্বে ১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে এইসব বিষয়ে: ইংরেজি, রিজনিং এবিলিটি, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে। প্রিলিমিনারি পরীক্ষা ৩১ অগস্ট এবং ১ সেপ্টেম্বর। কললেটার ডাউনলোড করতে হবে ২১ অগস্ট থেকে ১ সেপ্টেম্বরের মধ্যে।

প্রিলিমিনারি পরীক্ষায় সফলদের মেন পরীক্ষায় ডাকা হবে। এই পরীক্ষার দু'টি অংশ— অবজেক্টিভ এবং ডেসক্রিপটিভ। অবজেক্টিভ অংশে রিজনিং/ইন্টেলিজেন্স, জেনারেল/ইকনমি/ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস, ইংরেজি ও কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ে মোট ১৫০টি প্রশ্ন হবে, মোট নম্বর ২০০। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে। সময় ২ ঘণ্টা।

দ্বিতীয়াংশে থাকবে ডেসক্রিপটিভ টাইপ প্রশ্ন। এক্ষেত্রে থাকবে ইংরেজিতে লেটার রাইটিং, প্রেসি ও কম্প্রিহেনশন। নম্বর ৩০। সময় ৪৫ মিনিট। মেন পরীক্ষার দিনক্ষণ পরে জানিয়ে দেওয়া হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে ২১ জুলাইয়ের মধ্যে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.epfindia.gov.in অথবা https://www.epfindia.gov.in/site_en/index.php

আবেদনের ফি ৫০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী এবং মহিলা প্রার্থীদের ক্ষেত্রে ফি ২৫০ টাকা। ডেবিট বা ক্রেডিট কার্ড বা ক্যাশ কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা আই এম পি এস অথবা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে।

প্রার্থীর পাসপোর্ট মাপের ফটো, সই, বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ এবং নির্দিষ্ট বয়ানে নিজের হাতে লেখা 'ডিক্লারেশন' স্ক্যান করে অনলাইন দরখাস্তে আপলোড করতে হবে।

পরীক্ষাকেন্দ্র-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখবেন উপরোক্ত ওয়েবসাইট।

# নদিয়ায় ডেটা এন্ট্রি অপারেটর ও অ্যাকাউন্ট্যান্ট

ডেটা এন্ট্রি অপারেটর এবং অ্যাকাউন্ট্যান্ট পদে ২৭ জনকে নেবে নদিয়া জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ও কালেক্টর অফিস। রূপশ্রী প্রকল্পের অধীনে চুক্তিতে নিয়োগ করা হবে। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 181/DPMU (KP).

শূন্যপদের বিবরণ: **ডেটা এন্ট্রি অপারেটর:** ২৩টি (সাধারণ ৬, সাধারণ-ই সি ৪, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১, সাধারণ- দৈহিক প্রতিবন্ধী ১, তফসিলি জাতি ৪, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি জাতি-ই সি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১, ও বি সি-এ-ই সি ১, ও বি সি-বি ১, ও বি সি-বি-ই সি ১) শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে এবং কম্পিউটারে এম এস অফিসের ব্যবহার জানতে হবে। এর পাশাপাশি কোনও সরকারি সংস্থা বা এন জি ও-য় সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**অ্যাকাউন্ট্যান্ট:** ৪টি (সাধারণ ১, সাধারণ-ই সি ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: অনার্স-সহ কমার্সে স্নাতক, সঙ্গে স্প্রেড শিট, ট্যালি ও প্রেজেন্টেশন তৈরি এবং কম্পিউটার এম এস অফিসের ব্যবহার জানতে হবে। এর পাশাপাশি কোনও সরকারি সংস্থা বা এন জি ও-য় সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** উভয় ক্ষেত্রেই ১-১-২০১৯ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

বেতন: প্রতি মাসে ডেটা এন্ট্রি অপারেটর পদের ক্ষেত্রে ১১,০০০ টাকা এবং অ্যাকাউন্ট্যান্ট পদের ক্ষেত্রে ১৫,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, কম্পিউটার টেস্ট এবং পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স, জেনারেল মেন্টাল এবিলিটি, অ্যারিথমেটিক, ইংলিশ বিষয়ে। অ্যাকাউন্ট্যান্ট পদের ক্ষেত্রে থাকবে অতিরিক্ত অ্যাকাউন্ট্যান্সি বিষয়ক প্রশ্ন।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nadia.gov.in ইংরেজি বড় হাতের অক্ষরে পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন— ✓প্রার্থীর দু'কপি রঙিন পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। এর মধ্যে একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা ও যথাযথ মূল্যের ডাকটিকিট সাঁটানো দু'টি খাম।

দরখাস্ত-ভরা খামের উপর লিখবেন 'Application for Accountant/Data Entry Operator, Rupashree Prakalpa'. প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ১০ জুলাইয়ের মধ্যে সরাসরি বা সাধারণ ডাক অথবা স্পিড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Chairman, District Selection Committee, Rupashree Prakalpa, Nadia, Office of the District Magistrate & Collector, District Project Management Unit (DPMU), Rupashree Prakalpa, Nadia, Pin-741101.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রায়পুর এইমসে ২০০ নার্সিং অফিসার

*প্রথম পাতার পর*

হবে। সব ক্ষেত্রেই স্টেট বা ইন্ডিয়ান নার্সিং কাউন্সিলে নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে প্রার্থীর নাম অবশ্য নথিভুক্ত থাকতে হবে।

**বয়স:** ২১-৭-২০১৯ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা অগস্ট মাসে। পরীক্ষা হবে দু'টি পার্টে। প্রথম পার্টে থাকবে নার্সিং বিষয়ে প্রশ্ন (৮০ নম্বর) এবং দ্বিতীয় পার্টে থাকবে জেনারেল অ্যাপ্টিটিউড অ্যান্ড জেনারেল অ্যাওয়্যারনেস (১০ নম্বর) ও বেসিক কম্পিউটার নলেজ অ্যান্ড নার্সিং ইনফর্মেটিক্স (১০ নম্বর) বিষয়ে প্রশ্ন। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsraipur.edu.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২১ জুলাই। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ৮০-১০০ কেবি সাইজের মধ্যে) এবং কালো কালির বলপেনে করা সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ৫০-৮০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৮০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে লাগবে না। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের সাহায্যে ফি জমা দিতে হবে। অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করার পর রেজিস্ট্রেশন স্লিপের এক কপি প্রিন্ট আউট এবং ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

কোনও সমস্যার সম্মুখীন হলে মেল করতে পারেন এই আই ডি-তে: recruitment@aiimsraipur.edu.in ফোন: ০৭৭১-২৫৭৭২৬৭। দরখাস্ত পূরণের ক্ষেত্রে কোনও অসুবিধায় পড়লে মেল করতে পারেন এই আই ডি-তে: helpdesk.aiimsraipur@gmail.com ফোন: ৭৫৫৪০-৩১৪২৭, ৭০০০৬-৬৯৫৩৫। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# চাকরি মেলা

**নিজস্ব প্রতিনিধি:** জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট আয়োজন করলেন দু'দিনের চাকরি মেলা। ২৬ ও ২৭ জুন, শিয়ালদায় প্রতিষ্ঠানের মূল প্রশিক্ষণ কেন্দ্রে।

জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউটের পক্ষ থেকে জানানো হয়েছে, অটো-মোবাইল ইঞ্জিনিয়ারিং, এয়ারকন্ডিশনিং অ্যান্ড রেফ্রিজারেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক অ্যাপ্লায়েন্সেস, চিপ লেভেল ল্যাপটপ রিপেয়ারিং, সোলার পাওয়ার টেকনোলজি, ইন্টিরিয়র ডিজাইনিং, ফ্রন্ট অ্যান্ড ব্যাক অফিস ম্যানেজমেন্ট-সহ জর্জ টেলিগ্রাফের বিভিন্ন পেশাদারি কোর্সে প্রশিক্ষিতদের চাকরি হয়েছে এই চাকরি মেলায়। চাকরি হয়েছে টাটা মোটরস, মারুতি সুজুকি, মাহিন্দ্রা অ্যান্ড মাহিন্দ্রা, হন্ডা, বাজাজ অটো, গোদরেজ, এল জি, ভোল্টাস, ডাইকিন, রিলায়েন্স, জিও, ওয়ার্লপুল, ডেল, ফিউচার গ্রুপ, টাইটান-সহ বিভিন্ন সংস্থায় বলে সংস্থার তরফে জানানো হয়েছে।


**2-YEAR DIPLOMA IN PHARMACY**
(Approved by pharmacy council of India)

- Eligibility: 10+2 with Physics, Chemistry, Biology/Mathematics
- Age: Minimum 17 Years. Maximum no bar

Special Features: • Class/practical sessions once a week (Sunday) • Modest fee • AC Classroom • Comprehensive Study Materials • Increasing employment opportunities • Placement assistance will be given to each candidates.

**Limited seats, admission on first-cum-first serve basis.**

For admission and further information, Pl. contact:
MNG Healthcare (Division of Mahendra Nath Ghosh Educational & Welfare Trust), 9/5, Feeder Road, Rathtala, Belgharia, Kolkata- 56.
Ph- 033-2544-3355, M-70440 29058 / 79801 91435
Email- rajat@mngacademy.in Website- www.mngacademy.in



**Enterprise Development Institute**
NETAJI SUBHAS OPEN UNIVERSITY
Study Centre (P-01)
Plot-IB-194, Sector-III, Salt Lake, Kolkata-700106
Website- www.edikolkata.com

New **Training Programmes**
(3 months, 3 days a week)

| Digital Marketing | Packaging Management | Pharmacology Management | ERP |
|---|---|---|---|

Eligibility: 10+2 passed person

HIGHLIGHTS
• Upto date training Infrustructure • Resource persons/Faculty from Academia & Industry • Industrial Exposure Practical Training • Special workshops/Seminars/Trade fair • Hand holding support to Entrepreneurs • LIMITED SEATS

For admission contact: (033) 2335-7681 / 2335-7258 / (M) 89020-33799 (10 am to 6 pm)



**জীবিকার লক্ষ্যে কর্মমুখী শিক্ষা কোর্সে ভর্তি চলছে!**

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট (UGC, Govt.) প্রণবানন্দ ইনস্টিটিউট ম্যানেজমেন্ট টেকনোলজি (PIMT), ভারত সেবাশ্রম সঙ্ঘ তত্ত্বাবধানে কর্মমুখী ডিপ্লোমা কোর্স (HS/1yr)

♦ প্রি-প্রাইমারি মন্টেসরি টিচার্স এডুকেশন ♦ টেলারিং ও ড্রেস ডিজাইনিং ♦ যোগা ♦ ফায়ার সেফটি সিকিউরিটি ম্যানেজমেন্ট ♦ বিউটিশিয়ান ♦ Office Mngt. ♦ E-accounting, GST ♦ Gym Sports Mngt.

স্টাডি সেন্টার: Kolkata-9830216056, Diamond Harbour-9331256934, Hridaypur-8334079669, Burdwan-9679711007, Raigunge-9382878853, Malda-9732593561, Khatra Bankura-8348297129

Helpline: www.pimtonline.in / 9830216056

Bengali / English Medium, Online Classes



**সুকৃত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টার-এ স্টাইপেন্ড সহ সরকারি কোর্স**

অপথালমিক কেয়ার টেকনোলজি সার্টিফিকেট প্রোগ্রাম
(মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি /MAKAUT , পূর্বে পরিচিত - ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ টেকনোলজি দ্বারা স্বীকৃত)

(১) জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট
(২) অ্যানেস্থেসিয়া টেকনিশিয়ান
(ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন/NSDC দ্বারা স্বীকৃত)

কোর্সের মেয়াদকাল : ৬ মাস।
শিক্ষাগত যোগ্যতা : ১২ পাশ।
বয়সসীমা : ১৮ থেকে ৩৫ বছর।
কোর্স ফি : ১০,০০০ টাকা।
৬ মাসের জন্য
স্টাইপেন্ড : ১,০০০ টাকা।

প্রবেশিকা পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ৮০% স্কলারশিপের ব্যবস্থা।

ট্রেনিং সেন্টার : সুকৃত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টার (সল্টলেক ও বহরমপুর)।
যোগাযোগ : 8622980053, 9875579240, 8926920049
(সোম থেকে শনি- সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৬ টা)



**Basix Sub-K iTransactions Limited** Sub-K

is a Business Correspondence Company serving reputed Commercial Banks in 24 states recruiting passionate candidates to work in the field operation for MSME Segment.

| | FIELD EXECUTIVE | CSR |
|---|---|---|
| QUALIFICATION | MBA/GRADUATION, EXPERIENCE PREFERABLE | Graduate/12TH EXPERIENCE PREFERABLE |
| Salary Per Month | Rs. 17,600 + TADA | Rs.13,700 PLUS INCENTIVE |

Location: Kolkata, 24 PGS(N&S), Interview starting from 4th July to 12th July

● Interested Candidates can attend the interview at below mention address with updated CV and all educational and personal proof.

Address: Golders green complex, Block-FG, Flat no-3, VIP Road, Kaikhali, Kolkata-52
Contacts: Partha-9589017984, parthasarathi.m@subk.co.in
Johir-9851003786, career@subk.co.in



মাধ্যমিক, উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য বিশেষ সুযোগ

**সরকারি যোজনায় স্বাস্থ্য পরিষেবায় চাকরিমুখী ট্রেনিং**

**নিজস্ব প্রতিনিধি :** কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন অনুমোদিত স্বাস্থ্য পরিষেবা বা, প্যারামেডিক্সের ৬টি বিশেষ চাকরিমুখী কোর্সের ট্রেনিং দিচ্ছে এক্সেল মেডিস্কিল হেল্থ কেয়ার ইনস্টিটিউট। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য : (১) এক্স-রে টেকনিশিয়ান, (২) এমার্জেন্সি মেডিক্যাল টেকনিশিয়ান, (৩) বেসিক হেল্থ কেয়ার কোর্স আর উচ্চমাধ্যমিক বিজ্ঞান বিভাগের ছেলেমেয়েদের জন্য : (১) মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ান, (২) অ্যাসিস্ট্যান্ট ফিজিওথেরাপিস্ট, (৩) রেডিওলজি ল্যাবরেটরি টেকনিশিয়ান। আবেদনপত্র দেওয়া ও কাউন্সেলিং শুরু হয়েছে। বয়স হতে হবে ১৮-৪৫ বছরের মধ্যে। আধার কার্ড থাকা বাধ্যতামূলক। বিস্তারিত জানতে ফোন করুন কলকাতা ও জেলার সেন্টারগুলিতে। সোদপুর, বারাসাত, নিউআলিপুর সেন্টারের জন্য : ৯০৭৩৯৪৩৪৯১, ৯০৭৩৯৪৩৪৯৭। শিলিগুড়ি : ৯০৫১০১৩৫০২, মালদা : ৯০৫১০১৩৫০১, দুর্গাপুর : ৯৮৭৪৭৪৭০৩০, হাওড়া : ৯০৫১০১৩৫০৪, ব্যারাকপুর : ৯৮৭৪৬৪৪১১৬, জলপাইগুড়ি : ৯৮৭৪৬৪৪১১৫, কোচবিহার : ৯৮৭৪৬৪৪১১৪, দঃ ২৪ পরগনা : ৯৮৭৪৬৪৪১১২। কোর্স শেষে কাজের সহায়তা করা হবে। আসন সংখ্যা সীমিত। কোর্স ফি সকলের সাধ্যের মধ্যে।

Advt


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# স্টিল অথরিটিতে ১৮৮

*প্রথম পাতার পর*

জাতি ২, তফসিলি উপজাতি ৩, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। ইলেক্ট্রিক্যাল: ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ইলেক্ট্রনিক্স: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ইনস্ট্রুমেন্টেশন: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। মোট শূন্যপদের মধ্যে ৭টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক। সঙ্গে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বছর মেয়াদের ডিপ্লোমা। **বয়স**: ৩১-৭-২০১৯ তারিখে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে।

প্রথমে ২ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড: প্রতি মাসে প্রথম বছরে ১০,৭০০ টাকা এবং দ্বিতীয় বছরে ১২,২০০ টাকা। সফলভাবে ট্রেনিং শেষের পর বেতনক্রম ১৬,৮০০-২৪,১১০ টাকা।

**অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান ট্রেনি**: ফিটার: ১৯টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৪, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি, শ্রবণ ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক। সঙ্গে ফিটার ট্রেডে আই টি আই কোর্স পাশ। **বয়স**: ৩১-৭-২০১৯ তারিখে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে।

প্রথমে ২ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড: প্রতি মাসে প্রথম বছরে ৮,৬০০ টাকা এবং দ্বিতীয় বছরে ১০,০০০ টাকা। সফলভাবে ট্রেনিং শেষে নিয়োগের পর বেতনক্রম ১৫,৮৩০-২২,১৫০ টাকা।

**ফায়ার অপারেটর (ট্রেনি)**: ২৫টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৫, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ স্নাতক, সঙ্গে নাগপুরের ন্যাশনাল ফায়ার সার্ভিসেস কলেজ থেকে সাব-অফিসার কোর্স পাশ। এর পাশাপাশি বৈধ হেভি মোটর ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। বয়স: ৩১-৭-২০১৯ তারিখে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে।

প্রথমে ২ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড: প্রতি মাসে প্রথম বছরে ১০,৭০০ টাকা এবং দ্বিতীয় বছরে ১২,২০০ টাকা। সফলভাবে ট্রেনিং শেষে নিয়োগের পর বেতনক্রম ১৬,৮০০-২৪,১১০ টাকা।

**ফায়ারম্যান-কাম-ফায়ার ইঞ্জিন ড্রাইভার (ট্রেনি)**: ৮১টি (সাধারণ ৩৩, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ১৮, ও বি সি ৯, আর্থিকভাবে অনগ্রসর ৮)। এর মধ্যে ১২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে বৈধ হেভি মোটর ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। এর পাশাপাশি হেভি মোটর ভেহিক্যল চালানোর ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩১-৭-২০১৯ তারিখে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে।

প্রথমে ২ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড: প্রতি মাসে প্রথম বছরে ৮,৬০০ টাকা এবং দ্বিতীয় বছরে ১০,০০০ টাকা। সফলভাবে ট্রেনিং শেষে নিয়োগের পর বেতনক্রম ১৫,৮৩০-২২,১৫০ টাকা।

**অপারেটর-কাম-টেকনিশিয়ান (বয়লার অপারেটর)**: ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণ ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক। সঙ্গে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা কেমিক্যাল বা পাওয়ার প্ল্যান্ট বা প্রোডাকশন বা ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছর মেয়াদের ডিপ্লোমা। এর পাশাপাশি প্রথম শ্রেণির বয়লার অ্যাটেন্ড্যান্ট কম্পিটেন্সি সার্টিফিকেট থাকতে হবে। **বয়স**: ৩১-৭-২০১৯ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ১৬,৮০০-২৪,১১০ টাকা।

**এক্সিকিউটিভ: ম্যানেজমেন্ট ট্রেনি-ফায়ার (ই-ওয়ান)**: ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ ফায়ার ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। বয়স: ৩১-৭-২০১৯ তারিখে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। ট্রেনিং ১ বছরের।

**জুনিয়র ম্যানেজার-কোয়ালিটি টেস্টিং আল্ট্রাসোনিক (ই-ওয়ান)**: ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ মেটালার্জিতে স্নাতক, সঙ্গে আল্ট্রাসোনিক টেস্টিংয়ে ইন্ডিয়ান সোসাইটি ফর ননডেস্ট্রাক্টিভ টেস্টিং বা আমেরিকান সোসাইটি ফর নন-ডেস্ট্রাক্টিভ টেস্টিং লেভেল থ্রি কোর্স পাশ। সেইসঙ্গে কোনও প্রোডাকশন ইউনিট বা ল্যাবরেটরি বা ইন্সপেকশন টেস্টিং এজেন্সিতে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স ৩১-৭-২০১৯ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ট্রেনিং ১ বছরের।

উভয় পদের ক্ষেত্রেই প্রথম ১ বছর বেতনক্রম ২০,৬০০-৪৬,৫০০ টাকা। এর পর বেতনক্রম ২৪,৯০০-৫০,৫০০ টাকা।

ফায়ার অপারেটর এবং ফায়ারম্যান-কাম-ফায়ার ইঞ্জিন ড্রাইভার পদে মহিলারা আবেদন করবেন না।

**দৈহিক মাপজোক**: ফায়ার অপারেটর ট্রেনি এবং ফায়ারম্যান-কাম-ফায়ার ইঞ্জিন ড্রাইভারের ক্ষেত্রে উচ্চতা ১৬৭ সেমি। ওজন হতে হবে অন্তত ৫০ কেজি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮১ সেমি ও ৮৬ সেমি। বাকি পদের ক্ষেত্রে উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৫৫ সেমি এবং মহিলাদের ক্ষেত্রে ১৪৩ সেমি। ওজন পুরুষদের ক্ষেত্রে অন্তত ৪৫ কেজি এবং মহিলাদের ক্ষেত্রে অন্তত ৩৫ কেজি হতে হবে।

এক্সিকিউটিভ ক্যাটেগরির ক্ষেত্রে বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে পুরুষদের ক্ষেত্রে যথাক্রমে ৭২ সেমি ও ৭৫ সেমি এবং মহিলাদের ক্ষেত্রে যথাক্রমে ৭৫ সেমি ও ৭৯ সেমি। ফায়ার অপারেটর ও ফায়ার ইঞ্জিন ড্রাইভার ছাড়া নন-এক্সিকিউটিভ ক্যাটেগরির ক্ষেত্রে বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে পুরুষদের ক্ষেত্রে যথাক্রমে ৭৫ সেমি ও ৭৯ সেমি এবং মহিলাদের ক্ষেত্রে যথাক্রমে ৭০ সেমি ও ৭৩ সেমি।

**দৃষ্টিশক্তি**: এক্সিকিউটিভ ক্যাটেগরি: দূরের ক্ষেত্রে চশমা-সহ বা চশমা ছাড়া উভয় চোখে ৬/৯ অথবা এক চোখে ৬/৬ এবং অন্য চোখে ৬/১২। কাছের ক্ষেত্রে উভয় চোখে জে ১। চশমার পাওয়ার প্লাস মাইনাস ৪.০ ডি-র বেশি হওয়া চলবে না। নন-এক্সিকিউটিভ ক্যাটেগরি: দূরের ক্ষেত্রে চশমা-সহ বা চশমা ছাড়া উভয় চোখে ৬/১২। কাছের ক্ষেত্রে উভয় চোখে জে ১ বা এন৬ হতে হবে। চশমার পাওয়ার প্লাস মাইনাস ৪.০ ডি-র বেশি হওয়া চলবে না। ফায়ার অপারেটর ট্রেনি এবং ফায়ারম্যান-কাম-ফায়ার ইঞ্জিন ড্রাইভার পদের ক্ষেত্রে দূরের ক্ষেত্রে চশমা ছাড়া উভয় চোখে ৬/৬। কোনও পদের ক্ষেত্রেই বর্ণান্ধতা ও রাতকানা রোগ থাকা চলবে না।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে ইন্টারভিউ বা ট্রেড টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষার সময়সীমা ২ ঘণ্টা। পরীক্ষাকেন্দ্র ভুবনেশ্বর, কটক, রৌরকেলা এবং সম্বলপুর।

সবক'টি পদের ক্ষেত্রেই তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sail.co.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১০ জুলাই থেকে ৩১ জুলাই পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জেপিজি বা জে পি ই জি ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (৫০ কেবি সাইজের মধ্যে), সই (২০ কেবি সাইজের মধ্যে) এবং প্রযোজ্য ক্ষেত্রে কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে অপারেটর-কাম-টেকনিশিয়ান ট্রেনি, বয়লার অপারেটর এবং ফায়ার অপারেটর ট্রেনি পদের ক্ষেত্রে ২৫০ টাকা, অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান ট্রেনি এবং ফায়ারম্যান-কাম-ফায়ার ইঞ্জিন ড্রাইভার ট্রেনি পদের ক্ষেত্রে ১৫০ টাকা এবং এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে ৫০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। অনলাইনে ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

অনলাইনে দরখাস্ত পূরণ করে সাবমিটের পর সিস্টেম জেনারেটেড রেজিস্ট্রেশন স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নৈনিতাল ব্যাঙ্কে ১০০ ক্লার্ক

*প্রথম পাতার পর*

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন পরীক্ষায় রিজনিং (৫০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (ব্যাঙ্কিং বিষয়ে গুরুত্ব-সহ) (৪০ নম্বর), কম্পিউটার নলেজ (২০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর) বিষয়ক অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময় ২ ঘণ্টা ২৫ মিনিট। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষাকেন্দ্রগুলি হল: উত্তরাখণ্ডের হলদোয়ানি, দেরাদুন, রুরকি, হরিদ্বার, উত্তরপ্রদেশের বরেলি, মিরাট, মোরাদাবাদ, লখনৌ, মুজফ্‌ফরনগর এবং দিল্লির নয়ডা, গ্রেটার নয়ডা, গাজিয়াবাদ।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nainitalbank.co.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৪ জুলাই পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং হাতে লেখা ডিক্লারেশন (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (জি এস টি-সহ)। ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ত্রো), ইন্টারনেট ব্যাঙ্কিং, আই এম পি এস (ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস), ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট এবং পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

# মালদায় ডেটা এন্ট্রি অপারেটর ও অ্যাকাউন্ট্যান্ট

ডেটা এন্ট্রি অপারেটর এবং অ্যাকাউন্ট্যান্ট পদে ২০ জনকে নেবে মালদা জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের অফিস। রূপশ্রী প্রকল্পের অধীনে চুক্তিতে নিয়োগ করা হবে। প্রার্থীকে অবশ্যই মালদা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 269 (II)/ DSW (MLD).

শূন্যপদের বিবরণ: **ডেটা এন্ট্রি অপারেটর**: ১৭টি (সাধারণ ৬, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ২, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, তফসিলি জাতি ৩, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ২, ও বি সি-বি ১)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে এবং কম্পিউটারে এম এস অফিসের ব্যবহার জানতে হবে। এর পাশাপাশি কোনও সরকারি সংস্থা বা এন জি ও-য় সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**অ্যাকাউন্ট্যান্ট**: ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: অনার্স-সহ কমার্সে স্নাতক, সঙ্গে স্প্রেড শিট, ট্যালি ও প্রেজেন্টেশন তৈরি এবং কম্পিউটার এম এস অফিসের ব্যবহার জানতে হবে। এর পাশাপাশি কোনও সরকারি সংস্থা বা এন জি ও-য় সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স**: উভয় ক্ষেত্রেই ১-১-২০১৯ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। **বেতন**: প্রতি মাসে ডেটা এন্ট্রি অপারেটর পদের ক্ষেত্রে ১১,০০০ টাকা এবং অ্যাকাউন্ট্যান্ট পদের ক্ষেত্রে ১৫,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, কম্পিউটার টেস্ট এবং পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স, জেনারেল মেন্টাল এবিলিটি, অ্যারিথমেটিক, ইংলিশ বিষয়ে। অ্যাকাউন্ট্যান্ট পদের ক্ষেত্রে থাকবে অতিরিক্ত অ্যাকাউন্ট্যান্সি বিষয়ক প্রশ্ন। পরীক্ষা ১৪ জুলাই, দুপুর ১২টা থেকে। অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ৯ থেকে ১৪ জুলাই পর্যন্ত।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.malda.gov.in দরখাস্তের শেষ তারিখ ৪ জুলাই।

দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

## কবে কোন পরীক্ষা

**বিজ্ঞপ্তি নম্বর ৬/২০১৮ অনুসারে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত** জুনিয়র সিভিলিয়ান ফিঙ্গার প্রিন্ট এক্সপার্ট পদে নিয়োগের ইন্টারভিউ গ্রহণ প্রক্রিয়া শুরু হবে ১১ জুলাই থেকে। ইন্টারভিউয়ের কললেটার ৪ জুলাই থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.pscwbonline.gov.in

□

**পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত ২০১৯-এর ওয়েস্ট বেঙ্গল** সিভিল সার্ভিসেস (মেন) এক্সামিনেশন ২৫ থেকে ২৮ জুলাই। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.pscwbonline.gov.in

# নৈনিতাল ব্যাঙ্কে ১৩০

*প্রথম পাতার পর*

অফিসার পদের ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। কম্পিউটার-জ্ঞান থাকা বাধ্যতামূলক। সেই সঙ্গে ব্যাঙ্ক বা কোনও আর্থিক প্রতিষ্ঠানে এক থেকে দু'বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

স্পেশ্যালিস্ট অফিসার গ্রেড স্কেল-ওয়ানের ক্রেডিট বিভাগের ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। এর পাশাপাশি, স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ফিনান্স বা ব্যাঙ্কিংয়ে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা করে থাকতে হবে। সি এ বা আই সি ডব্লু এ থাকলেও আবেদন করা যাবে। অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

এগ্রিকালচার বিভাগের ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচার বা অ্যানিম্যাল হাজবেন্ড্রি বা হর্টিকালচার বা ডেয়ারি সায়েন্সে বি এসসি বা এম এসসি।

ইনফর্মেশন টেকনোলজি বিভাগের ক্ষেত্রে কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বি ই বা বি টেক অথবা স্নাতকোত্তর ডিগ্রি। এম সি এ ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। কোনও আই টি কোম্পানি বা প্রতিষ্ঠানে এক থেকে দু'বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

পার্সোনেল বিভাগের ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বিজনেস ম্যানেজমেন্ট বা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে স্নাতকোত্তর ডিগ্রি অথবা হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ বিজনেস ম্যানেজমেন্টে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা। আইনে স্নাতক ডিগ্রি থাকলে অগ্রাধিকার। সংশ্লিষ্ট ক্ষেত্রে এক থেকে দু'বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

ল-এর ক্ষেত্রে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ আইনে তিন বা পাঁচ বছরের ডিগ্রি। ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

স্পেশ্যালিস্ট ক্রেডিট অফিসার গ্রেড স্কেল-টুর ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সি এ বা আই সি ডব্লু এ অথবা স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। পাশাপাশি, ব্যাঙ্ক বা কোনও আর্থিক প্রতিষ্ঠানে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স**: ৩১-৫-২০১৯ তারিখে প্রবেশনারি অফিসার ও স্পেশ্যালিস্ট অফিসার গ্রেড স্কেল ওয়ানের ক্ষেত্রে ২১ থেকে ২৮ বছরের মধ্যে এবং স্পেশ্যালিস্ট অফিসার গ্রেড স্কেল টুর ক্ষেত্রে ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

**বেতনক্রম**: প্রবেশনারি অফিসার ও স্পেশ্যালিস্ট অফিসার গ্রেড স্কেল ওয়ানের ক্ষেত্রে ২৩,৭০০-৪২,০২০ টাকা। স্পেশ্যালিস্ট অফিসার গ্রেড স্কেল টুর ক্ষেত্রে ৩১,৭০৫-৪৫,৯৫০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষা ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। স্পেশ্যালিস্ট অফিসার গ্রেড স্কেল ওয়ান এবং টু-এর ক্ষেত্রে অনলাইন পরীক্ষায় রিজনিং (৫০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর) ও সংশ্লিষ্ট বিষয়ে (৬০ নম্বর) প্রশ্ন হবে। সময় ২ ঘণ্টা ৩৫ মিনিট। প্রবেশনারি অফিসারের ক্ষেত্রে অনলাইন পরীক্ষায় থাকবে রিজনিং (৬০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (ব্যাঙ্কিং বিষয়ে গুরুত্ব-সহ) (৫০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর) বিষয়ে প্রশ্ন। সময় ২ ঘণ্টা ২৫ মিনিট। উভয় ক্ষেত্রে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষাকেন্দ্রগুলি হল: উত্তরাখণ্ডের হলদোয়ানি, দেরাদুন, রুরকি, হরিদ্বার, উত্তরপ্রদেশের বরেলি, মিরাট, মোরাদাবাদ, লখনৌ, মুজফ্‌ফরনগর এবং দিল্লির নয়ডা, গ্রেটার নয়ডা, গাজিয়াবাদ।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nainitalbank.co.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৪ জুলাই পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং হাতে লেখা ডিক্লারেশন (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে প্রবেশনারি অফিসার ও স্পেশ্যালিস্ট অফিসার গ্রেড স্কেল ওয়ানের ক্ষেত্রে ১,০০০ টাকা ও স্পেশ্যালিস্ট অফিসার গ্রেড স্কেল টুর ক্ষেত্রে ১,৫০০ টাকা। ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ত্রো), ইন্টারনেট ব্যাঙ্কিং, আই এম পি এস (ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস), ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট এবং পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad